
সনেট-পঞ্চাশৎ ও অস্থান্য কবিতা



(ও অভাভ কবিতা)

প্রমথ চৌধুরী

ইণ্ডিয়ান অ্যাসোসিয়েটেড পাবলিশিং কোম্পা্নি প্রাইভেট লি. ১৩ মহাত্মা গান্ধী রোড, কলিকাতা ৭

শ্রীপুলিনবিহারী সেন-কর্তৃক সম্পাদিত সনেট-পঞ্চাশৎ ও অস্তান্ত কবিতা - প্রকাশ ৭ আধিন ১৮৮১ শকান্ধ

সনেট-পঞ্চাশং - প্রকাশ ১৯১০ পদচারণ - প্রকাশ ১৯১৯ সনেট-পৃঞ্চাশং ও পদচারণ - 'গ্রন্থাবলী'র অস্তভ্ ক্র ১৯৩১

প্রক্রদশিলী শ্রীসত্যজিং রায়



প্রকাশক প্রীন্ধিতেন্দ্রনাথ মুগোপাধ্যায় ২৩ মহাত্মা গান্ধী রোড, কলিকাতা ৭

মূদ্রাকর গ্রীস্থনারায়ণ ভট্টাচাধ। ভাপসী প্রেস ৬০ কর্মওত্মালিস স্ত্রীট, কলিকাভ। ৬

পাচ টাকা

গ্রন্থসূচী

স্নেট-পঞ্চাশ্থ		2
পদচারণ		e÷
অন্তান্ত কবিত।	•	. 4 2
<u>এম্ব</u> পরিচয়		181

কবিতা-সূচী

সনেট-পঞ্চাশৎ

সনেট 🛩 🕆 .	٤
ভাস	ર
জয়দেব	ಀ
ভর্হরি	8
চোরককি	a
বসন্তদেনা	•
পত্ৰৈথা	٩
তাজমহল	ь
বা°লার ষমুন	જ
বানাভ্ শ	> 0
বালিক।-বধু	2 ;
বন্ধুর প্রতি 🔑	>=
ব্যৰ্থ জীবন 🛩	24
মান্ব-স্মাজ	26
হাসি ও কালা ৮	7
ধরণী 🏏	>
कांशनो हाना 🚩	2,
করবী	71
কাঠ-মলিকা	5:
রজনীগদা	٤ ،
গোলাপ্ণ	23
ধুত্বার ফুল	23
অপরাহ্ন 😿	રહ
ব্যর্থ বৈরাগ্য	২ ٤

षरश्य ।	• ૨૯
আত্মপ্রকাশ	২৬
বিশ্বরূপ ,	۶ ۱
শিব	२৮
বিশ্ব-ব্যাকরণ	ود
বিশ্বকোষ	ಅಂ
হ্বা	٤)
রূপক 🗸	
একদিন 🗸	೨೨
जून v	೨೪
হাদি~	3¢
ব্লোগশয্য।	<i>৩</i> .৬
মুশকিল-আসান্ত	ও৭
বাংশর	દેષ્ઠ
পূরবী	৩৯
শিখা ও ফুল	S •
গ্ৰন্√	8 \$
পাষাণী	४२
প্রিয়া৺ .	Se
পরিচয়	9 ម
ফুলের খুম	96
শ্বতি √ূ	5.9
প্রতিমা	Ę A
উপদেশ <	১৮
স্বপ্ন-লক	ec.
anteres of a	¢ o

কবিতা-ফচী

পদচারণ •

ૡ૾ૢ	**
বি লাতে রবীন্দ্র	69
কবিতা লেখা	æ 9
বন্ধুর প্রতি-	Сb
ক্স্লে গু ল্মে ম য়্ সে ভৌ ব। গ	4 2
পূর্ণিমার থেয়াল	9 e
The Book of Tea	%>
मर्त्ने - ऋकदी 🛩	৬৩
অ্কাল ব্যা	৬৪
বৰ্বা	به وه.
শনেট-চতুইয়	
ক বিত া	<i>પુ</i> .પ્
ক†ব্যকল¦	৬৭
আ্বার সনেট	৬৮
আমার সমালোচক	৬ঃ
সনেট-দপ্তক	90 %b
বৰ্ষা :	9 3
কৈফিয়ত	৮৩
পত্ৰ	b~ ¶
ঙ্য়ানি	કલ
বন্ফুল	৯৬
চেবি পুশ	٩ ۾
ভালো তোমা বাসি যথন বলি	वद
েপ্রমের থেয়া ল ✓	, ,,,,
বিজেন্দ্রলা ন	7=4

কবিতা-স্চী

মেহৰতা	, 5.0
থেয়ালের জন্ম	7 • 8
তেপাটি	
উষা	۶۰۶
মধ্যাহ্ন	۵۰۶
সন্ধ্য া	>> •
মধ্যরাত্তি	>>-
মিলন	, 727
বিরহ	2,32
ছোট কালীবাৰু	>>5
সমালোচকের প্রতি	>>0
দোপাটি	>>8
সিকি	>>%
হয়ানি	>>9
সনেট	774
थ र्भाः	, 259
তত্ত্বদশীর সিন্ধুদর্শন	55.0
শরৎ	252
সংসা র	255
কবির সাগর-সন্থায়ণ	: > ৩
স্থাস্থ কবিতা	
পঞ্চাশোর্ফে	250
সনে ট	200
ছনিয়া	203
ন্তন কবি	১৩২

কবিতা-স্চী

ফরমাশি সনেট		১৩৩
পত্ৰ		208
উত্তর ·	•	১৩৫
অ ভি শা র		٥٥٤
কাঠের রাজা		5 06
গান ়		293

ณา เชล (พ.พ.๑๖ภ. - ๑๖ . พ.ช. มช . พร.-หญาก กญาก .

หญาก กญาก .

พาก . พาก . เพ.ช. รมร . พั.(ก . เอนก .

พาค . พะล อ ออาก

พาค . พะล อาก

พาค . พะล . พ

29. 200.1012N-

मता हे- शका म ९



সনেট

পেত্রার্কা-চরণে ধরি করি ছম্পোবন্ধ,
যাঁহার প্রতিভা মর্ত্যে সনেটে সাকার।
একমাত্র তাঁরে গুরু করেছি স্থাকার,
গুরুশিয়্যে নাহি কিন্তু সাক্ষাৎ সম্বন্ধ!

নীরব কবিও ভালো, মন্দ শুধু অন্ধ। বাণী যার মনশ্চক্ষে না ধরে আকার, তাহার কবিত্ব শুধু মনের বিকার, এ কথা পণ্ডিতে বোঝে, মূর্থে লাগে ধন্ধ

ভালোবাসি সনেটের কঠিন বন্ধন, শিল্পী যাহে মুক্তি লভে, অপরে ক্রন্দন ॥

ইতালীর ছাঁচে ঢেলে বাঙালীর ছন্দ, গড়িয়া তুলিতে চাই স্বরূপ সন্টে। কিঞ্চিৎ থাকিবে তাহে বিজাতীয় গন্ধ— সরস্বতী দেখা দিবে পরিয়া বনেট।

৯ সেপ্টেম্বর ১৯১২

ভাস

পদধূলি দেহ মোরে, মহাকবি ভাস ! ভারতের নাটকের আদিম আচার্য ! ধন্য হব তব কাব্য করি শিরোধার্য, পত্রে পত্রে স্কুরে যার বালার্ক-আভাস ॥

শুদ্ধ সুরে গেয়েছিলে প্রসন্ধ-বিভাস,
পরিষদ ছিল তব মহাপ্রাণ আর্য।
সে বুগের কবিমুখে ছিল না উচ্চার্য
বৃন্দাবনী প্রণয়ের গদগদ ভাষ॥

স্বাধ্যায়-পবিত্র তব শূর-মূথ-বাণী। সরাগিণী অরোগিণী তব বীণাপাণি॥

তব কাব্য গৌরবের ধরে ইভিহাস।
তুমি জান' সমরস বীর ও করুণ:।
সে শুধু কাতর, যার নয়নে বরুণ।
তোমার নাটকে তাই জলে পরিহাস॥

৯ জান্তয়ারি ১৯১৩ কলিকাতা

জয়দেব

ললিত লবঙ্গলতা তুলায় পবনে।
বর্ণে গন্ধে মাখামাখি, বসন্তে অনঙ্গে।
নূপুর-ঝংকারে আর গীতের তরঙ্গে,
, ইন্দ্রিয় অবশ হয় তব কুঞ্জবনে॥

উন্মদ মদনরাগ জাগালে যৌবনে, রতিমন্ত্রে কবিগুরু দীক্ষা দিলে বঙ্গে। রণক্ষত-চিহ্ন তাই অবলার অঙ্গে, পৌরুষের পরিচয় আশ্লেষে চুম্বনে॥

পাণির চাতুরী হল নীবীর মোচন। বাণীর চাতুরী কান্ত কোমল বচন॥

আদিরসে দেশ ভাসে, অজয়ে জোয়ার!
ডাক' কব্দি, শ্লেচ্ছ আসে, করে করবাল,
ধুমকেতু-কেতু সম উজ্জ্বল করাল,
বঙ্গভূমি পদে দলে তুরুদ্ধ সোয়ার!

৭ সেপ্টেম্বর ১৯১২

ভতৃহিরি

যোগী তুমি, ভোগী তুমি, তুমি রাজকবি।
দেখেছ কখনো বিশ্ব শুধু নারীময়,
আবার দেখেছ বিশ্ব শুধু ব্রহ্মময়,
স্বুবর্ণে গৈরিকে আঁক' সেই তুই ছবি।

ক্ষণিকের জ্যোতিকণা জান' শশিরবি, বিশ্বরূপে মুশ্ধ তবু, সৌন্দর্যে তন্ময়। অসীম আঁধার-মগ্ন অনস্ত সময় আত্মজ্যোতি-দীপালোকে শৃত্য দেখ সবি॥

নাস্তিকের শিরোমণি, আস্তিকের রাজা ! তব ধর্ম মনোরাজ্যে বহুরূপী সাজা !!

নাহি জান' কারে বলে ভয় কিম্বা আশা।
ভূক্তি মৃক্তি তোমা কাছে সমান অসার।
সত্য শুধু মানবের অনন্ত পিপাসা—
রত্ন দিয়ে তাই গাঁথ' বৈরাগ্যের হার।

৬ সেপ্টেম্বর ১৯১২

চোরকবি

জলন্ত অঙ্গার, চোর ! তোর প্রতি শ্লোক, দেহ আর মন যাহে একত্র গলিয়া, হয়েছে পুল্পিত, রূপে মর্ত্য উজলিয়া—কামনার অগ্নিবর্ণ রক্তাক্ত অশোক! অশুভদর্শন যার কুহকী আলোক, চিতাগ্নির শিখাসম হুতাশে জ্লিয়া, মরণের ধূ্যদেহ চরণে দলিয়া, রক্তসন্ধ্যারূপে রাজে, ছেয়ে কাব্যলোক॥

সেই রক্তপুষ্পে করি শক্তি-আরাধনা, করেছিলে মশালেতে নারিকা-সাধন। দিয়েছিল দেখা বিশ্ব বিভারূপ ধরি, কনকচম্পকদামে স্বাঙ্গ আবরি, সুপ্রোখিতা, শিথিলাঙ্গী, বিলোলকবরী, প্রমাদের রাশিসম অবিভা-সুন্দরী!

২৭ জান্তয়ারি ১৯১৩ কলিকাতা

বসন্তদেনা

তুমি নও রত্মাবলী, কিম্বা মালবিকা, রাজোভানে বৃস্তচ্যুত শুভ্র শেফালিকা। অনাঘাত পুষ্প নও, আশ্রমবালিকা— বিলাসের পণ্য ছিলে, ফুলের মালিকা॥

রঙ্গালয় নয় তব পুষ্পের বাটিকা, অভিনয় কর নাই প্রাণয়-নাটিকা। তব আলো ঘিরে ছিল পাপ-কুজ্মটিকা— ধরণী জেনেছ তুমি মৃৎ-শকটিকা!

নিক্ষণ্টক ফুলশরে হওনি ব্যথিতা। বরেছিলে শরশয্যা, ধরায় পতিতা॥

কলস্কিত দেহে তব সাবিত্রীর মন
সারানিশি জেগে হিল, করিয়ে প্রতীক্ষা
বিশ্বজয়ী প্রণয়ের, প্রাণ যার পণ।—
তারি বলে সহ তুমি অগ্নির পরীক্ষা!

১৩ নভেম্বর ১৯১২ ১৯ স্টোর রোড। বালিগঞ্চ

পত্ৰলেখা

অষ্টাদশ বর্ষ দেশে আছ পর্ত্রলেখা ! শুক-মুখে শুনিয়াছি তোমার সন্দেশ। তাম্বূল-করঙ্ক করে, রক্ত পট্টবেশ, প্রাঞ্জাভ বচন, রাজ-অস্তঃপুরে শেখা॥

কাব্য-রাজ্যে তব সনে নিমেষের দেখা।
সুবর্গ-মেখলা-স্পর্শী মুক্ত তব কেশ—
অশ্বপৃষ্ঠে রাজপুত্র যায় দূর দেশ,
অঙ্কে তার আঁকা তুমি বিহ্যাতের রেখা!

চক্রাপীড় মুঝ্ধনেত্রে হেরে কাদম্বরী— রক্তাম্বরে রাখ' তুমি হৃদয় সম্বরি॥

গিরি পুরী লজ্ঘি, সিন্ধু কাস্তার বিজ্ঞন,
মনোরথে নীলাম্বরে ভ্রমি যবে একা—
মম অঙ্কে এসে বস', কবির স্কুন,
তাম্বল-করক্ক করে তুমি পত্রলেখা!

২৫ সেপ্টেম্বর ১৯১২

1

তাজ্যহল

শাজাহাঁর শুল্রকীতি, অটল সুন্দর! অক্ষুণ্ণ অজর দেহ মর্মরে রচিত, নীলা পান্না পোখ্রাজে অন্তর খচিত। তুমি হাস', কোথা আজ দারা সেকন্দর

সকলি সদর তব, নাহিকো অন্দর, ব্যক্ত রূপ স্তরে স্তরে রয়েছে সঞ্চিত। প্রেমের রহস্যে কিন্তু একান্ত বঞ্চিত, ছায়ামায়াশূস্য তব হৃদয়-কন্দর!

মুম্তাজ ! তাজ নহে বেদনার মূর্তি।
—শিল্প-সৃষ্টি-আনন্দের অকুষ্টিত ক্ষূতি

আঁখিতে সুর্মা-রেখা, অধরে তামূল, হেনায় রঞ্জিত তব নখাুথা রাতুল, জরিতে জড়িত বেণী, রুমালে স্তামূল— বাদ্শার ছিলে তুমি খেলার পুতুল !

৬ অক্টোবর ১৯১২ S. S. Garhwali on the Jumna

বাংলার যমুনা

তুমি নহ শ্যামা তন্ত্বী বৃন্দাবন-পাশে, তীরে যার সারি সারি কদম্ব বকুল, কৃষ্ণ যেথা বেণুতানে মাতায় গোকুল, নৃত্য করে লীলাভরে গোপীসনে রাসে

উজান বহ না তুমি ঢলিয়া বিলাসে—
সুমুখে ছুটিয়া চল উদ্দাম ব্যাকুল,
মাটি নিয়ে খেলা কর ভেঙে ছটি কূল,
সীমায় আবদ্ধ নহ, পরশ' আকাশে!

আরম্ভেতে ব্রহ্মপুত্র, শেষেতে যমুনা। সৃষ্টি আর প্রলয়ের দেখাও নমুনা॥

অহনিশি ভাঙাগড়া, এই তব রীতি, মুক্তকঠে গাও তুমি জৌবনের গান। জগৎ গতির লীলা, স্ষ্টিছাড়া স্থিতি। বাংলার নদী তুমি, বাংলার প্রাণ!

৮ অক্টোবর ১৯১২ S. S. Garhwali Brahmaputra

বাৰ্নাৰ্ড্ শ

সভ্যতার প্রিয়শক্র, বার্নার্ড্ শ, সমাজের তুমি দেখ শৃঙ্খল আচার, শিকল-বিকল-মন মানুষ নাচার, তব শাস্ত্র শুনে তাই তারা হয় থ!

মান্থ্যেতে ভালোবাসে হ য ব র ল, তারি লাগি সয় তারা শত অত্যাচার। স্পষ্ট বাক্যে প্রাণ পায়, যে করে বিচার-অন্তার পায়ের নীচে প'ড়ে যায় দ!

মানবের ছঃখে মনে অশ্রুজলে ভাস'— অপরে বোঝে না, তাই নাটকেতে হাস'

হয় মোরা মিছে খেটে হই গলদ্ঘর্ম,
নয় থাকি বসে, রাখি করেতে চিবুক।
এ জাবে শেখাতে পারি জীবনের মর্ম,
হাতে যদি পাই আমি তোমার চাবুক!

১২ অক্টোবর ১৯১২ শিলং

বালিকা-বধু

বাংলার যত নব যুবা কবিবঁধু,
যুবতী ছাড়িয়ে এবে ভজিছে বালিকা।
তাদের চাপিয়া ক্ষুদ্র হৃদয়-নালিকা,
চোঁয়াতে প্রয়াস পায় তাজা প্রেম-মধু!

গৌরীদানে লভে কবি কচিখুকি বধু, কবিহন্তে কিন্তু ত্রাণ পায় না কলিকা। কুঁড়ি ছিঁড়ি ভরে ভারা কাব্যের ডালিকা-হুশ্বপোয়্য শিশুদের মুখে যাচে শীধু!

পবিত্র কবিত্বপূর্ণ প্রেমে হয়ে ভোর, বালিকার বিভালয়ে ঢোকে কবি-চোর!

বলিহারি কবি-ভর্তা এম. এ. আর বি. এ. বাল-বধ্-লতিকার ঝুলিবার তরু ! মাসুষ মরুক সবে গলে রজ্জু দ্ধিয়ে, বেঁচে থাকৃ কবিতার যত কাম-গরু !

[ণু ডিসেম্বর ১৯১২]

বন্ধুর প্রতি

বড় সাধ ছিল তব, করে ধরি বীণ, বাজাতে অপূর্ব রাগ যৌবনের সুরে, মুমুর্মু মুমুক্ষু সবে দিয়ে যমপুরে, তব গীতমন্ত্রে ধরা করিতে নবীন!

কল্পনার ছিল তব চক্ষে দূরবীন।
অসীম আকাশদেশে দূর হতে দূরে
থুঁজিতে কোথায় কোন্নব জ্যোতি স্ফুরে,
যার আলো জয় করে আঁধার প্রবীণ॥

আবিদ্ধার কর নাই কোনো নব তারা। আজিও ধরণী ধরে পুরানো চেহারা॥

আকাশেতে উড়েছিলে রঙিন পতঙ্গ,
পূর্বাহেই গেছে তব, পাখা ছটি ঝরে,
সে পক্ষধুনন-ধ্বনি আজ গেছে মরে—
মাটির বুকেতে সুখে শুয়ে আছে অঙ্গ!

৮ জান্ময়ারি ১৯১৩ কলিকাতা

वार्थ कीवन .

মুখন্তে প্রথম কভু হইনি কেলাসে। হৃদয় ভাঙেনি মোর কৈশোর-পরশে। কবিতা লিখিনি কভু সাধু-আদিরসে। যৌবন-জোয়ারে ভেসে, ডুবিনি বিলাসে

চাটুপটু বক্তা নহি, বড় এজ্লাসে।
উদ্ধার করিনি দেশ, টানিয়া চরসে।
পুত্রকন্মা হয় নাই বরষে বরষে।
অশ্রুপাত করি নাই মদের গেলাসে!

পয়সা করিনি আমি, পাইনি খেতাব। পাঠকের মুখ চেয়ে লিখিনি কেতাব॥

অন্যে কভু দিই নাই নীতি-উপদেশ।
চরিত্রে দৃষ্টান্ত নহি, দেশে কি বিদেশে।
বুদ্ধি তবু নাহি পাকে, পাকে যদি কেশ।
তপস্বী হব না আমি জীবনের শেষে!

২১ অক্টোবর ১৯১২ শিলং

মানব-সমাজ

ঘরকলা নিয়ে ব্যস্ত মানব-সমাজ। মাটির প্রদীপ জেলে সারানিশি জাগে, ছোট ঘরে দোর দিয়ে ছোট সুখ মাগে, সাধ ক'রে গায়ে পরে পুতুলের সাজ॥

কেনা আর বেচা, আর যত নিত্য কাজ, চিরদিন প্রতিদিন ভালো নাহি লাগে। আর কিছু আছে কি না, পরে কিম্বা আগে, জানিতে বাসনা মোর মনে জাগে আজ॥

বাহিরের দিকে মন যাহার প্রবণ—
সে জানে প্রাণের চেয়ে অধিক জীবন ॥

মন তার যায় তাই সীমানা ছাড়িয়ে, করিতে, অজানা দেশ খুঁজে আবিকার। দিয়ে কিন্তু মানবের সাম্রাজ্য বাড়িয়ে, সমাজের তিরস্কার পায় পুরস্কার!

২৫ জামুয়ারি ১৯১৩ কলিকাতা

হাসি ও কামা .

সত্য কথা বলি, আমি ভালো নাহি বাসি
দিবানিশি যে নয়ন করে ছলছল,
কথায় কথায় যাহে ভরে আসে জল—
আমি খুঁজি চোখে চোখে আনন্দের হাসি

আর আমি ভালোবাসি বিদ্রপের হাসি,
ফোটে যাহা তুচ্ছ করি আঁধারের বল,
উজ্জ্বল চঞ্চল যার নির্মম অনল
দক্ষ করে পৃথিবীর শুচ্চ তৃণরাশি ॥

হৃদয়ে কুপণ হয়ে ধনী হতে চায়—
সুখ তারা দেয় নাকো, তাই ছঃখ পায়॥

তাই আমি নাহি করি ছঃখেতে মমতা, সুথী যারা, তারা মোর মনের মাচুষ। হাসিতে উড়ায় তারা নিষ্ঠুর ক্ষমতা, মনে জেনে বিশ্ব শুধু রঙিন ফাসুস॥

২৩ অক্টোবর ১৯১২ শিলং

ধরণী

কে বলে পৃথিবী এবে হয়েছে প্রাচীন ?
আজিও বসন্তে এসে কোকিল পাপিয়া
মুক্তকণ্ঠে তারস্বরে ডাকে পিয়া পিয়া—
বার্ধক্যের পক্ষে সে তো নহে সমীচীন !
বার্ধক্যের স্বপ্ন দেখে যত অর্বাচীন,
যৌবন যাহারা রাখে ভয়েতে চাপিয়া।
হাা দেখ, প্রাণের টানে উঠেছে কাঁপিয়া
চিরকেলে গুলিখোর পাণ্ডুবর্ণ চীন!

আকাশে বিহ্যুৎ আজো খেলে তলোয়ার,
চাঁদের চুম্বনে ওঠে সাগরে জোয়ার।
পূর্ণিমা আজিও ঘুরে আসে পক্ষে পক্ষে,
আজিও প্রকৃতি আছে সবুজ, শৌখিন।
নরনারী আজো ধরে পরস্পরে বক্ষে—
অমাহুষে পরে শুধু ডোর ও কৌপীন!

२ क्टिक्यात्रि ১৯১৩

কাঁঠালী টাঁপা

গড়নে গহনা বটে, রঙেতে সবুজ,—
ফুলের সবর্ণ নহ, বর্গচোরা চাঁপা !
ব্থা তব গন্ধভারে গর্বভরে কাঁপা !
ফিরেও চাহে না তোমা নয়ন অবুঝ ॥

নেত্রধর্ম খুঁজে ফেরা গোলাপ, অমুজ।
উপেক্ষিতা আছ তুমি, হয়ে পাতা-চাপা।
তোমার কাঁঠালী গন্ধ নাহি রহে ছাপা—
ছুটে আসে, ভেদ করি পাতার গমুজ॥

ঠিক ক'রে হও নাই পাতা কিম্বা ফুল,—

হ'মনা করাই তব ছুর্গতির মূল !

পত্রের নিয়েছ বর্ণ, ফুল হতে গন্ধ, আকৃতি ফুলের কাছে করিয়াছ ধার। সর্বধর্মসমন্বয়-লোভে হয়ে অন্ধ— স্বধর্ম হারিয়ে হলে সর্বজাতি-বার!

२७ ष्यक्टोितत ১৯১२ मिनः

করবী

সুপ্ত গন্ধ, গুপ্ত বর্ণ তোমার, করবি !
শক্তি-বীজ-মন্ত্র আমি দিয়া তব কানে,
সৌরভ জাগাতে চাহি প্রণয়ের টানে,
গৌরবে তোমায় করি ফুলের ভারবি !

তরুণ-অরুণ-রাগে রঞ্জিত ভৈরবী, জীবনের পূর্বরাগ আছে তার গানে। সেই রাগ পূর্ণ হয় সারঙ্গের তানে, আলিঙ্গন করে যবে মধ্যান্তের রবি॥

পূর্ণক্ষেহে জ্বলে যবে জীবনের শিখা, গাঢ় হয়ে ওঠে তবে, ছিল যাহা ফিকা॥

কত বর্ণ, কত গন্ধ অন্তঃপুরবাদী, সুযুপ্ত রয়েছে আজি কুসুম-শয়নে। জাগাতে তাদের নিত্য আমি ভালোবাদি, তন্দ্রাসুখে আছে যারা মুদিয়া নয়নে॥

কাঠ-মল্লিকা '

তুমি নহ রক্তজবা অথবা পলাশ,
আগুন জালিয়ে বন আলো করে যারা,
— যে দিব্য অনলে পুড়ে কাম অঙ্গহারা,
যে আলো ধরায় করে নকল-কৈলাস!

তুমি নহ মানবের নয়ন-বিলাস, রতি-ভর তহু তব হিমবিন্দু-পারা— গন্ধ তব ভেদ করি শ্যামপত্র-কারা, মুক্ত হয়ে ব্যক্ত করে মন-অভিলাষ॥

গুপ্ত হয়ে থাক' তুমি বন-অন্তঃপুরে। মায়া তব গন্ধরূপে ছড়াও সুদূরে॥

আকাশ দেখনি কভু জুনীল বিপুল, ঘনচ্ছায় বনে আছ, নেত্র নত বারি। খুঁজিনি তোমায় আমি গদ্ধস্ত্র ধরি, তাই ভুমি মোর চির আকাশের ফুল!

স্বেট-পঞ্চাশৎ

রজনীগন্ধা

রাত্রি-হাতে সঁপে দেয় দিবা যবে সন্ধ্যা, পরায়ে তাহার অঙ্গে গাঢ় লাল আলো, — নিশা যারে ক্রোড়ে ধরে দিয়া বাহু কালো সেই লগ্নে ফোট' তুমি, রে রক্তনীগন্ধা!

রাত্রির পরশে যবে পৃথী হয়ে বন্ধ্যা, না পারে ফুটাতে কুল রূপে জম্কালো, তুমি সেই অবসরে বুক থুলে ঢাল', গোপনে সঞ্চিত গন্ধ, লো রজনীগন্ধা!

দিবসের প্রলোভনে তুমি নহ বশ্যা। হৃদয় তোমার তাই অসূর্যস্পশ্যা॥

আমার আসিবে যথে জীবনের সন্ধ্যা,
দিবসের শালো যবে ক্রমে হবে খোর,
কানেতে পশিবে নাকো পৃথিবীর সোর,
মোর পাশে ফুটো তুমি, হে রজনীগন্ধা!

গোলাপ

রূপে গন্ধে মানি তুমি জগতে অঁতুল, পূজায় লাগ' না কিন্তু, অনার্য গোলাপ ! দেমাকে দেবতাসনে কর না আলাপ— ফুলের নবাব তুমি, নবাবের ফুল !

ইরানের ভগ্নোভানে বসি বুলবুল,
স্মরিয়া স্মরিয়া তোমা করিছে বিলাপ।
তুমি কিন্তু রমণীর কেশের কলাপ
আলো ক'রে বস', কিন্তা কর্ণে হও তুল॥

সোহাগে গলিয়া তুমি হও বা আতর, গুম্ফাসনে ব'সে কর বেগম কাতর!

বিলাসের অঞ্চলাগি তুমি হও জল, নারীর আত্বে ফুল, শৌ্থিন গোলাপ! নবাবেরই ভোগ্য তব রূপগুণবল, নবাবের যোগ্য তুমি হকিমী জোলাপ!

ধুতুরার ফুল

ভালো আমি নাহি বাসি নামজাদা ফুল—
নারীর আদর পেয়ে যারা হয় ধন্ত,
ফুলের বাজারে যারা হইয়াছে পণ্য,
কবিরা যাদের নিয়ে করে হুলস্থূল।
বিলাসীর কিন্তু যারা অভি চক্ষুশূল,
রূপে গন্ধে ফুল-মাঝে যাহারা নগণ্য,
বসন্ত কি কন্দর্পের যারা নয় সৈত্য,
যার দিকে কভু নাহি ঝোঁকে অলিকুল—
আমি খুঁজি সেই ফুল, হইয়া বিহ্বল,
যাহার অন্তরে আছে গন্ধ-হলাহল।
নয়নের পাতে যার আছে ঘুম্ঘোর,
চির-দিবাস্থপ্লে যারা আছে মশ্গুল,
ভাদের নেশায় আমি হতে চাই ভোর—
ভালোবাসি ভাই আমি ধুতুরার ফুল॥

১৯ নবেম্বর ১৯১২ রাচি

অপরাহ্ন

গোলাপ, গোলাপ, শুধু গোলাপের রাশি ! গোলাপের রঙ ছিল অনন্ত আকাশে, গোলাপের গন্ধ ছিল ধরাতে বাতাসে, নারীর অধরে ছিল গোলাপের হাসি॥

রঙ এবে গেছে জ্বলে, গন্ধ হল বাসি।
শুখানো পাতার রাশি ওড়ে চারিপাশে,
বসস্ত নিদাঘে পুড়ে ছাই হয়ে আসে,
পৃথিবীতে মনে হয় হয়েছি প্রবাসী॥

অলক্ষিতে খসে গেছে মায়া-রত্নঠুলি। এ বিশ্ব মাটির গড়া, দেখি চক্ষু খুলি॥

আশার গোলাপী নেশা গিয়াছে ছুটিয়া, যে নেত্রে আদর ছিল, হেরি অবহেলা। যৌবনের স্বর্ণপুরী গিয়াছে টুটিয়া— মহাশৃত্য-মাঝে আজি করি ধুলাখেলা॥

ব্যর্থ বৈরাগ্য

এসেছে নৃতন দিন, ধরি যোগীবেশ।
কালকের ফুল যত গিয়েছে শুকিয়ে,
কালকের ভুল যত গিয়েছে চুকিয়ে,
আগেকার জীবনের পালা হল শেষ॥

ঝরা ফুলে ভরা বিশ্ব, গন্ধ নাহি লেশ।
জীবনের বেশি ভাগ দিয়েছি ফুঁকিয়ে,
বাকিটুকু মৃত্যুপানে পড়েছে ঝুঁকিয়ে,
যে সুর বাজিত কানে, নাহি তার রেশ॥

জীবনের স্রোত চলে দক্ষিণবাহিনী। উত্তরে পড়িয়া থাকে পূর্বের কাহিনী॥

উপরে উঠিছে ভাসি নব ভয় আশা, বিরাম মানে না স্রোত, বহে খরধার। আবার ফেলিতে হবে জীবনের পাশা— খেলা নিয়ে কথা শুধু, মিছে জিত হার!

२० जगम्हे ५२५२

অন্বেষণ

আজিও জানিনে আমি হেথায় কি চাই ! কখনো রূপেতে খুঁজি নয়ন-উৎসব, পিপাসা মিটাতে চাই ফুলের আসব, কভু বসি যোগাসনে, অঙ্গে মেখে ছাই॥

কখনো বিজ্ঞানে করি প্রকৃতি যাচাই,
খুঁজি তারে যার গর্ভে জগৎ প্রসব,
পূজা করি নির্বিচারে শিব কি কেশব—
আজিও জানিনে আমি তাহে কিবা পাই

রূপের মাঝারে চাহি অরূপদর্শন। অঙ্গের মাঝারে মাগি অনঙ্গস্পর্শন॥

খোঁজা জানি নষ্ট করা সময় বৃথায়—
দূর তবে কাছে আসে, কাছে যবে দূর।
বিশ্রাম পায় না মন পরের কথায়,
অবিশ্রাস্ত খুঁজি তাই অনাহত সুর॥

मत्निष्ठ-शक्षां ४९

আত্মপ্রকাশ

প্রকৃতিরই অংশে গড়া আমাদের মন।
বিশ্বছবি দেখি স্পষ্ট রহিয়াছে আঁকা,
বিশ্বের হৃদয় কিন্তু বিশ্বদেহে ঢাকা,
আভাসে প্রকাশ তার, আসল গোপন॥

সবারই অন্তরে আছে গুপ্ত নিকেতন, মনোপাথি সুপ্ত যাহে, গুটাইয়া পাখা। সে নিদ্রা যোগীরা জানে পূর্ণ জেগে থাকা-খুলে বলা বৃথা চেষ্টা তাহার স্বপন॥

অন্তরের রহস্তের সঠিক বারতা কথায় প্রকাশ পায়, এটি মিছে কথা॥

ভাষায় যা-কিছু ধরি, উপরেই ভাসে, স্বেচ্ছায় করেছে যাহা আলোক বরণ। সত্য কিন্তু তারি নীচে মুখ ঢেকে হাসে-— কভু নাহি দেখা দেয় বিনা আবরণ॥

বিশ্বরূপ

কে জানে কাহার বিশ্ব— দৃশ্য চমংকার!
আলোকে আঁধারে এই খোলা আর মেলা,
জড়েতে চৈতত্যে এই লুকোচুরি খেলা,
তারি মাঝে মূল তানে ওঠে ঝনংকার॥

দৈখে শুনে হতবুদ্ধি আমি সনংকার!
সুনীল আকাশ-সিন্ধু, কোথা তার বেলা,
সারি সারি ভাসে তারা, জ্যোতিক্ষের ভেলা,
কোথা যায় নাহি জানি, নহি গনংকার!

বিশ্বটানে মন যায় বিশ্বেতে ছড়িয়ে। অস্তর থাকিতে চায় বাহিরে জড়িয়ে॥

আমি চাই টেনে নিয়ে ছড়ানো প্রক্ষিপ্ত,
অস্তরে সঞ্চিত করি আঁধার আলোক,
প্রতীক রচনা করি চিত্রিত সংক্ষিপ্ত—
চতুর্দশ পদে বদ্ধ চতুর্দশ লোক!

मत्बर्ध-भक्षाम्

শিব

রজতগিরিতে হেরি তব শুশ্রকায়া,
চন্দ্র তব ললাটের চারু আভরণ,
তব কঠে ঘনীভূত সিন্ধুর বরণ—
বিশ্বরূপ জানি আমি তব দৃশ্য মায়া॥

যার স্ফুর্ভি চরাচর, সে তো তব জায়া।
নিজদেহে করিয়াছ বিশ্ব আহরণ—
তাই হেরি কৃত্তি তব চিত্র-আবরণ—
জীবনের আলোগ্লিষ্ট মরণের ছায়া!

তোমার দর্শন পাই মূর্তিমান মন্তে, যজ্ঞসূত্রে বাঁধা যাহা হৃদয়ের তন্ত্রে॥

সেই রূপ রেখো দেব ভরিয়া নয়নে—
শিবমূতি হেরি বিশ্বে, দেহ এ ক্ষমতা।
ধরিতে পারি না আমি নেত্রে কিন্তা মনে,
আকারবিহীন কোনো বিশ্বের দেবতা॥

? অক্টোবর ১৯১২ শিলং ী

विश्व-वाक्रवन •

বিজ্ঞান রচেছে নব বিশ্ব-ব্যাকরণ।
ক্রিয়া কিম্বা কর্ম নাই, শেখায় বেদান্ত—
ক্রিয়া আছে, কর্তা নাই, বিজ্ঞান-সিদ্ধান্ত,
আগাগোড়া কর্ম শুধু, নাহিকো করণ॥

সকলি বিশেষ্য, কিম্বা সবই বিশেষণ, এই নিয়ে দ্বন্দ নিত্য, লড়াই প্রাণান্ত ! সন্ধি কি সমাস সৃষ্টি, সমস্যা একান্ত— মীমাংসা করিতে চাই ধাতু-বিশ্লেষণ ॥

সর্বনাম রূপ আছে, নাহিকো অব্যয়। কেবল বচনে হয় স্প্রির অম্বয়॥

প্রকৃতির স্ত্র আছে, নাই অভিধান,
জড় ক'রে তাই জ্ঞানী রচে মুগার্বাধ।
পণ্ডিতের পক্ষে তারই মুখস্থ বিধান—
আমরা নির্বোধ, তাই চাই অর্থবোধ!

· বিশ্বকোষ

বিশ্বের স্বাই মোরা পাঠকপাঠিকা। পাতা তার খোলা আছে ঠিক মাঝখানে, দেখামাত্র বুঝি মোরা স্পষ্ট তার মানে, বাজে কাজ করা তার আত্যোপাস্ত টীকা॥

ধরণীকে চূর্ণ করি, জ্ঞানের বটিকা গড়ে কিন্তু তিতো ক'রে দর্শনে বিজ্ঞানে, সে গুলি মূর্থেতে গেলে, বুজে চোখ কানে-জানে না তাহার মূল্য নয় বরাটিকা!

বিশ্বসনে দিনরাত শুধু বোঝাপড়া, সে তো নয় ঘর করা, করা সে ঝগড়া !

নয়নেতে আছে আলো, মনে ভালোবাসা, অন্ধকার জীবনের অপর পৃষ্ঠেতে। সুখ হুঃখ হুই কহে প্রণয়ের ভাষা— সে-ভাষা না বুঝে, খোঁজ' মানে অদৃষ্টেতে।

১১ নবেম্বর ১৯১২ ১৯ স্টোর রোড। বালিগঞ্জ

স্থরা

সুরার সুরত্ব জানি আমি আর তুমি!
সুরা-তৈলে মনোবাতি ছড়ায় আলোক,
মনের মন্দিরে বাজে মন্দিরা ঢোলক—
এ কথা ওমার জানে, হাফিজ্ আর রুমি॥

রাত্রি বাড়ে, মাত্রা চড়ে, পাত্রাধর চুমি। আকাশেতে চাঁদ ঝোলে, আলোর গোলক, নীলাম্বরী-আড়ে দোলে মোতির নোলক, শূন্যে উড়ে তাই ধরি, শয্যা শেষে ভূমি!

জড়েতে চৈতন্তরূপী তরল আগুন, তোমার পরশে মাঘ গলিয়া ফাগুন!

হাবুড়ুবু খাই সবে ভবসিন্ধু-নীরে, ঢোকে ঢোকে পেটে ঢোকে লবণ তত্ত্বল। সুরাস্থরে তাই মথি তুলিয়াছে তীরে, প্রাকৃতির খাঁটি রস, অমৃত-গরল!

২৯ সেপ্টেম্বর ১৯১২

রূপক

কখনো অন্তরে মোর গভীর বিরাগ.
হেমস্টের রাত্রি-হেন থাকে গো জড়িয়ে,
— যাহার সর্বাঙ্গে যায় নীরবে ছড়িয়ে
কামিনী ফুলের শুভ্র অতহু পরাগ॥

বাসনা যখন করে হৃদয় সরাগ,
শিশিরে হারানো বর্ণ, লীলায় কুড়িয়ে,
চিদাকাশে দেয় জেলে, বসন্ত গড়িয়ে
কাঞ্চন ফুলের রক্ত চঞ্চল চিরাগ ॥

কভু টানি, কভু ছাড়ি, মনের নিঃশাস। পক্ষে পক্ষে ঘুরে আসে সংশয় বিশ্বাস॥

বসন্তের দিবা, আর হেমন্ত-যামিনী, উভয়ের,দ্বন্দে মেলে জীবনের ছন্দ। দিবাগাত্রে রঙ আছে, নিশাবক্ষে গন্ধ— সৃষ্টির সংক্ষিপ্ত সার কাঞ্চন কামিনী॥

১৩ ডিসেম্বর ১৯১২

একদিন

একদিন একা বসি, শিরে রাখি কর,
একমনে করি যবে কবিতা বয়ন,
শব্দের কুসুম করি স্মৃতিতে চয়ন—
সহসা ফুলের গন্ধে ভরে গেল ঘর।
তখন ছিল না কিছু ইন্দ্রিয়গোচর,
সুপ্ত ভাব, ত্যজি মোর হৃদয়-শয়ন,
উঠেছিল সেই ক্ষণে মেলিয়া নয়ন—
ফুলের নিঃশ্বাস প'ল চুলের উপর॥

লিখিয়াছি সবে যবে তুই-চার ছত্র,
নীলাজ্ঞ-আভায় হল সুরঞ্জিত পত্র।
শেষে যেই মিলে গেল অন্তিম চরণ,
অধরে মিলিল এসে ফুলের অধর,
চোখেতে ফুলের হেরি রক্তিমবরন,
কানে শুনি প্রিয়া-কণ্ঠ-গলিত আঁদর!

১৮ নবেম্বর ১৯১২ রাচি

ভুল

ভালো তোমা বেসেছিমু, মিছে কথা নয়। যেদিন একেলা ভূমি ছিলে মোর সাথী, বকুলের তলে বসি, মনে মন গাঁথি।

— বকুলের গন্ধ বলো কতদিন রয় ?

সেদিন পৃথিবী ছিল অন্ধকারময়,
ঘন মেঘে ঢেকেছিল নক্ষত্রের বাতি,
সে তিমির চিরেছিল বিহ্যুৎ-করাতি।
— বিহ্যুতের আলো কিন্তু কতক্ষণ রয় ?

স্বপ্ন মোরা ভূলে যাই নিদ্রা গেলে সাদা চোখে সব দেখি নেশা গেলে ছুটে॥

নিভানো আগুন জানি জ্বলিবে না আর, মনে কিন্তু থেকে যায় স্মৃতিরেখা তার— হাদিলগ্ন আমরণ পারিজাত-হার। হাদয়ের ভুল শুধু জীবনের সার!

২০ নবেম্বর ১৯১২ বাঁচি

হাসি

যতই দিই না আমি হাসিতে উড়িয়ে,
সমাজের সংসারের অন্ধ কুর বল—
সে তো শুধু খেলামাত্র, শুধু বাক্ছল,
এখনো যায়নি প্রাণ একান্ত জুড়িয়ে॥

নয়ন যখন দিই হাসিতে মুড়িয়ে, লুকিয়ে তাহার নীচে থাকে অশ্রুজল। বুথা কাজ! জীবনের প্রতি ব্যর্থ পল শ্মৃতিতে একত্র করা, অতীতে কুড়িয়ে॥

জেনে শুনে ছুটি মোরা আলেয়ার পিছে, সে আলো নিভিলে তাই কান্নাকাটি মিছে

জীবনের দিবসের স্বল্প পরিসর, ঘিরে তারে আছে ঘন অনস্তের ছায়ী। যদিচ ধরেছি সবে ছদিনের কায়া— হাসির, কাজের, তবু আছে অবসর॥

১৫ জাহয়ারি ১৯১৩ কলিকাতা

রোগশয্যা

যখনি চেয়েছি আমি, পরি বীরসজ্জা, কাম্যরাজ্য-বিজয়ের ধরি দৃগু আশা, দ্রুতবেগে যাই লভিব শতক্রে বিপাশা— তখনি পেয়েছি আমি শুধু রোগশযা।॥

ব্যথায় ভরিয়া ওঠে মম অস্থি মজ্জা;
সর্বাঙ্গের মুখে ফোটে ব্যর্থ আর্ভভাষা,
সংকল্পের ধ্বংস করে দেহ কর্মনাশা,
রোগেতে লাঞ্ছিত হয়ে মন মানে লজ্জা॥

দেহের আশ্রয়ে থাকি দিন ছুই-চার— তাই সই তার নীচ অন্ধ অত্যাচার॥

দেহের পীড়নে মনে আসে না বিকার,
শয্যাপ্রাণ্ডে পাত্রপূর্ণ আছে ভালোবাসা,
যাহাতে মিটাই ভীত্র রোগীর পিপাসা,
সে সুধার লাগি করি রোগের স্বীকার॥

১৬ নবেম্বর ১৯১২ রাঁচি

মুশকিল-আসান

ছেলেবেলা একদিন প্রতিমা-ভাসান একেলা দেখিতে যাই, ঘর ছেড়ে দূরে। পথ ভুলে রাত্রিবেলা মরি ঘুরে ঘুরে, ভয়েতে বিহ্বল দেখি সুমুখে শ্মশান!

অন্ধকারে ঘুরে ঘুরে হই পরিশান,
কাঁপে বুক, ঝরে আঁখি, বাক্য নাহি ক্ষুরে।
সহসা মশাল হাতে, ভিখারির সুরে,
পথিক আসিল হাঁকি 'মুশকিল-আসান'!
তস্বির মালা হাতে, গায়ে আলখাল্লা,
মুখেতে মুখস্থ বুলি 'লা-আল্লা-ইলাল্লা'!

আজিও নিরাশা বুকে চাপালে পাষাণ, কানেতে না পশে মোর ছনিয়ার হাল্লা। হৃদয়-ফকির জপে 'লা-আ্লা-ইলাল্লা', আকাশেতে শুনি বাণী 'মুশকিল-আফ্লান'!

১৫ নবেম্বর ১৯১২ রাঁচি

বাহার

নটাবেশে তুমি এস, রাগিণী বাহার ! অঙ্গরাগ ধরি নব উজ্জ্বল শ্যামল, মালতীর মালা চুলে, করেতে কমল, চরণে তাড়না করি শীতের নীহার॥

বিলাসী পবন সনে উত্থানবিহার কর তুমি, অঙ্গে মাখি মল্লি-পরিমল। নেত্রপুটে ধরি আভা কৌমুদী-কোমল, ধরায় সলীল সুর দাও উপহার॥

তোমার পাপিয়া-কণ্ঠ কাঁপিয়ে কাঁপিয়ে, বসস্তের তানে দাও দিগন্ত ছাপিয়ে॥

স্বরে গেঁথে সাত-ন'র বৈজয়ন্তী-হার ঝুলিয়ে ছলিয়ে দাও আকাশের গলে ! শোক্ত ছঃখ ভয় বাধা করি পরিহার, উঠুক প্রাণের দীপ মুহুর্তেক জলে॥

১৮ জানুয়ারি ১৯১৩ কলিকাতা

পূরবী

সন্ধ্যার ছায়ায় লীন, মলিন পূরবী!
বিষাদ তোমার চোখে, অবসাদ প্রাণে।
মগ্ন তুমি হয়ে আছ স্থান্তের ধ্যানে,
ধূম তব কেশপাশে ধূপের সুরভি।
উদাসিনী তুমি, নও করুণ ভৈরবী,
উন্মনা তোমার গানে, মনে সন্ধ্যা আনে।
আঁখি থোঁজে শেষ আলো অস্তাচলপানে,
লেখে যথা চিত্রস্বর্ণে, হরফে আরবী,
স্থা তার রূপকথা; পড়িতে না জানি,
নিশায় মিলিত দিবা স্বপ্ন হেন মানি।
গ্রান্তিভরা শান্তি আছে তব শ্লথ সুরে,
উদাসিনি! তব মন্ত্রে হয়েছি উদাস।
তোমার প্রণয়ী ছিল কবি নিশাপুরে,
হে পুরবী! করো মোরে তব সুরদাস॥

শিখা ও ফুল

সতৃষ্ণ রসনা মেলি মনের পাবক,
মনোজবা রূপ ধরি ওঠে যবে হাসি,
— গলিত লোহিত ক্ষুব্ধ প্রবালের রাশিসে শিখা পরায় তব চরণে যাবক ॥

তুষারে গঠিত ফুল, স্তবকে স্তবক,
মনোমাঝে জাগে যবে শুভ্ৰ হাসি হাসি',
সে ফুলে অঞ্জলি ভ'রে দিই রাশি রাশি
যুথী জাতী শেফালিকা কুন্দ কুরুবক॥

তুমি চাহ রূপস্পর্শ উল্টো বিলক্ল—
ফুলের আগুন, কিম্বা আগুনের ফুল॥

আমি কিন্তু ক'রে যাব কুসুমের চাষ,
যতদিন এ হৃদয় না হয় উষর।
জেলে রাখি বহ্নি জবাকুসুমসংকাশ—
যে বহ্নি নিভিলে হয় জগৎ ধূদর!

৪ জামুয়ারি ১৯১৩ কলিকাতা

গজল

নয়ন-গোলাপ তব করিতে উজ্জ্বল, বুল্বুলের স্থরে আজি বেঁধেছি সেতার। গাহিব প্রেমের গান পারসী কেতার, ফুলের মতন লঘু রঙিলা গজ্জল!

যে সুর পশিয়া কানে চোখে আনে জল, সে সুর বিবাদী জেনো মোর কবিতার। মম গীতে নত তব চোখের পাতার সীমান্তে রচিয়া দিব হু ছত্র কাজল!

বাজিয়ে দেখেছি ঢের বীণ ও রবাব, পাইনি সে স্থরে তব প্রাণের জবাব॥

আজ তাই ছাড়ি যত গ্রুপদ ধামার
চুট্কিতে রাখি সব আশা ভালোবাসা।
দরদ ঈষৎ আছে এ গীতে আমার—
স্থুরে ভাবে মিল আছে, হুই ভাগী-ভাসা!

৪ জামুয়ারি ১৯১৩ কলিকাতা

পাষাণী

কত-না করেছি আমি তোমায় আদর,
চঞ্চল হয়নি তব নয়ন-ক্রঙ্গ।
সুবর্ণ-কঠিন তব হৃদয়-নারঙ্গ,
খোলনি সরিয়ে কভু বুকের চাদর॥

যৌবনে আসেনি তব প্রাবণ ভাদর, ছাপিয়ে ওঠেনি বুকে বাসনা-তরঙ্গ। মেঘ-রাগে বাঁধ' নাই হৃদয়-সারঙ্গ, তব মন নাহি জানে বিহ্যুৎ বাদর॥

তব প্রাণে ভালোবাসা রয়েছে ঘুমিয়ে, জাগাতে পারিনি আমি হাজার চুমিয়ে!

বিরহে মিলনে কিম্বা হও না কাতর, তোমার অন্তরে নাই রক্ততপ্ত রতি, দেবীর প্রতিমা তুঁমি, কেবল পাথর— মনোদীপে এবে করি তোমার আরতি

১৭ নবেম্বর ১৯১২ রাঁচি

প্রিয়া

কারো প্রিয়া সুললিত সারিগান গেয়ে,
— রক্তিম-কপোল উষা জাগে যবে হেসে—
রূপোর ঢেউয়ের 'পরে তালে তালে ভেসে,
দক্ষিণপবন-সনে আসে তরী বেয়ে॥

কারো প্রিয়া মেঘসম চতুর্দিক ছেয়ে, অকালের প্রলয়ের অমানিশা বেশে, ত্রস্ত পবনে ক্ষিপ্ত ঘনকৃষ্ণ কেশে, প্রচণ্ড ঝড়ের মত আসে বেগে ধেয়ে॥

তুমি প্রিয়ে এ হৃদয়ে পশি ধীরে ধীরে, বহিছ প্রাণের মত প্রতি শিরে শিরে। প্রচ্ছন রূপেতে আছ আচ্ছন্ন করিয়া আমার সকল অঙ্গ, সকল অন্তর। সকল ইন্দ্রিয় মোর জ্যোতিতে ভরিয়া, জোগাও প্রাণের মূলে রস নিরস্তর॥

জামুয়ারি ১৯১৩
 কলিকাতা

পরিচয়

দেখেছি তোমায় কোনো মাধবী পার্বণে, প্রকৃতির ঐশ্বর্যের সৌন্দর্যের সার! এসেছিলে ধ'রে রূপ প্রতিমা উষার, গন্ধর্বশালায় কিম্বা আলেখ্য-ভবনে॥

মেঘাচ্ছন্ন কোনো দূর অতীত শ্রাবণে, এসেছিলে কাছে কিম্বা, করি অভিসার, আঁধারের মাঝে করি রূপের প্রসার, গগন-সীমান্তে কোনো বিস্মৃত ভুবনে!

তোমা সনে ছিল জানি পূর্ব-পরিচয়,— মন কিন্তু যুগস্মৃতি করে না সঞ্চয়॥

ভাসিয়া চলেছি দোঁহে হাতে হাত ধরে ছাড়াছাড়ি হবে কি গো, পাব যবে কূল ? অথবা মিলন হলে জীবনের পরে, চিনিতে আবার হবে পরস্পরে ভুল ?

১৭ জান্ত্যারি ১৯১৩ কলিকাতা

ফুলের ঘুম

বরফ ঢাকিয়া ছিল ধরণীর বুক অথও শীতল শুল্র চাদর পরিয়ে। রাশি রাশি চন্দ্রালোক নিঃশব্দে ঝরিয়ে, আপাণ্ডুর ক'রে ছিল নীলিমার মুখ॥

সেদিন ছিল না ফুটে শিরীষ কিংশুক, গিয়েছিল বর্ণ গন্ধ সকলি মরিয়ে। তুষারের জটাভার শিরেতে ধরিয়ে বৃক্ষলতা সমাধিস্থ ছিল হয়ে মুক॥

পাতার মর্মর আর জল-কলরব, হিমের শাসনে ছিল নিস্তক নীরব॥

পৃথিবীর বুক হতে তুষার সরিয়ে
সেদিন দেখিনি আমি, কোথায়•গোপনে.
সুষুপ্ত ফুলেরা সবে নয়ন ভরিয়ে
রেখেছিল বসস্তের রক্তিম স্বপনে!

২২ ফেব্ৰুয়ারি ১৯১৩ কলিকাতা

স্মৃতি

কত দিন কত দেশে কত শত ভোরে, অসংখ্য ফুলেতে ভরা কত ফুলবনে, ফিরেছি অলসভাবে, একা, আনমনে— তুলিনি পূজার লাগি কিন্তু সাজি ভরে॥

কত দিন কত দেশে সারানিশি ধরে, থেকেছি বসিয়া আমি মন্দিরের কোণে, স্মিগ্ধদৃষ্টি কত শত দেবতার সনে— করিনি প্রণাম কিন্তু জুড়ি ছুই করে॥

আগে শুধু করে গেছি এই সব ভুল। এখন দেবতা কোথা, কোথা সেই ফুল!

আজি সে ফুলের গদ্ধ রয়েছে সঞ্চিত
অস্পষ্ট স্মৃতির মত, সব মন ছেয়ে।
দেবতার স্থিরনেত্র, পূর্বপরিচিত,
রত্নদীপশিখা-সম, দূরে আছে চেয়ে!

৩১ জাহ্যারি ১৯১৩ কলিকাতা

প্রতিযা

প্রতিমা গড়েছি আমি প্রাণপণ ক'রে।
আঁধারে আবৃত কত থুঁজে গুপ্ত থনি,
এনেছি তারার মত জ্যোতির্ময় মণি—
রত্ন দিয়ে দেবীমূর্তি গড়িবার তরে।
ফটিকে গড়েছি অঙ্গ নিশিদিন ধরে,
পরায়েছি শ্যামশাটী মরকতে বুনি,
রক্তবিন্দু-পারা ছটি সুলোহিত চুনি
বিশ্রস্ত করেছি আমি দেবীর অধরে॥

প্রজ্বলিত ইন্দ্রনীলে খচিত নয়ন,
প্রান্তে লগ্ন প্রবালেতে গঠিত প্রবণ,
মুক্তা-নির্মিত যুগ্ম ঘন-পীন-স্তন.
স্বকঠিন পদ্মরাগে গঠিত চরণ।
অপূর্ব সুন্দর মূর্তি, কিন্তু অচেতন—
না পারিপুজিতে কিম্বা দিতে বিশ্বর্জন!

[? ফেব্রুয়ারি ১৯১৩]

উপদেশ

প্রিয় কবি হতে চাও, লেখো ভালোবাসা, যা পড়ে গলিয়া যাবে পাঠকের মন। ভার লাগি চাই কিন্তু হুটি আয়োজন— জোর-করা ভাব, আর ধার-করা ভাষা!

বড় কবি কিম্বা হতে যদি তব আশা, ভাবুক বলিবে ভোমা জনসাধারণ, শেখ' যদি সমাজের, করি প্রাণপণ—দরকারী ভাব, আর সরকারী ভাষা!

যত যাবে মাটি আর খাঁটিকে ছাড়িয়ে, শূন্যে শূন্যে মূল্য তব যাইবে বাড়িয়ে॥

কবিতার জন্মস্থান কল্পনার দেশ,
সে দেশ জানে না কিন্তু মোদের ভূগোল—
সত্যের সেখানে নেই কোনো গণ্ডগোল,
দেহ নেই সেই দেশে, শুধু আছে বেশ!

১৫ নবেম্বর ১৯১২ বাঁচি

স্বথ-লক্ষা

স্বপ্নলোকে আছে মোর স্বর্ণপুরী লক্ষা, যেথা বাজে মির্গেল, ডান ও ঘাগর। শিখি নাই একলক্ষে লজ্যিতে সাগর— সেতুর বন্ধন ক্রি, নাই হেন টক্ষা!

সে রাজ্যে সজোরে বাজে অনঙ্গের ডক্কা, কক্কাবতী যেথা মেলি নয়ন ডাগর, মোর পথ চেয়ে করে বাসর জাগর— স্বপ্নে আমি যাই সেথা, নাহি করি শক্কা॥

লীন হয়ে প্রিয়া-অঙ্কে, সুবর্ণ পালঙ্কে, কলঙ্কের মত রই জড়ায়ে শশাঙ্কে!

মিলনের অহংকারে সালংকারা কন্ধা,
নূপুরে কন্ধণে তোলে বীণার ঝংকার,
রসনায় দেয় মুহু বিজয়-টংকার—
সে শব্দে চমকি জাগি, হেরি নবডক্কা!

২**৫ অক্টোবর ১৯১**২ শিঙ্গং

আত্মকথা

কবিতা আমার জানি, যেমন শকুর,
ছ দিনে সবাই যাবে বেবাক ভূলিয়ে!
কল্পনা রাখিনে আমি আকাশে ভূলিয়ে—
নহি কবি ধূমপায়ী, নলে ত্রিবঙ্কুর॥

হৃদয়ে জনিলে মোর ভাবের অঙ্কুর, ওঠে না তাহার ফুল শৃন্মেতে তুলিয়ে। প্রিয়া মোর নারী শুধু, থাকে না ঝুলিয়ে স্বর্গ-মর্ত্য-মাঝখানে, মত ত্রিশঙ্কুর!

নাহি জানি অশরীরী মনের স্পন্দন — আমার হৃদয় যাচে বাহুর বন্ধন॥

কবিতার যত সব লাল-নীল ফুল,
মনের আকাশে আমি সযতে ফোটাই,
তাদের স্বারি বদ্ধ পৃথিবীতে মূল —
মনোঘুড়ি বুঁদ হলে ছাড়িনে লাটাই!

১৭ ডিসেম্বর ১৯১২

अ म हा त न

শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ দত্ত

করকমলেষ

গদ্যের কলমে-লেখা এই পদ্মগুলি যে আপনাকে উপহার দিতে সাহসী হয়েছি, তার কারণ, আমার বিশ্বাস এগুলির ভিতর আর-কিছু না থাক্, আছে rhyme এবং সেই সঙ্গে কিঞ্ছিৎ reason।

এর প্রথমটি যে পছের এবং দ্বিতীয়টি গছের বিশেষ ওণ, এ সত্য মাপনার কাছে অবিদিত নেই; স্কুতরাং আশা করি আমার এ রচনা অাপনার কাছে অনাদৃত হবে না।

ভোমার নামেতে সবে মিছে কথা বলে,
সকলে জানিত যদি তোমার স্বরূপ,
কিছুই থাকিত নাকো এখন যেরূপ—
ভোমার নামেতে শুধু মিছে কথা চলে।

তোমারে খুঁজিয়া কেহ কোথাও না পায়, বাহিরেতে নাহি মেলে তোমার দর্শন, ভিতরেতে নাহি মেলে তোমার স্পর্শন, শোনার অধিক জানা কেহই না চায়।

তোমার কাহিনী যত, সব রূপকথা, তোমার ব্যাখ্যান করা জ্ঞানের মূর্থতা।

কেহই বলিতে নারে তুমি কিবা হও,
আলোকে থাক' না তুমি, না থাক' আঁধারে।
কেহই বলিতে নারে তুমি কিবা নুও—
সবেতে জড়িয়ে আছ ছায়ার আকারে॥

1277

বিলাতে রবীন্দ্র

বিলাতের গেছে সে একদিন,
সুরে বাঁধা ছিল কবির বীণ,
দিগস্ত-প্রসারী ঝংকার যার
আজিও কাঁপায় মনের তার।
সে সুর ভেঙেছে নৃতন তন্ত্র,
এখন ক্যাঁকায় মাসুষ-যন্ত্র,
হ্যালোক পড়েছে ধোঁয়ায় চাপা,
প্রকৃতির বাণী কালিতে ছাপা।

সহসা তুলেছে জাগায়ে প্রাণ,
পুব হতে এসে রবির গান,
ভারতী যাহার কলম ধ'রে
নিতি নব গান রচনা করে,
লিখে রাখে নভে, জলে ও স্থলে,
রূপের বারতা সোনার জলে।

২২ সেপ্টেম্বর ১৯১২

কবিতা লেখা

এ যুগে কঠিন কবিতা লেখা,
কবিরা পায় না নিজের দেখা।
ঢাকা চাপা দিয়ে মনটি রাখি,
নিজ ধনে পড়ে নিজেই ফাঁকি।
গলা চেপে গায় প্রেমের গান,
ভয়ে ভয়ে ছাড়ে প্রাণের তান।
ভাব-মদে হলে নয়ন লাল,
দশে মিলে দেয় ছচোখো গাল।

সুরুচি সুনীতি যুগল চেড়ী
কল্পনা-চরণে পরায় বেড়ি।
কবিতা কয়েদী, রাধার মত
দায়ে পড়ে করে গৃহিণী-ব্রত।
বাঁশি বাজে বনে বসন্ত রাগে,
জটিলা কুটিলা ছ্য়ারে জাগে।

২২ সেপ্টেম্বর ১৯১২

বন্ধুর প্রতি

লোকে বলে আছে তব কিঞ্চিৎ ক্ষ্যাপামি, তথাপি আমার তুমি চির প্রিয়পাত্র।
তোমাতে আমাতে আছে মিল এই মাত্র—
ঠকিতে যদিও শিখি, শিখিনে ঠকামি।
জীবনে জ্যাঠামি আর সাহিত্যে গ্রাকামি
দেখে শুধু আমাদের জলে যায় গাত্র,
কারো গুরু নই মোরা, প্রকৃতির ছাত্র,
আজো তাই কাঁচা আছি, শিখিনি পাকামি।

নীতি আর রাজনীতি আর ধর্মনীতি,

যত প্রভু গুরু সেজে শিক্ষা দেয় নিতি।
প্রিয় শিষ্য কারো নই তুমি আর আমি,
আমাদের রোগ খোঁজা গুরুবাক্যে মানে —
অথচ এদেশে সবে ঠিক মনে জানে,
যা-কিছ বোকামি নয় দোহাই ক্ষ্যাপামি।

২৭ অক্টোবর ১৯১২ শিলং

कम्रल छन्य यश्रम छोवा ?

বসন্ত এনেছে সঙ্গে পাঁচরঙা ফুল,
মখমলে কিংখাবে কেউ জবরজঙ,
ঠোঁটে গালে রঙ মেখে কেউ সাজে সঙ—
বসন্তে বাসন্তী সুরা রঙেতে অতুল।

বসন্ত এনেছে সঙ্গে নানাগন্ধ ফুল, কেউ তীব্ৰ, কেউ মৃছ, কারো মিশ্র চঙ, কেউ গুরু-গন্ধগর্বে একেবারে টঙ— মধুগন্ধে শীধু তুমি একেলা অতুল।

এসো সখি স্ফটিকের সুরাপাত্র ভরি,
রূপরসগন্ধ-সার শুষে পান করি।
ওকি কথা ? কার ভয়ে হও তুমি ভীতু ?
সুরাপানে পাপ হবে ?— হোক-না তাই বা!
জীবনে কদিন আসে কুসুমের ঋতু ?
ফস্লে গুল্মে ছি ছি ময়্সে তৌবাু ?

২**৭ অক্টোব**র ১৯১২ শিলং

পূর্ণিমার খেয়াল

আজি সখি জেলো নাকো বিজুলির বাতি।
খুলে দাও সব দার, ঘর আজ হোক বার,
বিলায় আলোক-মেলা পূর্ণিমার রাতি।

ঝুলিছে আকাশে দেখো চাঁদের লগুন,
চারি পাশে তারে ঘিরি তারার দেয়ালগিরি,
গগনের গায়ে করে কিরণ বণ্টন।

ফোটে যেন লক্ষ ফুল স্বর্গ-বাগিচায়। অথবা জরির বুটা সব সাচ্চা, নয় ঝুঁটা, চল্রের সভায় পাতা নীল গালিচায়।

নানা রূপ ধরে আজি বহুরূপী ইন্দু, কখনো মন্দির-শিরে নেমে এসে ধীরে ধীরে, বসে যেন আকারের শিরে চন্দ্রবিন্দু।

যামিনীর গণ্ড চুমি মহা অহংকার !
আলো র্ফেলে তার চুলে কভু থাকে যেন ঝুলে
কামিনীর কর্ণভূষা স্বর্ণ-অলংকার।

সোনার কমল কভু, লুগু যার বোঁটা।
উদাস আকাশ-ভালে রচে কভু স্ব-খেয়ালে,
চন্দনের পঙ্কে লিপ্ত কেশরের ফোঁটা।

চন্দ্রের রমণী যত কৃত্তিকা ভরণী,
শীধূপানে হেসে হেসে বিধু পানে আসে ভেসে,
জ্যোৎস্মা-সাগরে বেয়ে সোনার তরণী।

শশী পশি সুরাপাত্তে হয়ে প্রতিবিম্ব,
লাল হয়ে মদ-রাগে অধীর চুম্বন মাগে
সুরাসিক্ত তব স্থি অধরের বিম্ব।

আজিকার এ পর্বের নায়ক শশাস্ক,
অভিনয় সারারাত ক'রে যাবে প্রতিপাত,
আনন্দের নাটকের সম্পূর্ণ দশাস্ক।

আমি আছি, তুমি আছ, আর আছে চন্দ্র। পাত্রে ঢালো পোখ্রাজ কোলে তুলে এস্রাজ সুরা আর সুরে মিশ্র গাও গীত মন্দ্র।

এ রাতে কে কার মানে শাসন বারণ ?

তুমি আমি নিশিভোর থাকিব নেশায় ভোর—

বারোমাস উপবাস, আজিকে পারণ !

ং ডিদেম্বর ১৯১২

The Book of Tea

শ্রীযুক্ত কাক্ংস ওকাকুরা করকমলেষু

জাপানে চা-পান ব্রত শিক্ষা দিল চীন, মনেতে লেগেছে ছোপ তারি পীত রঙ। চায়ের রঙিন নেশা স্বপ্নে ছায় দিন— ভারতের খেয়ালের কিন্তু জুদা ঢঙ।

গৈরিক আমরা জানি এক পাকা বর্ণ,

— ধুলার ধুসরে লিপ্ত হৃদয়ের রক্ত।
চা-পত্র হৃদয়মুক্ত তপ্ত দ্রব স্বর্ণ,
আত্মার স্বর্ণ তাহে দেখে পীত ভক্ত।

হরিৎ পাতায় লেখে পীত শেষ বাণী, পড়ি' তাই আমাদের স্থবর্ণে বিরাগ। শরতে বসন্ত পুর্ণ জানিয়া জাপানী, সৌন্দর্যের সামা মানে মৃত্যুপূর্ব রাগ।

সেপ্টেম্বর ১৯১২

সনেট-স্থন্দরী

বিগাঢ়যৌবনা তন্ধী, আকারে বালিকা, পরিণত দেহখানি আঁটসাঁট ক্ষুদ্র। শিশির-ঋতুর স্থিধ মস্থ রউদ্র ঘনীভূত ক'রে গড়া স্বর্ণ-পাঞ্চালিকা।

দৃঢ়বন্ধ সুসংযত করে কঞ্চাকা পরিপূর্ণ হৃদয়ের অশান্ত সমুদ্র, কলার শাসনে দান্ত মন তার রুদ্র, মন্ত্রদেহ ষোড়শীর ধরেছে কালিকা।

সন্তর্পণে করি তার অঙ্গে হস্তক্ষেপ, ভয় হয় অনিপুণ অঙ্গুলি-পরশে ছিন্নভিন্ন হয়ে তার কাঁচুলির ডোর, বাক্ত হয়ে পড়ে বুকে সংরুদ্ধ আক্ষেপ! নিপ্রস্থি হাদয়মুক্ত উদ্বেলিত রসে, সে রূপ মলিন করে নয়নের লোর।

০১ জুলাই ১৯১৩ বালিগঞ্জ

অকাল বৰ্ষা

ভীম ভাব

বরষা এসেছে আজ সেজে বাজিকর,
মেঘের ধরিয়ে শিরে ঘন জটাজাল।
অস্তুত মায়াবী ঋতু, রচি ইন্দ্রজাল,
চোখের আডালে রাখে গ্রীষ্মের ভাস্কর।

সঘনে বাজায়, হয়ে বদ্ধপরিকর, অম্বরে ডমরু, লক্ষ অলক্ষ্য বেতাল, বিহ্যুৎ-নাগিনী যত, ত্যজিয়ে পাতাল, অন্তরীক্ষে নাচে সবে, করে ধরি কর।

থেকে থেকে হেসে ওঠে বিচিত্র বিশাল গগনের কোণে কোণে রঙের মশাল।

বরষা-পরশে দিবা রাত্রিরূপ ধরে, আগুন জলেতে ভুলি জাতিবৈর আজ খেলা করে আকাশের অন্ধকার ঘরে— এ বাজির সব ভালো, বাদ দিয়ে বাজ!

১৫ এপ্রিল ১৯১৩

বর্ষা

কান্ত ভাব

বরষা নিশ্বাস ফেলে করেছে মেতুর, নিদাঘের আকাশের রজত-দর্পণ। ললিত গতিতে মেঘ করি প্রসর্পণ হেলায় আচ্ছন্ন করে বৈশাখী রোদ্ধুর

বরষা মেঘের পাখা প্রসারি স্থদূর, মধ্যাক্তে কপিশ ছায়া করেছে অর্পণ। তিরস্কৃত দিবাকর হয়ে সম্তর্পণ, আকাশের অবকাশে ছড়ায় সি^{*}ত্র।

তাপ-খিন্ন কুসুমেরা এবে মাথা তুলি' নয়ন মেলিয়া দেখে অকাল-গোধুলি।

শুল্র পীত রক্তবর্ণ পরি চারু সাজ, ।
ক্লান্ত তমু রেখে কান্ত আকাশের কোলে,
ভর দিয়ে ক্ষীণবৃন্তে, মন্দ মন্দ দোলে
চাঁপা আর কৃষ্ণচূড়া আর গন্ধরাজ।

২০ এপ্রিল ১৯১৩ বালিগঞ্চ

সনেট-চতু ইয় কবিতা

কবিতা লিখেছি শথে, হয়েছে কসুর।
প্রথম মুশকিল মেলা চরণে চরণ,
দ্বিতীয় মুশকিল শেখা একেলে ধরন,
তৃতীয় মুশকিল দেখি পাঠক শ্বশুর!

কাব্যলোক জয় করে সুর কি অসুর—
ভারতী যাহার যাচে চরণ শরণ।
কবিতা না করে যদি স্বয়ং বরণ,
টানাটানি ভারে করা চরিত্র পশুর।

মিলিয়ে খিলিয়ে কথা আমি লিখি পাতা, লোকে বলে, 'ও তো শুধু মিলনান্ত গাতা।'

প্রতা শুনি লেখা চাই মনো-ইতিহাস—
মন কিন্তু দেখা দিয়ে লুকায় আবার।
ধরাছোঁয়া দেয় নাকো, করে পরিহাস,
ভাষায় পড়িলে ধরা, অমনি কাবার!

১ অক্টোবর ১৯১২

কাব্যকলা

কবিতার আছে কিছু রকমসকম।
গত্যে লেখা এক কথা, পত্যে স্বতন্তর—
বাজে যাতে কাজে লাগে, আর অবাস্তর,
ভাব ভাষা তুই চলে ধরিয়া পেখম।

ভাব ছোটে, যদি হয় হৃদয় জখম,
মনোরাগে ফাগ্ খেলে কবির অন্তর,
অম্নি দেয় শুরু করে মনের যন্তর
পায়রার মত বকা বকম্ বকম্।

অথবা দ্রদয় যদি অনলেতে পোড়ে, ভাব ভাষা ছই গ'লে নিজে হতে জোড়ে!

পোড়া কিম্বা তোড়া নুয় যাহার হাদয়,
বুক আর মুখ যার আছে মেরামভ,
কবিতা তাহারে নয় সহজে সদয়—
শব্দ ধরে জব্দ করা তারি কেরামত!

৯ অক্টোবর ১৯১২ S. S. Garhwali Brahmaputra

भम्ठा अ

আমার সনেট

আমার সনেট নাকি নিরেট স্থন্দরী ? বর্ণের প্রলেপে দেহ কঠিন চিক্কণ, চরণের আভরণে নাহিক নিকণ, বুকে নাই রাজযক্ষা, উদরে উদরী ।

শিখর-দশনা তন্ত্রী, শ্যামা ক্ষামোদরী, মসীকৃষ্ণ স্থির তার নির্ভীক ঈক্ষণ। মুগ্ধ নেত্রে মূঢ়ে শুধু করে নিরীক্ষণ— এ রূপ পশে না হূদে নয়ন বিদরি'।

ভাষার সুসার আছে, নাই ভাব প্রাণ, গোলাপের ছোপ আছে, নাই তার ঘাণ।

আমি নাকি ভার-দেহ করি বিশ্লেষণ,
প্রাণহীন মূর্তি গড়ি অঙ্গে অঙ্গ জুড়ে।
প্রতিমা-দর্শনে শুধু, বিনা আশ্লেষণ,
পোরে না এদের সাধ, গাত্র যায় পুড়ে!

অক্টোবর [১৯১৩]
 বালিগঞ্জ

আমার সমালোচক

পরের লেখার এরা করে আলোচনা, তার পূর্বে জুড়ে দিয়ে সম্ উপদর্গ, এরে দেয় জাহান্নমে, ওর হাতে স্বর্গ। আমার বিচারপতি তুমি সুলোচনা।

কবিতার মূলে মম তব প্ররোচনা, এ লেখা তোমারে তাই করি উৎসর্গ। ভালো যদি নাহি লাগে, লেখায় বিদর্গ তোমার আদেশে দিব, গৌরী গোরোচনা!

সনেটের গোনাগাঁথা ছত্র চতুর্দশ — এ পাত্রে যায় না ঢালা একগঙ্গা রস॥

জানি মোর ভারতীর তন্থর তনিমা,
না বধি রাবণ পচ্চে, কিন্তা রাজা কংস !
সাধনার ধন মোর ভাবের অণিমা—
অর্থাৎ ভাষায় ধৃত মনের ভগ্নাংশ।

১৪ অক্টোবর ১৯১২ শিলং

সনেট-সপ্তক

ইংলতে. কোনো বিশেষ অবস্থায় পড়িয়া, জনৈক বন্ধযুবকের হৃদয় এবং মন সহসা যুগপং প্রণয় এবং কবিজ-রদে আপ্লুত হইয়া উঠে। তিনি তৎ-ক্ষণাং একটি পকেট-বুকে পূর্বোক্ত বাহ্যিক এবং মানসিক অবস্থার বিষয় নোট করিয়া রাখেন। তৎপরে সেই নোট অবলম্বনে স্বীয় মনোভাবের বর্ণনা করিয়া ইংরাজি ভাষায় কয়টি সনেট রচনা করেন। আমি তাঁহার হস্ত-निश्चि भूँ वि इटेर्ड এट मन्दि करमक्ति वश्र्वामा प्रक्रवाम कविमाहि। সনেটগুলির প্রধান গুণ এই যে, তাহার ভাব কিংবা ভাষায় ক্লব্রিমতার লেশমাত্ত নাই। এতদ্বাতীত, Ideality এবং Realityর এরপ অপূর্ব মিশ্রণ, কাল্পনিক এবং বাস্তব জগতের এরূপ ওতপ্রোতভাবে একত্র সমাবেশ, আমি পূর্বে কখনে। অন্ত কোনো বন্ধকবির রচনায় দেখি নাই। অথচ কবির হৃদয় যে খাঁটি বাঙালী হৃদয়, সে বিষয়ে কোনো সন্দেহ নাই। শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন তাঁহার "বন্ধভাষা ও সাহিত্য" নামক বিখ্যাত গ্রন্থের পাতায় পাতায় এই মত ব্যক্ত করিয়াছেন যে, মধুর রুদে বিগলিত অন্ত কোনো কবি তাহার সিকির সিকিও জানে না। বুকের রক্ত জল হইয়া চক্ষু হইতে নিৰ্গত হওয়ার উপরেই যদি বাঙালী কবির কবিত্ব নির্ভর করে, তাহা হইলে আমাদিগকে স্বীকার করিতেই হইবে যে, এই অপরিচিত যুবকটি বন্ধদেশের ধকটি শ্রেষ্ঠ কবি। এই সনেটগুলি পাঠ করিবার সময় সহাধ্য পাঠক অস্তত ত্ৰ-চার ফোঁটাও চোথের জল ফেলিতে বাধ্য হইবেন। অন্তবাদে মূলের ভাষার সৌন্দর্য রক্ষা করা যায় না, এবং সেই কারণে আমি অসম্ভবকে সম্ভব করিবার কোনোরপ রুখা চেষ্টা করি নাই। যদি মাছিমারা তরজ্ঞ্যা নামক কোনোরূপ পদার্থ থাকে তাহা হইলে আমার এ তরজ্ঞ্মা তাই, অর্থাৎ আমি যতদূর সম্ভব অবিকল অনুবাদ করিয়াছি। প্রথম

সনেটেট আমি কবির পকেট-বুকের নোট অবলম্বনে রচনা করিয়াছি, যাহা গত্ত আকারে ছিল তাহা পত্ত আকারে পরিণত করিয়াছি। আমি সেই নোট নিম্নে উদ্ধৃত করিয়া দিলাম, তদ্ভূটে ইংরাজি-ভাষাজ্ঞ পাঠকমাত্তেই দেখিতে পাইবেন যে, অঞ্বাদস্থলে আমি নিক্ষের কলম চালাই নাই।

Note:

(1) Winding rivulet (2) Brook vocal (3) Rustic bridge (4) Railing (5) Beautiful lady leaning against (6) Playing violin (7) Lawn (8) Rabbit running about (9) Clear stream (10) Feeling heavenly bliss.

অহুবাদক

প্রথম

নীচেতে চলেছে জল আঁকিয়া বাঁকিয়া, তরল আবেগ-ভরে ঝাঁকিয়া ঝাঁকিয়া; কানে শুনি তারি গান শুধু কুলুকুলু, রসাবেশে হয়ে আসে চক্ষু ঢুলু ঢুলু।

উপরেতে ভাঙা সাঁকো, হেরিছু যুবতী রেলিঙেতে ভর দিয়ে আছে রূপবতী; আপন ভাবেতে ভোর বাজায় বেয়ালা— রূপে মোর ভরে গেল নয়ন-পেয়ালা।

নির্মল নির্মার নীর, নাহি তাহে পক্ষ, রূপসী চাঁদের পারা শশহীন অক্ষ, শশক বেড়ায় ছুটে পেয়ে সমভূমি; চাঁদ যদি হাতে পাই একবার চুমি।

সে রূপ বর্ণনা করে বর্ণ নাই বর্গে, না[©]মরিয়া চলে গেন্থ একদম স্বর্গে।

৯ সেপ্টেম্বর ১৯১২

দ্বিতীয়

তব হস্তে যান্ত্র করে ভ্রমরগুঞ্জন;
কভু ধ্বনি শুনি কাছে, কভু বহু দূরে,
কভু লম্ফে উধ্বে ওঠে, কভু পড়ে ঘুরে,
জানিনে সে সুর আমি স্বর কি ব্যঞ্জন।

হাদিতন্ত্রী কিন্তু মম করে ঝন্ঝন্!
লেগেছে ভাবের নেশা বেয়ালার সুরে,
সংগীতের মত্যে হয়ে অতি চুর্চুরে,
তালে তালে নাচে মোর নয়ন-খঞ্জন।

সেই সঙ্গে নাচে মোর পরান-পুতুল পাগলের পারা, হয়ে আনন্দে অতুল।

চোখের স্থমুখে ভাসে দিবসের চাঁদ, চাঁদির কিরণ দেয় চৌদিকে ছড়িয়ে, ভেঙে চুরে সব মোর হৃদয়ের বাঁধ, কবিতার রস মনে পড়িছে গড়িয়ে।

২০ ফেব্রুয়ারি ১৯১৩ কলিকাতা

তৃতীয়

আমার বুকের কৃপে একি তোলপাড়!
এতদিনে বুঝি মনে জাগে ভালোবাসা!
এক বৃত্তে ফুটে ওঠে ভয় আর আশা,
এ জীবনে এল বুঝি প্রথম আষাঢ়!

কখনো আশার জ্বলে বেলোয়ারি ঝাড়, কভু ষিরে আসে মনে ভয়ের কুয়াশা, ও রূপ-মদিরা পিয়ে বাড়িছে পিপাসা, হৃদয়-মাতাল খায় বুকেতে আছাড়!

কি রস ঢালিলে প্রাণে, হৃদয়ের রাজ্ঞী ! বর্ণনা করিতে নারি, নহি আমি বাগ্মী।

প্রেমসিন্ধুপানে এবে চলি ভরা পালে, দোলা খায় অন্তরাত্মা, মুখে নাহি বাণী। কি করি, বুদ্ধির হালে পায় নাকো পানি, হুর্গা বর্লে ভেসে পড়ি, যা থাকে কপালে!

চতুৰ্থ

ভালো ভোমা বাসিবারে নাহিকো সাহস, ভয়, পাছে লোকে বলে মোর আছে ছিট-গগনের ভারা ভূমি, আমি ক্ষুদ্র কীট! ভোমারে হেরিয়ে শুধু হয়েছি বেহোঁশ।

কিন্তু যদি হইতাম আমি খরগোস, এ দেহে পড়িত তব নয়নের দিঠ, নিশ্চয় ছুটিতে তুমি মোর পিঠ-পিঠ, ধরা দিয়ে মানিতাম বিনাবাক্যে পোষ।

দূরে বসি এবে দেখি তব খোলা চুল, তোমার আমার মাঝে আছে ভাঙা পুল।

মিলন-আশায় তাই হইয়ে হতাশ, তোমার রূপের ঢেউ বুদে বদে গুনি, কানে কানে বলে মোরে নিষ্ঠুর বাতাস— কভু তুমি ও-নারীর হবে নাকো 'উনি'!

২০ ফেব্ৰুয়⊺রি ১৯১৩ কলিকাতা

প্ৰথম

পড়িতেছে আজ শুধু লুটিয়ে লুটিয়ে আমার মনের পাখি বুকের বাসায়। কোথা হতে জল এসে নয়নে নাসায়, ফোয়ারার মত পড়ে ছুটিয়ে ছুটিয়ে।

মনের ছখের কালি ঘুঁটিয়ে ঘুঁটিয়ে কবিতা আজিকে লিখি ইংরাজি ভাষায়, পড়িবে ভোমার চোখে ধরি এ আশায়, কথায় ব্যথার ফুল ফুটিয়ে ফুটিয়ে।

কবি আমি হইয়াছি অবস্থায় পড়ে', তরণী ছন্দেতে দোলে পড়িলেক ঝড়ে।

ছিন্ন ভিন্ন হয়ে গেছে মনের বাঁধন,
কবিতায় তাই আজি করি আপসোস।
এখন আমার কাজ শুধুই কাঁদন—
কোথা সেই বাহুলীন, কোথা খরগোস!

২০ ফেব্রুয়ারি ১৯১৩ কলিকাতা

ষষ্ঠ

আশা ছিল একদিন আমি হেসে হেসে, বলিব মনের কথা তব কানে কানে, তোমার দেহের সাদা চুম্বকের টানে বসিব তোমার আমি অতি কাছে যেঁষে!

সে সব প্রাণের সাধ আদ্ধ গেছে ভেসে
কোন্ দূর গগনেতে, কেবা তাহা জানে।
গা ঢেলে বিরহে চলি অক্লের পানে,
— আশার ডিঙার মোর গেছে তলা ফেঁসে!

মন আজ বলে শুধু, "কোণা প্রাণসই, ফোটে যার বেয়ালাতে সংগীতের খই ?"

এ বুকে লেগেছে তার ব্লেয়ালার ছড়ি,
তারি টানে অবিরল চোখে আসে জলু।
ভালোবেসে পরদেশে এই হল ফল,
— রহিল বুকেতে চেন— চলে গেল ঘড়ি!

২৭ এপ্রিল ১৯১৩ বালিগঞ্জ

সপ্তম

খুলে যদি দেখ' মোর হৃদয়-ফলক, দেখিবে সেথায় প্রিয়া, ঈষৎ হেলিয়ে, চিত্রার্পিতা হয়ে আছে, কুস্তল এলিয়ে, সুনীল কাচের চোখে না পড়ে পলক।

প্রতি অঙ্গ হতে ছুটে রঙের ঝলক, মনের আঁধারে দেয় বিছ্যুৎ খেলিয়ে, বুকের মাঝারে তাই উঠিছে ঠেলিয়ে প্রাণের মধুর রসে প্রবল বলক!

যদিচ প্রিয়ার ছবি মনে আছে আঁকা, প্রিয়া বিনে সব মোর লাগে ফাঁকা ফাঁকা

কতকাল র'ব বল শুধু স্মৃতি নিয়ে ?
অশুজুলে যাক বুকে ছবি ধুয়ে মুছে।
অলীক সাদার মোহ যাক মনে ঘুচে—
করিব স্বদেশে ফিরে কালো মেয়ে বিয়ে।

[0666]

বৰ্ষা

ছড়|

এ বুঝি আষাঢ় মাস, তাই ছুটে চারিপাশ শুধু করে হাঁসফাঁস পুবের বাতাস।

কালো কালো মেঘগুলো জল খেয়ে পেট ফুলো, পুঁটুলি পাকিয়ে শুলো জুড়িয়া আকাশ।

হাতির মতন ধড় নাহি তাহে নড়চড়, নাক ডাকে ঘ'ড় ঘড় চারি দিক ছেয়ে

এত হ'ল অন্ধকার দিবারাত্রি একাকার, পাখি সব চীৎকার করে ভয় খেয়ে

হু হাত না চলে দৃষ্টি, ধুয়ে পুঁছি সব সৃষ্টি অবিশ্রাম ঝরে বৃষ্টি ঝর ঝর ঝরে ঝরে।

দেখে ভয়ে কাঁপে বুক,
আকাশ ভেংচায় মুখ
বিহ্যুতের সবটুক
জিভ বার করে।

চিল খায় ঘুরপাক, ডালে বসে কাঁপে কাক, আকাশেতে বাজে ঢাক ড্যাঙ ড্যাঙ ডাড়।

সারস মেলিয়া পাখা
নাচে হয়ে জাঁকাবাঁকা,
ময়ুর ধরেছে কৈকা,
গায় কোলাব্যাঙ।

হাঁস, রাজ আর পাতি, খালে বিলে সার গাঁথি ফুলিয়ে বুকের ছাতি হেসে ভেসে চলে।

ব্যাঙদের মক্মকি, বিহ্যুতের চক্মকি দেখেশুনে বক বকি এক পায়ে টলে।

গাছেদের মাথা ছুঁরে আকাশ পড়েছে হুয়ে জল ঝরে চুঁয়ে চুঁয়ে মেঘের চুলের।

শিউলি ভূঁঁ য়েতে লুটে, কদম উঠেছে ফুটে, ভিজে গন্ধ আসে ছুটে কেতকী ফুলের।

ছেলেপিলে মহানন্দ ঘরে ঘরে হয়ে বন্ধ, পরস্পরে করে দেখ মহা তাল ঠুকে।

পা ছড়িয়ে নারীকুল উন্নুনে শুকোয় চুল, ছ নয়ন বাষ্পাকুল ধোঁয়া চুকে চুকে।

মাতিয়া বরষা-রদে,
ভাঙা গলা মেজে ঘষে
কোনো যুবা ভাঁজে কষে
স্থরট মল্লার।

কেহ বা মনের ঝোঁকে কবিতা লিখিছে রোখে, গোঁথে দিয়ে প্রতি শ্লোকে কুমুদ কহলার।

বিলি শুন, ওহে বর্ষা ! আবার যে হবে ফর্সা এমন হয় না ভর্সা— না হয় না হোক।

তোমার ঐ রঙ কালো, তোমার ঐ রাঙা আলো, তার রড় লাগে ভালো যার আছে চোখ।

৭ জুন ১৯১৩ বালিগঞ্জ

কৈফিয়ত

Terza Rima ছান্দ

শুনাব নৃতন ছন্দে মম ইতিহাস, কেমনে হইসু আমি শেষকালে কবি। আগে শুনে কথা, শেষে কোরো পরিহাস

যৌবনে বাসনা ছিল, ছনিয়ার ছবি, আঁকিতে উজ্জ্বল করে সাহিত্যের পত্তে— বর্ণের স্বর্ণের লাগি পুজিতাম রবি।

ফলাতে সংকল্প ছিল মোর প্রতি ছত্তে, আকাশের নীল আর অরুণের লাল— এ ছটি বিরোধী বর্ণ মিলিয়ে একত্তে।

দলিত-অঞ্জন কিম্বা আবির গুলাল অথচ ছিল না বেশি অস্তরের ঘটে— এ কবি ছিল না কভু বাণীর গুলাল।

তাইতে আঁকিতে ছঁবি কাব্য-চিত্রপটে, বুঝিলাম শিক্ষা বিনা হইব নাকাল। চলিকু শিখিতে বিভা গুরুর নিকটে।

হেথায় হয় না কভু গুরুর আকাল ! পড়িকু কত-না জানি বিজ্ঞান দর্শন, ভক্ষণ করিকু শত কাব্যের মাকাল।

সে কথা পড়িলে মনে রোমের হর্ষণ
আজিও ভয়েতে হয় সর্ব অঙ্গ জুড়ে—
এ ভবসিন্ধর সেই সৈকত-কর্ষণ !

বন্ধ হল গতিবিধি কল্পনায় উড়ে, গড়িহু জ্ঞানেতে-ঘেরা শান্তির আলয়— সহসা পড়িল বালি সে শান্তির গুড়ে।

নেত্রপথে এসে ছটি সুবর্ণ বলয়
সোনার রঙেতে দিল দশ দিক ছেয়ে—
সুশাসিত মনোরাজ্যে ঘটিল প্রলয় !

বলা মিছে এ বিষয়ে বেশি এর চেয়ে, ছন্দেতে যায় না পোরা মনের হাঁপানি— এ সত্য সহজে বোঝে তুনিয়ার মেয়ে।

ফলকথা, কালক্রমে ত্যজি বীণাপাণি, ছাড়িমু হবার আশা সাহিত্যে অমর। হেথায় বাঁচিতে কিন্তু চাই দানাপানি!

পূজাপাঠ ছেড়ে তাই, বাঁধিয়া কোমর, সমাজের কর্মক্ষেত্রে করিছু প্রবেশ— শুরু হল সেই হতে সংসার-সমর।

পরিকু সবারি মত সামাজিক বেশ, কিন্তু তাহা বসিল না স্বভাবের অঙ্গে। সে বেশ-পরশে এল তন্দ্রার আবেশ।

কি ভাবে কাটিল দিন সংসারের রঙ্গে, স্বেচ্ছায় কি অনিচ্ছায়, জানে হৃষীকেশ। কর্মক্ষেত্র ধর্মক্ষেত্র এক নয় বঙ্গে।

এদিকে রুপালি হল মস্তকের কেশ, সেই সঙ্গে ক্ষীণ হল আত্মার আলোক— হইল মনের দফা প্রায়শ নিকেশ।

দেখিলাম হতে গিয়ে সাংসারিক লোক, বাহিরের লোভে শুধু হারিয়ে ভিতর, চরিত্রে হইন্থ বৃদ্ধ, বৃদ্ধিতে বালক!

এসব লক্ষণ দেখে হইত্ব কাতর—
না জানি কখন আসে বুজে চোখ কান,
সেই ভয়ে দূরে গেল ভাবনা ইতর।

হারানো প্রাণের ফের করিতে সন্ধান সভয়ে চলিন্থ ফিরে বাণীর ভবনে, যেথায় উঠিছে চিরু আনন্দের গান।

আবার ফুটিল ফুল হৃদয়ের বনে, সে দেশে প্রবেশি' গেল মনের আক্ষেপ, করিলাম পদার্পণ দ্বিতীয় যৌবনে।

এদিকে সুমুখে হেরি' সময় সংক্ষেপ রচিতে বসিন্থ আমি ছোটখাট তান বর্ণ সুর একাধারে করিয়া নিক্ষেপ।

আনিসু সংগ্রহ করি বিঘতপ্রমাণ ইতালির পিতলের ক্ষুদ্র কর্নেট, তিনটি চাবিতে যার খোলে রুদ্ধপ্রাণ।

এ হাতে মূরতি ধরে আজি যে সনেট, কবিতা না হতে পারে, কিন্তু পাকা পত্য— প্রকৃতি যাহার 'জেঠ', আকৃতি 'কনেঠ'।

অন্তরে যদিচ নাহি যৌবনের মন্ত, ক্লপেতে সনেট কিন্তু নবীনা কিশোরী, বারো কিন্থা তেরো নয়, পুরোপুরি 'চোদ্দ'!

১৫ অগস্ট ১৯১৩ বালিগঞ্জ

পত্ৰ

শ্ৰীযুক্ত 'দাহিত্য'-সম্পাদক স্থকরকমলেষ্

বলি শুন বন্ধুবর,	ঘুণ-ধরা বাঁশে ভর		
দেয়া তব	মিছে।		
জীবনের তিন ভাগ,	তার সুর তার রাগ		
পড়ে আ	ছ পিছে।		
সিকি যাহা আছে বাকি,	দিতে নাহি চাহি ফাঁকি,		
— অথচ	নাচার।		
যার অর্থ আমি খুঁজি,	ভালো করে নাহি বুঝি—		
কি করি	প্রচার ?		
এ-হেন লেখক নিয়ে,	পত্রিকা চালাতে গিয়ে,		
ঠেকে যা	বে দায়ে।		
কল্পনা কাম্বোজ-যোড়া,	বয়েসে হয়েছে খোঁড়া,		
চলে ভিন	পায়ে।		
ভোঁতা হল পঞ্চবাণ,	প্রেমের উজান বান		
নাহি ডাবে	क मत्न ।		
সমাজের পোষা পাখি	সমাজ-খাঁচায় থাকি,		
ভুলে গো	हे तत्न।		
এখন দখিনে বায়	শুধু মিষ্টি লাগে গায়,		
হাড়েতে ব	লাগে না।		
মলয়ের মন্দ ফুঁয়ে	হৃদয় গেলেও ছুঁয়ে,		

ऋपग्र क्वारंग ना।

পাপিয়ার কলতান আজো শুনি পাতি কান, করিত্ব স্বীকার।

অশরীরী তার গানে আজিকে আনে না প্রাণে তরুণ বিকার।

বসন্তে কুসুম ফোটে, নিশ্চয় ভ্রমর ছোটে তার গন্ধ পেয়ে।

মুখ দিয়ে ফুলে ফুলে, কি যে করে অলিকুলে, দেখি নাকো চেয়ে।

আজিও পূর্ণিমা নিশি চেলে দেয় দিশি দিশি কিরণ শীতল।

কিন্তু তার দিব্যবর্ণ পারে না করিতে স্বর্ণ মর্ত্যের পিতল।

Ş

কপালেতে ছিল লেখা, তাই আজ লিখি লেখা, অবসর পেলে।

কথার নেশায় মাতি, কথায় কথায় গাঁথি,
শ্মতি-বাতি জেলে।

লেখাপড়া মোর পেশা লেখাপড়া মোর নেশা, কাজ আর খেলা।

সেই কাজ, সেই খেলা, করিয়াছি অবহেলা, যবে ছিল বেলা।

এখন চারিটি দিকে রঙ যবে হল ফিকে, রচি গভা পভা।

তাহার পনেরো আনা, স্বাকারি আছে জানা, মোটে নয় স্ত ।

যে কথা হয়েছে বলা, সেই কথা সেধে গলা, বলি আরবার।

মনের পুরোনো মাল, মেজে ঘষে করি লাল, করি কারবার।

হয়তো বা পূরোপূরি, না জেনে করেছি চুরি, প্র-মনোভাব ।

অথবা জাওর কাটি; খেয়ে আমি পরিপাটি সাহিত্যের জাব।

೨

শুনিতে আমার কথা কার হবে মাথাব্যথা, ভাবিয়া না পাই।

মাকুষে কাব্যের গায় আগুন পোয়াতে চায়, — নাহি চায় ছাই।

আমি চাই সত্য বলি, সত্য মোরে যায় ছলি, মিথ্যা রেখে হাতে।

কাব্যে চলে মিছা কথা, কাব্যের এ মিছে কথা লেখা পাতে পাতে।

ভাবকে তরল করা ভাষাকে সরল করা নয় সোজা কাজ।

মনকে উলঙ্গ করি, এত না সাহস ধরি, সেটা জানি আজ।

তাইতে বাহিরে আনি, ঢেকে তার দেহখানি বাক্য-কিঙখাবে।

বিলি— হের পেশোয়াজ, হেন চারু কারুকাজ আর কোথা পাবে ?

পাঁটসাঁট ছন্দোবন্ধ দিয়ে রচি কটিবন্ধ মোর কবিতার।

দেখিলে পরথ করি. দেখিবে হয়তো জরি ঝুঁটো সবি তার।

কবি চাহে নব ধাঁচে মনের পুতুল নাচে, সাহিত্য-আসরে।

বাহবা পরের কাছে নর্তকীর মত যাচে, প্রমোদ-বাসরে।

ভাষা ভাব এলো করা, কবিতাকে খেলো করা হয় তাহে জানি।

তাই ব'লে শুধুরঙ্গ, কাব্যে করা অঙ্গভঙ্গ, ভালো নাহি মানি।

হলে ভাবেতে ফতুর হই ভাষায় চতুর---এটি নাহি ভুলি।

কেহ দেয় করতালি কেহ দেয় খর গালি, কানে নাহি তুলি।

8

এবে চাই গলা খুলে ছলাকলা গিয়ে ভূলে সাদা কথা বলি।

ত্যজি সব অহংকার, খুলি বস্ত্র অলংকার, রাজপথে চলি।

কিন্তু সে হবার নয়, চলিতে পাই গো ভয় সেই পথ ধ'রে।

সে পথের কোথা শেষ নাহি জানি সবিশেষ, না জানে অপরে।

যা না দেখি, যা না জানি, তাই নিয়ে হানাহানি, গুরুতে গুরুতে।

স্ষ্টির আসল মানে, কেহ কিছু নাহি জানে, শেখায় পুরুতে।

জ'লো ধর্ম, জ'লো নীতি, বেচাকেনা হয় নিতি, সাহিত্য-বাজারে।

তত্ত্ব তথ্য তন্ত্র মন্ত্র, জন্ম দেয় মুদ্রাযন্ত্র হাজারে হাজারে।

হয় জ্ঞানী কাটা ঘুড়ি, নয় দেয় হামাগুড়ি ভুঁয়ে মুখ গুঁজে।

মুখে বলে 'আবি আবি', ৃ অন্ধকারে খায় খাবি, ভয়ে চোখ বুজৈ।

অথবা টানিয়ে কলকি বলে বিশ্ব মহাভেলকি, জ্ঞানে যাবে উড়ে।

এদিকে কান্নার রোল, উঠিতেছে অবিরল, দশ দিক জুডে।

মানবের অশ্রুবারি, যাহে না মুছাতে পারি, সেই জ্ঞান ফাঁকি।

দর্শন বিজ্ঞান তাই, উড়িয়ে কথার ছাই, কানা করে আঁখি।

তাই কথা বড় বড় একত্র করিতে জড় ভালো নাহি বাসি।

নাহি লাগে কারো কাজে, বড় কথা বড় বাজে, নয় বড় বাসি।

ঢের ভালো তার চেয়ে চলে যাওয়া গান গেয়ে আপনার মনে।

পলে পলে যাহা ফুটে', দলে দলে যায় টুটে, হৃদয়ের বনে।

æ

মান্থ্যেতে কিবা চায়, কেন করে হায় হায়, কি তার অভাব ?

কেবা জানে, কেবা বলে, —এই মাত্র বলা চলে এ তার স্বভাব।

রমণী ধরিলে ক্রোড়ে, সব বুক নাহি জোড়ে ফাঁক থেকে যায়।

শৃত্য মনে বুঝাইতে, শৃত্য হিয়া বুঁজাইতে, আনে দেবতায়।

সে শুধু অনস্ত ধোঁয়া, নাহি দেয় ধরাছোঁয়া নাহি যায় সবি।

সেই ভয়, সেই আশা, নাহি কোনো জানা-ভাষা যাহে রাখি ধরি'।

'অতৃপ্ত হৃদয় কাঁদে পড়িতে প্রেমের ফাঁদে ফিরে বার বার।

এই মাত্র আমি জানি, এই মাত্র আমি মানি জগতের সার।

"জানি মোরা খাঁটি সত্য, ছোট বড় গৃঢ় তত্ত্ব সকল স্প্রির।"

ব'লে যারা করে সোর জানে তারা কত জোর কথার বৃষ্টির।

আমি চাহি শুধু আলো, ভালো নাহি বাসি কালো অন্তরের ঘরে।

আর জানি এক থাঁটি, পায়ের নীচেতে মাটি আছে সবে ধরে'।

মাটি আর আলো নিয়ে, দিতে চাই ছয়ে বিয়ে, সসীমে অসীম।

যত কিছু লেখাপড়া, তার অর্থ শুধু গড়া মাটির পিদিম।

আর নাহি জোটে মিল, হাতে লেগে আসে খিল চলে না কলম।

মস্তিক্ষ কাতরে চায়, এড়াতে চিন্তার দায়, ঘুমের মলম।

১১ জুন ১৯১৩ বালিগঞ্জ

ছয়ানি

প্রাণহীন কবিদের বীণার ঝংকার। বাণহীন ধহুকের ছিলার টংকার॥

কেবল কথার রাজ্যে বিস্তারে প্রভাব। ছোট ছোট হৃদয়ের বড় বড় ভাব॥

ডুব দিয়ে অন্তরের অতল সাগরে। কেহ বা মুক্তা তোলে, কেহ ডুবে মরে।

খুঁজো নাকো সৌন্দর্যের গোড়াকার অঙ্ক। ফুলের গাছের মূলে পাবে শুধু পঙ্ক॥

শ্রোতা বলে রাগ বাজে শুধু এক তারে। তবে কেন বাজে তার সাজে ডান ধারে॥

.কাঁদ' যদি বসে উচ্চ হিমালয়-শিরে। প্রতি বিন্দু অঁশ্রু হবে হাস্থোজ্জ্বল হীরে॥

অয়স্বান্ত মহাকাশ মনের চুম্বক। মন যার লোহা, তার সহজ কুম্ভক॥

দ্বারে এসে অবশেষে রাখ' শ্রান্ত কায়া। পড়েছে মুখেতে তাই কপাটের ছায়া॥

বহুকাল তরুতলে আছ ধ্যানে বসি'। জান না পড়েছে সব পাতাগুলি খসি'॥

যদিচ অনস্ত বটে সুমুখের পথ। শেষের আশার বাষ্পে চলে মনোরথ॥

বিশ্বছন্দ গড়ি, দিয়ে পদে পদে যতি। পদে পদে স্থিতি বিনা নাহি হয় গতি॥

পাও যদি খুঁজে কোথা অসীমের সীমা। দেখিবে সেথায় আছে দাঁড়ায়ে প্রতিমা

৭ অক্টোবর ১৯১৩ বা*লিগঞ্জ*

বনফুল

পত্রপুটে এলে কোথা বনবাসী ফুল ?
অঙ্গরাগ হেরি তব সমুদ্রের নীল,
তোমার পরশে আছে মলয় অনিল—
এ তো নহে কৃষ্ণনের সাগরের কৃল !
হিমের আলয়ে হেথা বড় অপ্রতুল
স্থুখস্পর্শ সমীরণ, তরল সলিল।
সুকুমার কৃস্থুমের কি আছে দলিল
এত উধ্বে উঠিবার, না হলে বাতুল ?
এ দেশে আকাশে ভাসে ধুসর কুয়াশা,
তারি মাঝে মাথা তোলে পর্বতের শৃঙ্গ,
উজ্জ্বল কিরীটে যার হীরক তুষার।
ফ্রীণ প্রাণে ধরি কোন্ প্রফুটিত আশা,
এসেছ এ পরদেশে, যেথা নাই ভৃঙ্গ ?—
বরফের বুকে নাহি তোমার সুসার!

২৪ **অক্টোবর** ১৯১৩ দার্জিলিং

চেরি পুষ্প

বসস্তের আগমনে আজো আছে দেরি,
পর্বতের স্তরে স্তরে বিরাজে তুষার।
চুরি ক'রে ফিকে রঙ গোলাপী উষার,
লাজ মুখে ফুটিয়াছ ঝাঁকে ঝাঁকে চেরি!
পত্রহীন শাখাগুলি ফেলিয়াছ ঘেরি,
বিষয়া তাহার অঙ্গে কুঙ্কুম আসার।
সে জানে, যে বোঝে অর্থ ফুলের ভাষার,
বসস্তের ঘোষণার তুমি রত্নভেরি!

মর্মর-কঠিন-শুল্র তৃষারের গায়ে
পড়েছে রূপের তব রঙিন আলোক,
পূর্বরাগে লিপ্ত তব কর-পরশনে,
শিশিরে বসস্ত-শ্বৃতি তুলেছে জাগায়ে।
রক্তিম আভায় যেন ভরিয়া ত্রিলোক
শোভিছে উমার মুখ শি্ব-দরশনে।

২৫ অক্টোবর ১৯১৩ দাজিলিং

ভালো তোমা বাসি যথন বলি

'ভালো ভোমা বাসি' যখন বলি ভোমায় ছলি। প্রেমের কলি, মরমে আমার শরমে ভয়ে ফোটে না রক্তকমল হয়ে।

'ভালো নাহি বাসি' যখন বলি আপনা ছলি। প্রেমের কলি, ভয়ের বাধার আঁধার ঘরে আশার বাভাসে জীবন ধরে।

ভালো তোমা আমি বাসি না-বাসি, কাছেতে আসি। তোমার হাসি, মনের কোণেতে প্রদীপ জ্বেলে নিতি নব দেয় আলোক ঢেলে।

তোমা ছেড়ে যবে দূরেতে আসি, তোমার বাঁশি, আকাশে ভাসি,

করুণ স্থরেতে ভোরে ও সাঁঝে ব্যথার মতন বুকেতে বাজে।

২৩ মার্চ ১৯১৪ বালিগঞ্জ

প্রেমের খেয়াল

बैभान् भिनान गरकाभाधाय कनागीरयय

প্রেমের ছ-চার কবিতা লিখেছি
লিখি নি গান।
প্রেমের রাগের আলাপ শিখেছি
শিখি নি তান।
কত-না শুনেছি প্রণয়কাহিনী,
কত-না শুনেছি প্রেমের রাগিণী
পাতিয়া কান।
আপন মনের কখনো গাহি নি
কাঁপানো গান।

প্রেমের খেয়াল সহজে মানে না
তাল ও মান।
ছোটা বই আর নিয়ম জানে না
ফুলের বাণ।
প্রেম নাহি মানে আচার বিচার,
গীত নহে তার, সোনার খাঁচার
পাথির গান।
প্রেম জানে নাকো ত্ব বেলা মিছার
করিতে ভান।

ভূরীতে ভেরিতে কখনো বাজে না ভরল তান। পরীর শরীরে কখনো সাজে না জরির থান। আছে যা লুকায়ে ভাষার অস্তরে, পার যদি দিতে মনের যন্তরে হালকা টান, ভবে তা আসিবে সুরের মন্তরে ধরিয়া প্রাণ।

থাকে না কবির সাজানো ভাষায় ফুলের আণ।
পড়ে না কবির সাজানো পাশায়
মনের দান।
কর যদি তুমি আকাশ-ফুলের
কর যদি তুমি অনস্ত ভুলের
মদিরা পান।
তা হলে গাহিবে প্রাণের মুলের
রসের গান।

২২ মার্চ ১৯১৪ বা**লিগঞ**

ৰিজেন্দ্ৰলাল

উদার আঁধার-মাঝে বিহ্যুতের মত উঠেছিল ফুটে তব ক্ষিপ্র তীব্র হাসি, ঘনঘোর মেঘে ঘেরা দিগস্ত উদ্ভাসি'। দেখায়েছ বাহিরের উদারতা কত॥

গভীর অরণ্য-মাঝে ক্রন্দনের মত উঠেছিল বেজে তব মন্ত্র-মন্দ্র বাঁশি রক্রে রক্রে স্থরে স্থরে বেদনা উচ্ছাদি'। বুঝায়েছ অন্তরের গভীরতা কত॥

সে আলো হারিয়ে গেছে এ দৃশ্য ভূবনে, সে সুর চারিয়ে গেছে এ স্পৃশ্য পবনে॥

যে আলো দিয়েছ তুমি সহাস্থে বিলিয়ে, যে সুরে দিয়েছ তুমি ছায়াময়ী কায়া, মনের আকাশে কভু যাবে না মিলিয়ে— রহিবে সেথায় চির, তার ধুপছায়া॥

২৩ জুন ১৯১৩ বালিগঞ

স্নেহলতা

স্বয়ংবরে বরিয়াছ তুমি বৈশ্বানরে দেবতার আলিঙ্গন করি অঙ্গীকার। তব স্পর্শে উচ্ছুসিত জীবস্ত শিখার আভায় তুলিছে আজ দেশ আলো ক'রে

অপূর্ব হোমাগ্নি জালি বিবাহবাসরে,
দিয়াছ আহুতি তাহে দেহ মল্লিকার।
'অনন্ত মরণ-মাঝে জীবন বিকার'—
এ সত্য কোথায় পেলে তব খেলাঘরে ?

এ জগতে প্রাণ চায় সচ্ছন্দ বিকাশ ; ফুলের ফুটিতে চাই উদার আকাশ।

দাস মোরা চিরবন্দী শাস্ত্র-কারাগারে, উন্মৃক্ত আকাশ হেরি শুধু ভয় পাই। জেলেছ যে সত্য বহ্নি মিথ্যার মাঝারে এ জড় সমাজ তাহে পুড়ে হোক ছাই।

৪ মার্চ ১৯১৪ বালিগঞ্জ

খেয়ালের জন্ম

Terza Rima

বাদশা ছিলেন এক পরম খেয়ালী, বিলাসের অবতার জাতে আফগান। দিনে তাঁর নিত্য দোল, রাত্তিরে দেয়ালি।

জীবন তাঁহার ছিল শুধু নাচগান,

— শাসন পালন রাজ্য করিতেন মন্ত্রী—
নর্তকী তু বেলা দিত রূপের জোগান।

বিরে তাঁরে রেখেছিল শত শত যন্ত্রী, কারো যন্ত্র রুদ্রবীণ কারো বা রবাব— স্পর্শে যার কেঁপে ওঠে হৃদয়ের তন্ত্রী।

কারো হাতে সপ্তস্বরা, যন্ত্রের নবাব, ললিত গন্তীর যার প্রসন্ন আওয়াজ, মনের স্থুরের দেয় স্থুরেতে জবাব।

সেকালে কেবল ছিল ধ্রুপদ রেওয়াজ—
ছয় রাগ হয়েছিল এত দরবারী,
এক পা নড়িত নাকো বিনা পাখোয়াজ।

সংগীতের ছোট বড় যত কারবারী, বধিতে সুরের প্রাণ হল অগ্রসর— হু হাতে উচিয়ে ধরে তাল-তরবারি।

একদিন বাদশার জাঁকিয়ে আসর বসেছে ইয়ার যত আমির ওমরা, সাকীদের তাগিদের নাই অবসর।

দাড়িগোঁকে কেশে বেশে হোমরাচোমরা বড় বড় ওস্তাদেরা করে গুলতান। হেন সভা নাহি দেখি আমরা তোমরা!

সহসা বিরক্ত স্বরে কহে সুলতান—
'শুনে কান ঝালাপালা হয়েছে আমার, রাত্তিরে বেহাগ শুধু, দিনে মূলতান!

'ভালো আর নাহি লাগে গ্রুপদ ধামার। শুরু করে দাও যবে রাগের আলাপ, ভুলে যাও শিষ্ট রীতি সময়ে থামার!

'বিলম্বিত তালে যবে কর গো বিলাপ, মুর্ছনা ঝিমিয়ে পড়ে মূর্ছাকে জিনিয়ে— নয় তো দূনেতে বক' সুরের প্রলাপ।

'যে গান হু বেলা গাও ইনিয়ে-বিনিয়ে, সে গানে জমক আছে নাইকো চমক, তাল হতে নার' নিতে সুরকে ছিনিয়ে।

'কারিগরি করে যবে লাগাও গমক, তা শুনে আমার শুধু এই মনে হয়, রাগ যেন রাগিণীকে দিতেছে ধমক!'

গুণীগণ পরস্পরে মুখ চেয়ে রয়. বাদশার কথা শুনে সবে হতভম্ব। হেন সাধ্য নাহি কারো হুটি কথা কয়।

ভয়েতে সবার গায়ে ফুটিল কদম্ব, আকাশ পড়িল যেন শিরেতে ভাঙিয়া, মুহুর্তে হইল চূর্ণ ওস্তাদির দম্ভ।

নর্তকীগণের মুখ উঠিল রাঙিয়া! লাজে ভয়ে আন্দোলিত তাহাদের বুক, মুক্ত হল ছিল্ল করি জরির আঙিয়া।

বাদশা কহিল পুনঃ রাঙা করি মুখ—
'নাহি কি হেথায় হেন সংগীত-নায়ক
যে পারে স্জিতে গীতে নতুন কৌতুক ?'

সভাপ্রান্তে ছিল বসে তরুণ গায়ক,
মদের নেশায় হয়ে একদম চুর—
রূপেতে সাক্ষাৎ দেব কুসুম-সায়ক।

জড়িত কম্পিত স্বরে কহিল, 'ছজুর!
নাহি মানি ছনিয়ার কোনোই বন্ধন—
সার জানি ছনিয়ায় সুরা আর সুর।

'অজানা স্থারের এক অধীর স্পান্দন, আজিকে হৃদয় মোর করিছে ব্যাক্ল, কি যেন বুকের দ্বারে করিছে ক্রন্দন।

'বাঁধা রাগ গাঁথা তাল, এই তুই কূল ছাপিয়ে ছোটাব আমি সংগীতের বান, উন্মন্ত উন্মুক্ত হবে সুর বিলকুল !'

এত বলি আরম্ভিল অর্থহীন গান, তারায় চড়িয়ে সুর মহা চীৎকারি, আকাশে উড়ায়ে দিল পাপিয়ার তান।

ধ্রুপদেরে পদে পদে দিয়া টিটকারি, যুবকের কণ্ঠ হতে ঝলকে ঝলক, উথলি উছলি পড়ে ঘন গিটকারি।

অবাক বাদশাজাদা না পড়ে পলক,
চোখের সুমুখে ভাসে স্থরের চেহারা—

— প্রক্ষিপ্ত চরণ শৃষ্টে বিক্ষিপ্ত অলক!

গায়ক বাদক ছিল সভায় যাহারা,
মনে মনে গণে সবে ঘটিল প্রলয়—
কোণা সম্ কোণা ফাঁক ভেবে আত্মহারা!

শিহরিল নর্তকীর কর-কিশালয়— স্কুরিত সুরেতে লভি কম্পিত দরদ, ঞ্চ হইল ত্রস্ত মণির বলয়।

শিকল ছি ড়িয়া সুর ভাঙিয়া গারদ, শুন্সে ছুটি আক্রমিল স্বর্গের দেওয়াল, সে গান কৌভুকে শোনে ভুসুরু নারদ।

জনিল সুরার তেঁজে সুরের খেয়াল নেশায় বাদশা হাঁকে—'বাহবা বাহবা।' ধ্রুপদীরা কহে রেগে— 'ডাকিছে শেয়াল!'

३२ (म ३२) ८६

তেপাটি

Triolet

উষা

উষা আসে অচল শিয়রে তুষারেতে রাখিয়া চরণ। স্পার্শে তার ভুবন শিহরে, উষা হাসে অচল শিয়রে, ধরে বুকে নীহারে শীকরে সে হাসির কনক বরণ। বোসো সখি মনের শিয়রে হিম-বুকে রাখিয়া চরণ।

মধ্যাহন

আকাশের মাটি-লেপা ঘরে রবি এবে দেয় আলুপনা। দেখো সখি মেঘের উপরে কত ছবি আঁকে রবিকরে। কত রঙে কত রূপ ধরে ছবি যেন কবিকল্পনা। বুক মোর আছে মেঘে ভরে তাহে সখি দাও আল্পনা।

সন্ধ্যা

দেখো সখি দিবা চলে যায়
লুটাইয়া আলোর অঞ্চল,
পিছে ফেলে অবাক নিশায়
দেখো সখি আলো চলে যায়।
বিশ্ব এবে আঁধারে মিশায়,
তাই বলে হোয়ো না চঞ্চল।
বেলা গেলে সবে চলে যায়
গুটাইয়া আলোর অঞ্চল।

মধ্যরাত্রি

দেখো সখি আঁধারের পানে
চেয়ে আছে ছটি শুভ্র তারা।
ছটি শিখা বিকম্পিত প্রাণে
চেয়ে আছে স্থিররাত্রি-পানে,
আঁধারের রহুস্থের টানে
ছটি আলো হয়ে আত্মহারা।
রাখো সখি জেলে মোর প্রাণে
আলোভরা ছটি কালো তারা।

১০ **অক্টোব**র ১৯১৪ কার্সিয়াং

মিলন

জান সখি কেন ভালোবাসি
ওই তব ফোটা মুখখানি,
ওই তব চোখভরা হাসি
জান সখি কেন ভালোবাসি ?
যবে আমি তোমা কাছে আসি
ঠোটে মোর ফোটে দিব্যবাণী
তাই সখি আমি ভালোবাসি
ওই তব গোটা মুখখানি।

বিরহ

বলি তবে কেন চলে যাই,
শুনে যেন মরমে কেঁদো না।
ছঃখ দিতে, ছঃখ পেতে চাই,
তাই সখি তোমা ছেড়ে ফাই
আমি চাই সেই গান গাই,
সুরে যার উছলে বেদনা।
ভাই যবে দূরে যেতে চাই,
সখি মোরে থাকিতে সেধো না।

৩১ **অক্টো**বর ১৯১৪ কার্সিয়াং

ছোট কালীবাবু

Triolet

লোকে বলে আঁকা ছেলে ছোট কালীবাবু,
অপিচ বয়েস তার আড়াই বছর।
কোঁচা ধরে চলে যবে, সেজে ফুলবাবু,
লোকে বলে বাঁকা ছেলে ছোট কালীবাবু।
দিনমান বকে যায়, হয় নাকো কাবু,
স্থারে গায় তালে নাচে, হাসে চরাচর।
লোকে বলে পাকা ছেলে ছোট কালীবাবু,
যদিচ বয়েস তার আড়াই বছর।

১৮ জুন ১৯১৮ বালিগঞ্জ

সমালোচকের প্রতি

তোমাদের চড়া কথা শুনে যদি হয় কাটিতে কলম, লেখা হবে যথা লেখে ঘুণে, তোমাদের কড়া কথা শুনে। তার চেয়ে ভালো শতগুণে দেয়া চির লেখায় অলম্, তোমাদের পড়া কথা শুনে যদি হয় কাটিতে কলম।

১ নভেম্বর ১৯১৪

দোপাটি

গাথা সপ্তশতী হইতে অনৃদিত

অদর্শনে প্রেম যায়, অতি দরশনে, পরের কথায়, কিম্বা শুধু অকারণে।

কালেভে দম্পতি-প্রেম এত গাঢ় করে, যে মরে সে বাঁচে, আর যে বাঁচে সে মরে

স্থ্যী যে, সে হেসে ভালো পরকে বাসায়। নিজে ভালোবেসে তুঃখী পরকে হাসায়।

অকুত্রিম প্রেম নাহি ইহলোক মাঝে। বিরহ কাহার হয় ? হলে কেবা বাঁচে ?

সতৃষ্ণ নয়নে শুধু হেরেছি তোমার। স্পনে করিলে পান তৃষ্ণা নাহি যায়।

প্রভূষ গোপন ক'রে ব্যক্ত করে রতি, নারীর বল্লভ সেই— বাকী সব পতি।

ছঃখ দিয়ে স্থুখ দেয় চিরপ্রিয়জন, নারীর হৃদয় যাচে হৃদয়-পীডন।

ধন্তা যে স্বপনে দেখে দয়িত আপন, সে বিনে বিনিদ্র আমি, না দেখি স্বপন।

মণ্ডন আধেক সেরে যাও প্রিয়-পাশে, অসম্পূর্ণ সাজসজ্জা আগ্রহ প্রকাশে।

পতনের ভয়ে মান উন্নতির সুখ, অধঃপাত হবে জেনে স্তন কালীমুখ।

নিজের অন্তরে গাঁথা ধরি সৃক্ষ স্থতা, ঝুলিছে বকুল-সম উধ্বপাদ লৃতা।

চরণে পতিত পতি, পুত্র পৃষ্ঠে চড়ে, গৃহিণীর গেল মান, হেসে উপ্টে পড়ে।

বিরল অঙ্গুলিপুটে উর্ধ্ব নেত্রে পান্থ করে পান, ক্ষীণ হতে ক্ষীণধারে নারী তাহে করে বারি দান

সিকি

এক হয় বসে থাকো, নয় যাও দূরে, হয় থাকো চুপ করে, নয় গাও স্থরে। হয় কেঁদে যাক দিন, নয় হেসে খেলে, —দিধার ধাঁধায় পড়ে আধা হয়ে গেলে

কবিতায় কেহ করে জীবনের ভাগ্য, কেহ বা প্রকাশে ছন্দে কল্পনার লাস্ত, জ্ঞানের উদাস্ত কিম্বা প্রণয়ের দাস্ত। এ-সব ছায়ার গায়ে আলো ফেলে হাস্ত।

তুয়ানি

শীতেতে বিবর্ণা দিবা বিশীর্ণা দরিদ্রা হেসে ফেলে গায়ে মেখে রোন্দ্রের হরিদ্রা

অস্পষ্ট মনের ভাবে কবিতার সৃষ্টি, আগে চাও বাষ্পা, যদি শেষে চাও বৃষ্টি।

লোকে বলে কথা কয়ে কিছুই না হয়, আনি দেখি কথা ছাড়া কিছুই না রয়।

বাঙালি জাতির এটি পরম সৌভাগ্য, হেন লোক নাই যার নাহি বৌ-ভাগ্য!

সনেট

তব দেহশ্লিষ্ট গুরু বসন কাষায়,
গোপন করিতে নারে যৌবন-হিল্লোল।
সবাস্পা নয়ন-কোণে কটাক্ষ বিলোল
চকিতে বেকত করে, ভেদি কুয়াশায়,
হৃদয়-আকাশ-বহ্নি, আলোর ভাষায়।
শৈবালে আবৃত তব হৃদয়-পল্লল,
বৃথায় লুকাতে চায় প্রাণের কল্লোল
নিরাশার ছল্পবেশে ঢাকিয়া আশায়।

শ্রাবণে নদীর বক্ষ আবেগে চঞ্চল,
সংযত করে কি তারে সন্ধ্যার অঞ্চল ?
বায়ুর পরশ বিনে তাহার অন্তরে
অবাধ্য যৌবন তোলে রসের তরঙ্গ,
অস্তের গৈরিক-রক্ত বহির্বাস প'রে
ব্যক্ত করে হৃদর্যের উদয়ের রঙ্গ।

আখিন ১৩২৩

খর্সাং

বুলে আছ গিরিপল্লী আকাশের গায়,
অটল পর্বতপৃষ্ঠে করিয়া নির্ভর,
ধরে আছে শিরে ব্যোম হিমের কর্পর,
শুয়ে-পড়া বঙ্গভূমি চরণে লুটায়।
ক্ষণে তব হাসিমুখ, ক্ষণে মেঘে ছায়,
ঝরে বুকে সুখে ছঃখে অঞ্চর নির্বর।
কানে তব অহর্নিশি বনের মর্মর
গাহিছে ঘুমের গান অকুট ভাষায়।

ভোমার কোলেতে বসি আমি ভালোবাসি হেরিতে বিচিত্রগতি মেঘ রাশি রাশি— কখনো হাঁসের মত ভাসে নীলাকাশে, পলকে আবার ধরে আকার ধুঁয়ার। ভোরে সাঁঝে মাঝে মাঝে মেঘ-অবকাশে চোখে পড়ে অলকার সোনার হুয়ার।

২ নভেম্বর ১৯১৪

তত্ত্বদর্শীর সিম্বুদর্শন

সিন্ধু নহে শান্ত দান্ত স্তব্ধ অহংকারে,
যোগী, কিন্তু মুনি নয়, সশব্দে হুংকারে।
মহানদ মহানাদে বকে না প্রলাপ,
নাদস্বের মহানন্দে করে শাস্ত্রালাপ।
সিন্ধুপ্রোক্ত গুন্থশাস্ত্র, গৃঢ় তার মানে,
বোঝে যারা শাস্ত্রহ্রানী, মূঢ় কিবা জানে।
সমুদ্রের ভাষা শুনি খুলি অন্তঃকর্ণ,
ব্যক্তন তাহাতে নাই, শুধু ফরবর্ণ।
ব্যক্ত নিয়ে ব্যস্ত যারা, বোঝে ভাষা স্পষ্ট,
পঞ্চত্তে বদ্ধ তারা, নাহি জানে ষষ্ঠ।
সিন্ধু কহে, বিশ্বগ্রন্থ উপ্টো করে পড়ো,
তা হলে চৈতন্য পাবে, সোজা দিকে জড়।
তত্বহ্রানে মন্ত হয়ে, মায়া করি ধ্বংস,
অকুলেতে ভেসে যাই, হয়ে পর্মহংস।

এ প্রব্র ১৯১১

শরৎ

মেঘেরা গিয়েছে ভেসে দূর দ্বীপান্তর, অবাধে পড়িছে ঝরে আলোক রবির। আকাশ জুড়িয়া ওড়ে সোনার আবির, ধরেছে সোনালি রঙ সবুজ প্রান্তর।

ক্ষীণপ্রাণ, স্থকুমার, সলজ্জ, মন্থর, বাতাস বহিয়া আনে স্পর্শ করবীর। সোনার স্বপন আজ প্রকৃতি-কবির এসেছে বাহিরে তার ত্যজিয়া অন্থর।

শরতের এ দিনের স্থবর্ণের মায়। না ঘুচায় অন্তরের চিরস্তির ছায়। ।

আলোর সোনার পাতে মোড়া নভ-দেশ ফুটিয়ে দেখায় তার অনস্ত নীলিমা। এ বিশ্বের রহস্তের নিবিড় কালিমা রঞ্জিয়াছে প্রকৃতির ওই নীল কেশ।

আশিন ১৩২৪

সংসার

শক্তি নিয়ে মান্থবের নিত্য পাড়াপাড়ি, ধন নিয়ে মান্থবের নিত্য কাড়াকাড়ি, মন নিয়ে মান্থবের নিত্য আড়াআড়ি, প্রেম নিয়ে মান্থবের নিত্য বাড়াবাড়ি। ছুটিয়া চলেছে দিন বড় তাড়াতাড়ি, না ফুরোতে সেই দিন, সব ছাড়াছাড়ি।

১৭ সেপ্টেম্বর ১৯১২

কবির সাগর-সম্ভাষণ

হে সাগর! হে অর্থব! জলধি মহান!
আমি শুনেছি তোমার গান,
আমি দেখেছি তোমার আলো।
শিয়রে সোনার দীপ তৃমি যবে জ্বালো
দিগঙ্গনাগণে দেখে সোনার স্থপন,
সে অপনে হয়ে যাই আমিও মগন।

প্রাণময়, গানময়, সিন্ধু তানময়!
তব ধ্যানে হয়েছি তন্ময়।
আমারে শেখাও তব ছড়া,
নিত্য নবছন্দে তব নিত্য ওঠাপড়া।
তব স্পর্শে খুলে গেছে হৃদয়-হৃয়ার,
বহে যাক সেই পথে গীতের জোয়ার।

কি রাগিণী গাহ তুমি, দিন্ধু কি ভৈরবী, হে মুখর প্রকৃতির কবি ? স্পিগ্ধঘোষ তোমার গমক শুনিয়া এ প্রাণে মহা লেগেছে চমক। কভু দাও ছাড়ি তান, কভু বা সম্বর, তোমার স্বরেতে আজি কাঁপিছে অম্বর।

পদচারণ

হে অনাদি! হে অনস্ত! মহা আলোডন!
হে বিস্তার যোজন যোজন!
কি হুতাশে উঠিছ ফুঁ সিয়া,
কি কথা কহিছ সদা রুষিয়া রুষিয়া ?
বহুভাষী বহুরূপী মহাপারাবার,
মন্ত্র দেহ মোর কানে মায়া সারাবার।

হে বিরাট ! হে উদার ! অসীম চঞ্চল !
ধরিয়াছি তোমার অঞ্চল ।
দেহ মোরে তব স্নিগ্ধ কোল,
ক্রোড়ে লয়ে দাও মোরে অহর্নিশি দোল ।
তরঙ্গ-অধরে দাও কপোল চুমিয়ে,
পড়ুক আকুল হৃদি অকুলে ঘুমিয়ে।

হে সুন্দর, হে চঞ্চল তরল সাগর !

তুমি মোর প্রাণের নাগর ।

তব সনে আজি জলকেলি,

পরাও আমার অঙ্গে নীরাম্বরী চেলি ।

তোমার বৃকেতে শুয়ে হেরিব আকাশ,

ক্রমে ধীরে নিভে যাবে আলো ও বাতাস !

হে তুর্বার! হে তুর্ধর্য উন্মাদ পাগল! অটুরোলে বাজাও মাদল।

পদচারণ

অট্ট হেসে করো চীৎকার,
ফুটুক অন্তরে মম স্থুখ-শীৎকার।
ছুটুক আনন্দ-বক্সা উদ্ভ্রান্ত বিপুল,
ভেসে যাক সে বক্সায় মম প্রাণ-ফুল।

এ বিশ্ব ডুবিয়া গেল আনন্দের বানে, একদৃষ্টে চাহি সিন্ধুপানে। চেয়ে আছি নেত্রে নির্নিমেষ, কি জানি কি বেদনার করেছ উন্মেষ, উঠিছে মরমে বেজে যাহার 'বিগল', করেছ পাগল সিন্ধু আমায় পাগল।

হে সাগর, করো জোরে তুফান-গর্জন, আজি মোরে দিব বিসর্জন ওই তব ক্ষুন্ধ লুন্ধ জলে। আশা আছে শান্তি পাব অতলের তলে। ডুব দিয়ে কিন্তু হায়! আমি উঠি ভাসি, জলের উপরে ফের ফেন- হাসি হাসি।

অভাভ কবিতা

পঞ্চাশোধের

কখনো যাব না আমি পঞ্চাশোধের বনে। যৌবনে এ মনে ছিল জীবনে বিরাগ, সেকালে সকালে প্রাণে বাজিত জীরাগ। পেয়েছি যৌবনশেষে সঞ্চিত জীবনে॥

আকুল প্রাণের স্রোত অকূল ভুবনে, বুকে ধরি স্থমুখের প্রতি অনুরাগ, আনন্দহিল্লোলে চলে, কত রূপরাগ। বুকে তার ওঠে ফুটে, আলোর চুম্বনে॥

কালের ঘরেতে নাই কোনো অপচয়। ক্রমাগত এ সত্যের পাই পরিচয়।

জীবনের অঙ্ক বাড়ে যত দিন বাঁচি, নিত্য নব দিন আসে চলেঁ নাহি যায়। পুরাতন মিশে থাকে নৃতনের গায়। এ জীবনে তাই আমি প্রতিদিন কাঁচি॥

২৬ অক্টোবর ১৯১৩ দার্জিলিং

অক্সান্ত কবিতা

সনেট

হাসি যদি কোনোদিন চিরত্বঃখ ভুলে, তোমরা জানিতে চাও কি স্থ-স্থপন রেখেছি মনের মাঝে করিয়ে গোপন, কি নব আশার ছবি সেথা রাখি ভুলে?

কাঁদি যদি কোনোদিন আমি মন খুলে, তোমরা জানিতে চাও, হইয়ে কোপন কোন্ নিরাশার বীজ করেছি রোপণ স্থগভীর অন্ধকার হৃদয়ের মূলে।

শ্রান্ত মন পায় যবে বিশ্রামের শান্তি শ্রুমনে শ্রুপানে চেয়ে থাকি যদি, তোমরা জানিতে চাও কোন্ দৈববল আনে মোর মুখে স্থির প্রতিমার কান্তি!

আশঙ্কার সন্দেহের নাহিক অবধি নর্মহীন ধর্মে যারা হেথায় প্রবল॥

ত্নিয়া, বিজ্ঞানে বলে, শুধু কারখানা, পঞ্চ্তে মিলে যেথা করে নিত্য কাজ; ভূতের সামিল মোরা, সেটা জানি আজ, ভূতের খাটুনি তাই খাটি একটানা।

জ্ঞানমানে এবে জানা, এই যন্ত্রখানা, যার কলে মোরা চলি, নাহি মানি লাজ; কলের পুতৃল, নাচি, থরি নরসাজ। মানে মোদ্দা বিশ্বে খোঁজা শুধু হারমানা॥

ভূতের ভয়েতে জ্ঞানী বুজে আছে চক্ষে। হৃদয়-স্পন্দন নাহি দেখে সৃষ্টি বক্ষে॥

অণ্তে অণুতে আছে প্রেমের বন্ধন সেই স্তত্তে বাঁধা মোরা বিশ্বনরনারী। যারে বল কাজ সে তো প্রাণের স্পন্দন। এ সতা জানে না কিন্তু যারা জ্ঞানী ভারি।

২৮ অক্টোবর ১৯১২

অক্সাক্ত কবিতা

নৃতন কবি

প্রবাসে চলিয়ে
এই ফাঁকে হও
নৃতনের আজ
এই বুঝে নব
বড়র আওতা
বড় হতে চাও—
সাহিত্যজগতে
পূজা নয় তাঁর
মাছি মারা শুধু
মাছি মারা নয়
প্রকৃতি কাহারো
সবারি গলাতে
যে রস তাহার
নিজের জবানি

গিয়েছে রবি।
নৃতন কবি॥
জরুর বড়।
সাহিত্য গড়ো॥
না বুঝে মাগো,
কাঁকায় ভাগো॥
থাক্-না রাজা।
তামাক সাজা॥
নকল করা।
নিজেই মরা॥
রিক্ষিতা নয়।
জড়ায়ে রয়॥
পরশে পাও
কবল খাও॥

১৮ সেপ্টেম্বর ১৯১২

ফরমাশি সনেট

শ্রীমতী ইন্দিরা দেবী করকমলের বিদঘুটে মিল দিলে মোর করপুটে ; সেই সঙ্গে দিতে যদি ভাবের ইন্ধন করা যেত কবিতার খিচুড়ি রন্ধন— এ মিল মেলে না ভাবে পরস্পর জুটে।

নব্য-চিত্রে যায় দেখি অঙ্গ ছরকুটে; চিত্রকর হলে লজ্বি স্বভাব-বন্ধন রেথাক্ষরে দেখাতেম ভাবের স্পন্দন যুবতী যাহাতে কেঁপে হয় মরকুটে।

তোমার অসহা কিন্তু কাব্যে হৃদ্রোগ, তুমি চাও কবিতার করা হঠযোগ।

সৌন্দর্য শক্তির সূর্ণতি, কদর্যতা জরা, শিল্প বলে তাই মানো কান্তি যার পুষ্ট; কুস্তি করা নিন্দা করে যারা আধমরা; লেখার ব্যায়াম হেরি তুমি হও তুষ্ট॥

২• অক্টোবর ১৯১২ শিলং

অন্তান্ত কবিতা

পত্ৰ

যবে থেকে তুমি ঢুকেছ নিজের বাটী
লাগিয়ে বদেছ মনের তুয়ারে টাটী ॥
নইলে কি করে রয়েছ মায়ায় কাটি ।
কেউ তো তোমার আগলে বসে নি ঘাঁটি
আমি তো বিরহে একলা হলুম মাটি ।
হুদয় চৌচির ফুটির মতন ফাটি ॥
ভাব তো পাইনে তোমার মনের খাঁটি—
কখন জোয়ার বয় কখন বা ভাটি ॥
হয়তো সরেছ কাটিয়া মনের গাঁটি ।
থেয়াল গিয়েছে ফেলেছ আমায় ছাঁটি ॥
ফের যদি নাহি ফের' মোর এই বাটী
নিশ্চয় মরিব আমি গলে দিয়া শাটী ॥

২৫ অগস্ট ১৯১২

উত্তর

একসঙ্গে কিছুদিন গেছে বেশ কাটি।
পাশাপাশি ছিন্তু যেন জুতা তুই পাটি॥
সে সব পুরানো কথা কিবা হবে ঘাঁটি।
একই মধু চিরদিন আমি নাহি চাটি॥
আমি নহি প্রিয় পাত্র ঘটি কিস্বা বাটি।
আমি নহি দেহ-সাথী ধুতি কিস্বা শাটী॥
ঘরে কি কোমরে যারে রাখিবেক আঁটি—
চাবি-দেয়া ভালোবাসা ছদিনেই মাটি॥
প্রেম-মদে ভরা মোর মন খোলা ভাঁটি।
যে চায় বিলাই ভারে তৃফা বুঝে বাঁটি॥
মাত্র মোর এই কাজ বেগারেই খাটি।
এর জন্যে মিছে কেন কর কাঁদাকাটি॥

२० व्यक्तके २०१२

অক্তান্ত কবিতা

অভিসার

আকাশ ছেয়েছে মেঘে। বায়ু বহে মৃছু বেগে। কুলের ধার আধার॥

ইন্দ্রনীল বিগলিত। নদীবক্ষ বিচলিত। তরণী দোলে হিল্লোলে

নাই দাঁড় নাই পাল। হাতে শুধু ধরি হাল— সাঁঝের বেলা একেলা॥

ভেসে চলি কৃল ছাড়ি। কে জানে কোথায় পাড়ি। বিহ্যাৎ হাসে আকাশে।

ভেসে চলি আমি একা। কুল নাহি যায় দেখা। অভাভ কবিতা জলের সীমা নীলিমা।

শুনিয়াছি মন-কাছে
ও পারেতে বঁধু আছে
নিশার গায়ে
লুকায়ে।

মেঘ ছায়ে বরিষার। তারি লাগি অভিসার। পথের শেষ সে দেশ

মাঝ-গাঙে ঝড় ওঠে। তীরবেগে তরী ছোটে দিগস্ত-পানে , তুফানে।

চারি দিকে সব কালো। হৃদি-দীপে জ্বলে আলো॥ ঢেকেছে নীর তিমির॥

ষ্ম্যান্ত কবিতা অনস্ত সাগর ক্ষিপ্ত মনোরাগ করি দীপ্ত। হেরিব কাস্ত প্রশাস্ত

व्यक्ति ३२ ३२

পুনশ্চ
সহসা আলোক ফুটে
দিবাস্বপ্প গেল টুটে।
হৃদয় জ্বলে
অস্বলে॥

অগ্রাগ্ত কবিতা

কাঠের রাজা

প্রস্থাবনা

বীরবল বছকাল পূর্বে একখানি তিন-অন্ধ নাটিকা লিখতে চেষ্টা করে-ছিলেন। আমার বিশ্বাস যে উক্ত নাটিকার প্রস্তাবনা এবং প্রথম অন্ধ লেখা হয়েছিল। তার পর আমার কোনো বন্ধু সে লেখাটি নিয়ে যান এবং ক্ষেরত দেন নি। তাঁর কাছে তার থোঁজ করা অসম্ভব কেননা তিনি এখন আর ইহলোকে নেই। সেদিন আমার পুরোনো কাগজ ঘাঁটতে হঠাৎ এই অসম্পূর্ণ প্রস্তাবনাটি আবিষ্কার করলুম। এখন যে সেটি প্রকাশ হচ্ছে সে শুধু বীরবলের নাটক-রচনার নম্না হিসেবে।

কবি। রচেছি অপূর্ব বস্তু করো অভিনয়।
নিজমুখে নিজ স্তুতি করা অবিনয়॥
নইলে বলিতে পারি এর মত লেখা।
বহুদিন ভূভারতে যায় নাই দেখা॥

নট। প্রশংসা নিশ্চয় পাবে, বন্ধু যত আছে।
ঠেলে তোমা তুলে দেবে সাহিত্যের গাছে॥
নিন্দা যদি কেহ করে কখন ভূলিয়ে।
তার পিছে দিয়ো তুমি কাগজ লেলিয়ে॥

কবি। নাটকের পরিচয় নাম রানী রাজা।
আর কিছু নাহি হোক আগাগোড়া তাজা

নট কি কাহিনী করিয়াছ তাহাতে বিক্যাস। শেষেতে বিবাহ আছে অথবা সন্ন্যাস॥ কবি। গল্প-ভাগ অল্প তাতে বেশি ভাগ ফুর্তি। আব্ছায়া দেখা যাবে পাত্রপাত্রী-মূর্তি॥ এত বিছে বলি সতি। নেই মোর ঘটে। ত্বনিয়ার ছবি আঁকি রঙ্গালয়-পটে॥ মোর হাতে ভাঙে শুধু কিছুই গড়ে না। মোর নাটো যবনিকা শেষেতে পড়ে না॥ কল্পনা প্রথমে চ'ডে পরেতে নামিয়া। ঘড়ির কাঁটার মত যাইবে থামিয়া। আদি আমি নাহি জানি নাহি জানি অন্ত। মাঝেতে দেখেছি শুধু প্রকৃতির দন্ত॥ কামড তাহার সহি দেখি তার হাসি। তারি পরে রাগ করি ফের ভালোবাসি॥ বেদান্তের অন্তে আসে দত্তের দর্শন। মম নেত্রে তারি রূপ প্রবেণে ঘর্ষণ ॥ নাটকেতে পুরিয়াছি একসঙ্গে ঠাসি। কিঞ্চিৎ দংশন সাার অকিঞ্চিৎ হাসি॥ দৃশ্যকাব্যে দর্শনের স্থান নেই স্পষ্ট। নট। ছন্দ-বন্ধে ফিলজফি শুধু পায় কণ্ট॥ নাটকের কাজ এক দর্শক হাসানো। আরেক দর্শক-চক্ষু জলেতে ভাসানো॥ কবি। কোনো কবি মোডা দিয়ে খোলে মনোকল

অমনি সবার বহে নাকে চোখে জল।

	নাট্যরস কারো ফোটে নানা অঙ্গভঙ্গে।
	র ঙ্গ ভূমি ডুবে যায় হাস্ <u>ভে</u> র তরঙ্গে ॥
	আমি কিন্তু রোদ বৃষ্টি করিয়াছি মিল।
	আমার যা হাসি তাহা কান্নার শামিল॥
न्छ ।	সলিলে উত্তাপযোগে রচিবে ধোঁয়ায়।
	দেখা যাবে পরে তাতে কি রস চোঁয়ায়॥
কবি।	এক রস নাহি তাতে শুধু এক ভাবে।
	আদি মধ্য অস্ত রস এক সাথে পাবে॥
নট।	ব্যাখ্যা ত্যজি আখ্যায়িকা এবে করো শুরু
	চক্ষের পল্লব ক্রমে হয়ে আদে গুরু॥
	কে বা রাজা কে বা রানী কোথা কার দেশ
	কোন্ গুণে নাটকেতে লভিলা প্রবেশ।
কবি।	পুরাকালে বকদ্বীপে ছিল দারুরাজ।
	মুখ তার কুঁদে কাটা অঙ্গে কারুকাজ ॥
	রূপেতে মদন রণে দেবসেনাপতি।
	ধরণীর রমণীর মনে কেনা পতি॥
	কার্তিকের মত তবু আুইবুড়ো ছিল।
	ধরে বেঁধে পাত্রমিত্রে বিয়ে দিয়ে দিল।
	রক্তে মাংসে গড়া রানী রাজাটি কাঠের।
	তাইতে নাটক মম নতুন ঠাঠের॥
नष्टे ।	সরস্বতী তব বুঝি টেনে থাকে গাঁজা।
কবি।	দারু যদি ব্রহ্ম হয় হতে নারে রাজা ?

গান

রাগিণী কানাডা। তাল ফেরতা

আজি সহসা বরষা এল বিমানচারী। পরি' ঘোর বেশ. ভরি শৃগ্য দেশ

করি মুক্ত কেশ, অতি হুংকারি॥

কত বিত্যাদাম এবে অবিরাম

করি ধুমধাম ধায় সারি সারি॥

এসে ঝাঁকে ঝাঁকে ঘন গুরু ডাকে

মেঘে বিশ্ব ঢাকে. ঝরে নভ-ঝারি॥

বিনা আজি প্রিয়পতি কত স্থন্দরী যুবতী

বিরহ-ব্যথিত-মতি ফেলে অশ্রুবারি॥

হেরি কেহ ঋতুরঙ্গ ঢাকি নীলবাসে অঙ্গ

যাচি দূরপ্রিয়সঙ্গ চলে অভিসারি॥

৫ জুন ১৯১৩ বালিগঞ্জ

গ্ৰেস্পরচিয়

পূৰ্বকথা

প্রমথ চৌধুরী মহাশয় ষধন 'সনেট-পঞ্চাশৎ' গ্রন্থাকারে প্রকাশ করেন তথন সর্জ পত্তের ফ্চনা হয় নি, তাঁর অপর কোনো গ্রন্থও প্রকাশিত হয় নি, যদিও গছের ক্ষেত্রে তিনি পরবর্তীকালে যে-ষোদ্ধত্বের পরিচয় দিয়েছিলেন তার আভাস সাময়িক পত্রের পাঠকের কাছে তখন আর অস্পষ্ট নেই। যে "ঘরওয়ালা ভাষায়" 'আমার বাল্যকথা' (১৩১৯) লিখবার অভিযোগে সত্যেক্তনাথ ঠাকুর সাহিত্য-দরবারে অভিযুক্ত, সেই ভাষার সমর্থনে প্রমণ চৌধুরী লেখেন তাঁর বিখ্যাত প্রবন্ধ "বঙ্গভাষা বনাম বাবু-বাংলা ওরফে সাধুভাষা" (পৌষ ১৩১৯)— এ বিষয়ে অতঃপর তাঁর কয়েকবর্ষব্যাপী প্রবন্ধমালার প্রথম রচনা; এই প্রবন্ধের পরিশেষেই তিনি প্রথম ভবিয়াদ্বাণী করেন "আমার বিশ্বাস ভবিয়াতে কলকাতার মৌথিক ভাষাই সাহিত্যের ভাষা হয়ে উঠবে অধুনিক কলকাতার ভাষা বাঙালি জাতির ভাষা।" এর পূর্বেও "তেল মুন লকড়ি" (১৩১২) প্রবন্ধে তাঁর ভাষার দীপ্তি পাঠককে আকর্ষণ করেছিল; "কথার কথা" (১৩০৯) প্রবন্ধে তিনি সাহস করে বলেছিলেন, "ভধু মুখের কথাই জীবস্ত। যত দূর পারা যায়, যে ভাষায় কথা কই, সেই ভাষায় লিখতে পারলেই লেখা প্রাণ পায়"; "মলাট-সমালোচনা"য় (অগ্রহায়ণ ১৩১৯) তার বিজ্ঞাপনিপুণতার পরিচয় দিয়েছেন বে-বিদ্রূপের প্রয়োজন ভাগ্যদোষে আঞ্চ অকুল। মোট কথা, নৃতনকালের গভলেথকরপে, তাঁকে স্বীকার করবার ইচ্ছা না থাকলেও তাঁকে পাশ-কাটানোর পথ নেই, তাঁর অন্ধিত্বকে অস্বীকার করবার উপায় নেই।

এই সময় তিনি সনেট-পঞ্চাশং প্রকাশ (১৯১৩।১৩১৯) করলেন— বঙ্গবাণীর চরণে তাঁর প্রথম গ্রন্থার্য। এই কালে বাংলা কাব্যে মহণ অমুহ্যতির পঞ্চধের অনেকেই নিশ্চিম্ন মনে চলেছেন— প্রমণ চৌধুরীর ভাষায়—

> "প্রাণহীন কবিদের বীণার ঝংকার বাণহীন ধন্তকের ছিলার টংকার"—

এই চটি বইটিতে অভিনবত্বের স্থর লাগল—সনেট-পঞ্চাশতের ভাষায়—

"সরস্বতী দেখা দিবে পরিয়া বনেট।"

সরস্বতীর এই 'থড় গণাণি মৃতি' যে অনেকেই মনোষোগ করে লক্ষ্য করলেন না, তার কারণ স্থতীক্ষ গভের লেখক বলে তাঁর খ্যাতি, যার সঙ্গে কবিপ্রতিভার সহযোগ সেকালে অস্ততঃ কল্পনাগম্য ছিল না; প্রধানতঃ এইজ্লন্থই হয়তো, সনেট-লেখকরপে যতটুকু স্বীকৃতি তাঁর প্রাপ্য ছিল তা পাঠকসমাজে তিনি পান নি, তাঁর কবি-কৃতির ক্লুতাও সম্ভবতঃ তাঁর কীর্তিনাশের অন্ততম কারণ।

সমাদর লাভ করেছিলেন তিনি প্রধানতঃ তিনজন সাহিত্যিক-প্রধানের কাছে। প্রথম, প্রিয়নাথ সেন। গাঁরই অন্থরোধে প্রমথ চৌধুরী মহাশয় সনেট-পঞ্চাশৎ প্রকাশ করেন, এবং তিনি 'সাহিত্য' কাগজে এই কাব্য সম্বন্ধে দীর্ঘ প্রবন্ধ লেখেন, 'প্রিয়-পুস্পাঞ্জলি' গ্রন্থে তা মুদ্রিত আছে। প্রিয়নাথ সেনের মতে, এই "সনেটগুলি, কল্পনাসম্পদে, ভাবপ্রকাশে, ভাষা ও ভঙ্গীগোরবে এবং শ্রুতিমাধুর্যে এক রবিবাবু ছাড়া সমসাময়িক কোনও কবির রচনা অপেক্ষা হীনশ্রী নহে।"

দ্বিতীয়, সত্যেক্সনাথ দত্ত। ১৩২০ শ্রাবণ সংখ্যা ভারতী পত্তে সত্যেক্সনাথ সনেট-পঞ্চাশৎ সম্বন্ধে দীর্ঘ আলোচনা লেখেন, এই রচনাটি তাঁর কোনো গ্রন্থে সংকলিত হয় নি। এই সমালোচনা প্রকাশিত হবার পর প্রমণ চৌধুরী সত্যেক্সনাথ দত্তকে যে-চিঠি লেখেন সেটি এই গ্রন্থে মুদ্রিত হল।

"আমার সনেট যদি কবিতা হয় তা হলে সে কবিতা রবীক্রনাথের কবিতার সঙ্গে সম্পূর্ণ বিভিন্নধর্মী"— তবু সনেট-পঞ্চাশতের কবিতা রবীক্রনাথকে আরুষ্ট করেছিল, হয়তো রবীক্রনাথের অন্তক্কতিপ্রাবল্যের ব্যতিক্রম বলেই। 'সনেট-পঞ্চাশং' পেয়ে তিনি শ্রীমতা ইন্দিরা দেবীকে লেখেন (৬ মে ১৯১৩)—

"প্রমণর সনেট পঞ্চাশং পড়ে আমি খুব বিশ্বিত হয়েছি। আমার মেঘদ্তের ফক্ষবধূর বর্ণনা মনে পড়ল— এই বইখানির কবিতা তন্ধী, আর ওর দশনপংক্তি তীক্ষ শিখরওয়ালা, একটিও ভোঁতা নেই— 'মধ্যে ক্ষামা', ঘটি লাইনের কটিদেশটি খুব আঁট— তার উপরে 'চকিতহরিণীপ্রেক্ষণা।' এ যেন চোদ্দনলী হার, একেবারে ঠাদ গাঁথুনি আর ভাবটুকু এক-একটি নিরেট মানিকের বিন্দুর

মত ঝকঝক করে ত্লচে। কেবল আমি এই আশা করচি, কবিছের এই স্থতীক্ষতা ক্রমে প্রশস্ত হয়ে আসবে, এর ধারালো নবযৌবন পূর্ণযৌবনের রসভারে বিনম্র হয়ে পড়বে, এবং এখন পাঠকের মনকে প্রতিছত্তে ফুটিয়ে দেবার দিকে এর যে ঝোঁক আছে সেটা আপনি ফুটে ওঠবার দিকেই সম্পূর্ণ হবে, তথন কবিতা এমন নির্মাভাবে নিখুঁত হবে না। বীণাপাণিকে প্রমথ খড় গপাণি মূর্তিতে সাজাবার আয়োজন করেছেন। ভাষায় ছন্দে ও ভাবের সংযমে এবং নৈপূণ্যে আশ্চর্য শক্তি প্রকাশ পেরেছে।"—

অন্তরূপ পত্র লিখেছিলেন রবীন্দ্রনাথ প্রমথ চৌধুরী মহাশয়কে—

"প্রমণ, তোমার সনেট পঞ্চাশং পড়ে আমি প্র খুসি হয়েছি। বাংলায়
এ জাতের কবিতা আমি তো দেখি নি। এর কোনো লাইনটি বার্থ নয়, কোথাও
ফাঁকি নেই— এ যেন ইস্পাতের ছুরি, হাতির দাঁতের বাঁটগুলি জহরির নিপুণ
হাতের কাজ করা, ফলাগুলি ওস্তাদের হাতের তৈরি— তীক্ষধার হাস্তে ঝকঝক
করচে— কোথাও অশ্রুর বান্দে ঝাপ্সা হয় নি— কেবল কোথাও যেন কিছু
কিছু রক্তের দাগ লেগেছে। বাংলায় সরস্বতীর বীণায় এ যেন তুমি ইম্পাতের
ভার চড়িয়ে দিয়েছ। ইতি ২২শে এপ্রেল ১৯১৩।"

প্রমথ চৌধুরীর দিতীয় ও শেষ কাব্যগ্রন্থ প্রকাশিত হয় ১৯১৯ সালে, ববীন্দ্রনাথ-প্রদত্ত পদচারণ নাম স্বীকার কুবর। এটি তিনি উৎসর্গ করেন সত্যেন্দ্রনাথ দত্তকে।

জীবনের শেষভাগে, শ্রীষ্ক অমিয় চক্রবর্তীকে লিখিত হুথানি চিঠিতে প্রমথ চৌধুরী মহাশয় সনেট-পঞ্চাশৎ ও পদচারণের জন্মকথা বিবৃত করেন, সে হুখানি চিঠিও এই গ্রন্থে মুদ্রিত হল। 'বাংলায় সরস্বতীর বীণায়' তিনি যে 'ইস্পাতের তার চড়িয়ে' দিয়েছিলেন তার স্বভাবগত কারণ চিস্তায় শৈথিল্যের প্রতি তাঁর বিতৃষ্ণা; "সনেট লেখবার অন্ত কারণও ছিল"—

"ভারতী যাহার কলম ধ'রে নিতি নব গান রচনা করে,

লিখে রাখে নভে, জলে ও স্থলে, রূপের বারতা সোনার জলে"

সেই "রবীন্দ্রনাথের কবিতার থেলো নকল পড়ে পড়ে আমি একটু বিরক্ত হয়ে গিয়েছিলুম", "উপরম্ভ আমার মনে হয় যে, লেখা অত্যস্ত ফিকে হয়ে আসছে।"—

নিব্দের কবিতা সহম্বে তিনি 'আশালতাকে উচ্চ মঞে' চড়ান নি— "আমি যে সনেট লিখেছি সে অনেকটা experiment হিসেবে… আমার সনেটের অস্তবে হয়ত art-এর চাইতে artificiality বেশি। তার কারণ Dante প্রভৃতি মহাকবিদের আমি বংশধর নই।" "আমি আসলে গভলেথক তা আমি জানি।"

"কবিতা আমার জানি, যেমন শঙ্কুর, তু দিনে সবাই যাবে বেবাক ভূলিয়ে!"

তবু তাঁর সনেট-পঞ্চাশং ও পদচারণে তিনি যত সামান্ত সীমাতেই হোক সাহিত্যে নবছ প্রবর্তন করতে চেষ্টা করেছিলেন। ভাবাল্তার বিস্তম্ভ আত্ম-প্রকাশের প্রাবল্যের কালে সংযম ও নৈপুণ্যের আশ্চর্য যে-দৃষ্টাস্ত একদা তিনি স্থাপন করেছিলেন সেজন্ত উত্তরকালীন কবিরা— যাঁরা স্বভাবকবিছে নয়, সচেতন শিল্পকর্মে বিশ্বাসী— এই পূর্বস্থীর প্রতি ক্বতক্ত থাকবেন, এই আশা পোষণ করা যেতে পারে।

১ স্থাী এই সাহিত্যরসিকের নাম এখন বিশ্বতপ্রায়, তাই প্রমণ চৌধুরীর ভাষাতেই এঁর সামান্ত পরিচয় দিলে অবাস্তর হবে না। "তিনি সাহিত্যের একজন যথার্থ গুণগ্রাহী ছিলেন।… আমাদের পাঁচজনের আর-পাঁচ বিষয়ে মন আছে— যথা রাজনীতি সমাজ ধর্ম ইত্যাদি— কিন্তু প্রিয়নাথ সেন এ সকল বিষয়ের আলোচনায় কথনও নিজের চিত্তকে বিক্ষিপ্ত করতেন না। একমাত্র সাহিত্যের প্রতিই তাঁর ঐকাস্তিক প্রীতি ছিল এবং তিনি তাঁর সকল

মন সকল প্রাণ দিয়ে আজীবন একমাত্র সাহিত্যেরই চর্চা করেছেন। সাহিত্যের এই একাগ্র চর্চার ফলে তাঁর সহজ্ব রসবাধ যেমন পরিপুষ্ট হয়েছিল, কাব্য সম্বন্ধে তাঁর মতামতও তেমনি উদারতা লাভ করেছিল। তিনি জানতেন যে, সাহিত্যজগতে এমন কোনও কষ্টিপাথর নেই, যার সাহায্যে সকলপ্রকার কাব্য সমান যাচিয়ে নেওয়া যেতে পারে। রূপে গুণে Shelley-র কবিতার সঙ্গে Gautier-এর কোনো সাদৃশ্য না থাকলেও, এ-ত্ই যে কাব্য, এবং উচ্দরের কাব্য, এ জ্ঞান আমাদের সকলের নেই; তাঁর ছিল। তাঁর মন সাহিত্য সম্বন্ধে কোনও তৈরি মতামতের অধীন ছিল না বলে, তিনি সাহিত্যে নববস্তুর গুণ গ্রহণ করতে পারতেন— অবশ্য তাতে যদি কোনও গুণ থাকত।"

২ সত্যেন্দ্ৰনাথ দত্ত এই গ্ৰন্থ উপহার পেয়ে চৌধুরী মহাশয়কে কবিতায় যে চিঠি লেখেন তা সবৃত্ব পত্র (প্রাবণ ১৩২৭) থেকে উদ্যুত করা গেল—

পদচারণের কবি

মান্তবর শ্রীগৃক্ত প্রমথনাথ চৌধুরী মহাশয় সমীপে

রসের যে সিধা পের ঢোলে চাঁটি পড়ার শবদে
পাঠাই রসিদ তার, ঢাকে কাঠি থামিবার পরে;
জানেন তো কুড়ে গোক চিরদিন ভিন্ন গোঠে চরে,
কুডেমি কায়েমি যার, ক্রটি ভার ঘটে পদে পদে।
মরম বোঝে না কেউ, মনে ভাবে মেতে আছে মদে
কেউ কয় 'চালিয়ান'! 'কি অপভা!' কেউ মনে করে;
আমি শুধু ত্লি হাই,… চিঠির কাগজ নাই ঘরে
দোয়াতে মসীর পদ্ধ,… এক ফোঁটা জল নাই গাঁদে।
লেফাফা দ্রস্থ অতি, পোষ্টাপিদে বিকিকিনি তার
লেকাফা-ত্রস্ত হওয়া তাই আর হল না আমার।
ছছে ক'রে বেপরোয়া চলে যেতে চায় দিনগুলো,
হা হা করে পদে পদে ওদের কি রাথা যায় ধরে ?

বিশেষ গরম দেশ, তাঁপ ধবে নাকে ঢোকে ধুলো, ঢাকে ঢোলে চিঠি তাই লিখি আমি ত্'বার বছরে। গোড়াতে জানিয়ে হাল, ক্ষমা চাই বিনয়-বচনে, প্রগো ছন্দ-চঞ্চরীক! পদচারণের কবিবর! পায়চারি করে চিত্ত তব গুঞ্জ-গীতি কুঞ্জবনে, তারিফে ফুটিয়ে তারা, পদে পদে, নিতা নিরস্তর।

ইতি ভবদীয়

ऽना रेकार्छ ১७२१

শ্ৰীসত্যেন্দ্ৰনাথ দত্ত

সত্যেক্তনাথ প্রমথ চৌধুরী মহাশয়কে উৎসর্গ করেন তাঁর 'হসম্ভিকা' কাব্য।
সবৃদ্ধ পত্র যথন প্রকাশিত হয়, তার প্রথম সংখ্যায় সত্যেক্তনাথের স্থপরিচিত
কবিতা "সবৃদ্ধ পাতার গান" মৃদ্রিত হয়েছিল, তারই শেষ ছত্র text স্বরূপ গ্রহণ
করে বীরবল "যৌবনে দাও রাজ্টীকা" প্রবন্ধ পরের সংখ্যায় প্রকাশ করেন।

সনেট-পঞ্চাশং ও পদচারণ

প্রমথ চৌধুরীর পত্ত

সতোন্ত্ৰনাথ দত্তকে লিখিত

১৯ **নম্ব**র স্টোর রোড বালিগঞ্জ ২৫ জুলাই ১**৯**১৩

मविनय निर्वापन.

এ মাসের 'ভারতী' পত্রিকায় প্রকাশিত সনেট-পঞ্চাশতের বিস্তৃত সমালোচনা পড়ে আমি যে খুশি হয়েছি তা বোধ হয় বেশি করে বলবার দরকার নেই। প্রশংসা পেলে তা সাদরে গ্রহণ করবার অধিকার মায়্র মাত্রেরই আছে এবং আমি দেব কি দানব শ্রেণীর জীব নই। প্রথমে সনেট-পঞ্চাশৎ সম্বন্ধে কেউ উচ্চবাচ্য না করাতে স্বয়ং বীরবল তার সমালোচনা করবার জন্ম প্রস্তুত হয়েছিলেন, কিন্তু কথাটা প্রকাশ হয়ে পড়ায়, বীরবল, বরুবান্ধবের উপদেশ এবং আদেশ অনুসারে সে সংকল্প ত্যাগ করতে বাধ্য হন। এক হাতে গড়ে অন্থ হাতে ভাঙাটা লোকে বৃদ্ধিমানের কার্য মনে করেন না। এ ক্ষেত্রে বরুবান্ধবের যে সময়োচিত স্থপরামর্শ দিয়েছিলেন তার প্রমাণ এ মাসের 'ভারতী' এবং 'সাহিত্য'।

সত্য কথা বলতে গেলে, সনেটঞালি আমি নির্ভয়ে লিখি কিছ্ক ভয়ে ভয়ে প্রকাশ করি। তার কারণ, সচরাচর দেখতে পাওয়া যায় যে, লেখকেরা প্রায়ই পদ্ম হতে ক্রমে গতে 'প্রমোশন' পেয়ে থাকেন। স্বাভাবিক অন্থলামের পদ্ধতি অন্থসারেই এরপ হয়ে থাকে। তার উন্টো ব্যাপারটা সাহিত্যজগতের ইভলিউশনের নিয়ম-বিরুদ্ধ; অর্থাৎ কবিতার সঙ্গে বিলোম বিবাহটা গভ্য লেখকের পক্ষে বৈধও নয় সংগতও নয়। এরপ শাস্ত্রবিরুদ্ধ কাজ করতে গিয়ে কালিইল, রাসকিন, জর্জ্ব এলিয়ট প্রভৃতি মহামহার্থীদেরও কি তুর্গতি হয়েছে

তা সর্বলোকবিদিত। অসি ছেড়ে বাঁশি ধরবামাত্রই তাঁদের প্রতিভার ক্লম্প্রাপ্তি হয়েছে। এই কারণেই সনেটকার হিসেবে আমি সমালোচকদের পরীক্ষায় যে উত্তীর্ণ হব এ ভরসা আমার ছিল না। স্কতরাং অস্ততঃ তৃতীয় শ্রেণীতে পাস হয়েও আমি যে কবিগোটীতে প্রবেশ করবার অধিকার লাভ করেছি, এ আমার পক্ষে কম শ্লাঘার বিষয় নয়।

আমার বিশ্বাস যে, সনেট আকার গ্রহণ করাতেই আমার কবিতা গুণী-সমাজে গ্রাহ্ম হয়েছে। ছবাহুব নিজের গায়ের মাপে থাট তৈরি করলে তাতে শোগুরা চলতে পারে, কিন্তু ঘুমোনো চলে না। অনেকের বিশ্বাস যে কবিতার উদ্দেশ্য মামুষের মনকে ঘুম পাড়ানো। যদি তাই হয়, তা হলেও এ কথা অবশ্য সকলকে স্থীকার করতে হবে যে অপরকে ঘুম পাড়াতে হলে নিজে জেগে থাকা আবশ্যক। কবি চান আর না চান, সরস্বতীকে সনেটের খাটুলিতে আসন দিলে তাঁকে জাগ্রত থাকতেই হবে। যদি মুহূর্তের জন্মও তন্ত্রা আসে তো তাঁর পতন অনিবার্ষ। সম্ভবতঃ আমাদের এই ঘুমের রাজ্যে সনেট-পঞ্চাশতের সজাগ ভাবটা লোকের কাছে একটু নতুন লেগেছে। ভালো ছাঁচে ঢালাই করলে সামান্য ধাতুরও মূল্য বেড়ে যায়।

আমি শুধু আপনাকে ধন্তবাদ দেবার জন্ত এ পত্র লিখতে বদি নি।
আপনার লেখা পড়ে যে কতদ্র স্থা হয়েছি, এবং প্রধানতঃ দে কি কারণে,
সেইটে জানানাই আমার উদ্দেশ্য। আমার অবশ্য আজও "প্রজ্ঞা-প্রতিষ্ঠিতা"
হয় নি। কম্মিন্কালেও যে হবে তারও কোনো লক্ষ্ণ দেখতে পাই নে। কিন্তু
তাই বলে নিন্দাপ্রশংসায় আমি অভিমাত্র বিচলিত হয়ে পড়ি তাও নয়।
কোনও সং-বল্পতে নোলর না ফেললেও আমার মন কাণ্ডারীহীন তরীর মতো
অন্তক্ল ও প্রতিক্ল পবনের জীড়া-কন্দুক হয়ে ওঠে নি। "অহং"কে কেন্দ্রস্থ
করে, কতকটা নিলিপ্রভাবে চার পাশের জিনিস দেখতে আমি চেষ্টা করি।
কতটা কৃতকার্য হই সে অপরের বিবেচ্য। সনেট-পঞ্চাশং সম্বন্ধে বিশেষ করে
আপনি যা বলেছেন তা বাদ দিলেও, আপনি কবিতা সম্বন্ধে সাধারণ ভাবে যা
বলেছেন, সে সকল কথা বাঙালীর শোনবার এবং মনে মনে আলোচনা করবার

মতো কথা। আপনার লেখা ভাষার গুণে, চিন্তাশীলতায়, এবং স্পষ্টব্যক্তিত্বে, অতি উপাদের প্রবন্ধ হয়েছে।

কবি রাজশেথর বলেছেন যে সংস্কৃত-বন্ধ পুরুষ-পরুষ এবং প্রাক্কত-বন্ধ মহিলা-স্কুমার। কথাটা যদি ঠিক হয় তা হলে আমাদের মানতে হবে যে এই উভয়বিধ রচনা হয় আমাদের ভক্তি নয় প্রীতি আকর্ষণ করতে সমর্থ। কিন্তু ভাষা ষদি এমন হয় যে পরুষ অথচ পুরুষালি নয়, মেয়েলি অথচ স্কুমার নয়, অর্থাৎ তা যদি নপুংসক ভাষা হয়, তা হলে তার দিকে পিঠ ফিরে দাঁড়ানোই আমাদের কর্তব্য। প্রচলিত শ্রীইন শক্তিহীন বাংলা গল্প প্রায়ই পূর্বোক্ত ক্লীবজাতীয়। কিন্তু আপনার গল্পের মূর্তি আছে, প্রাণ আছে, গতি আছে। আপনার ভাষা তরল হলেও জলো নয়, স্বচ্ছ হলেও বর্ণহীন নয়, পূর্ণ হলেও স্ফীত নয়। সংস্কৃত শব্দ আপনি বাছতে জানেন এবং বাংলা শব্দের সঙ্গে মিলিয়ে মানিয়ে একহারে গাঁথতে জানেন এবং উপযুক্ত ভাববস্তম অলংকারম্বরূপ তা প্রয়োগ করতে জানেন। 'লম্বন্তনীর বক্ষে একাবলি যে শোতা পায় না,' এ জ্ঞান আমাদের দেশে পূর্বে ছিল এখন নেই। স্কুতরাং আমার সবিশেষ অলুরোধ যে আপনি আরও গল্প প্রস্কু লিখে বাংলা সাহিত্যের ঐশ্বর্য বাড়িয়ে দিন। গল্প-লেখক ভালো পল্প লিখতে না পাক্ষন পল্প-লেখক যে ইচ্ছে করলেই ভালো গল্প-লেখক ভালো পল্প লিখতে না পাক্ষন পল্প-লেখক যে ইচ্ছে করলেই ভালো গল্প লিখতে পারেন এর প্রমাণ সাহিত্যে যথেষ্ট আছে।

আপনার প্রবন্ধ সম্বন্ধে এই ভাষা ছাড়া অন্ত কোনোরূপ প্রশংসার কথা আমার মুথে শোভা পায় না। কারণ তাতে প্রকারান্তরে আত্মপ্রশংসাই করা হবে। স্বতরাং প্রবন্ধের আসল মর্বাদা সম্বন্ধে স্ব্থ্যাতি করবার লোভ আমি অবস্থাবিবেচনায় সম্বরণ করতে বাধ্য হলুম।

এখন ঘূটি-একটি বাজে কথা বলি। আপনি লিখেছেন যে এ দেশের শিক্ষিত লোকদের বিশ্বাস যে পেঅ'র্কা সনেটের স্পটিকর্তা। এ সম্বন্ধে আমার আপত্তি এই যে এ দেশের শিক্ষিত লোকদের কোন্ বিষয়ে যে কি বিশ্বাস আছে তা বলা অসম্ভব। আমার পরিচিত, কোনও বিলাতপ্রত্যাগত, অতএব শিক্ষিত, কলামুরাগী বক্ততাপ্রিয় বক্ষয়বক আমার প্রতি এই দোষারোপ করেছেন যে,

আমি সনেট-পঞ্চাশতে বড় বেশি অপ্রচলিত সংস্কৃত শব্দ ব্যবহার করেছি। প্রমাণস্বরূপে তিনি দেখিয়েছেন যে 'পেত্রার্কা' শব্দ প্রকৃতিবাদ অভিধানে পাওয়া যায় না। কিমাশ্চর্যমতঃপরম্। 'লোক' শব্দ শোনবামাত্র যেমন বাল্মীকির নাম মনে পড়ে, তেমনি 'সনেট' শব্দ উচ্চারণ করবামাত্রই পেত্রার্কা শ্বতিপথে আবিভূতি হন। পেত্রার্কা এবং সনেট এ ঘটি পরস্পর আপেক্ষিক (correlative) শব্দ হয়ে উঠেছে বললেও অভ্যুক্তি হয় না। সেই কারণেই আমি যদিচ তাঁর পদাহসরণ করি নি, তব্ও পেত্রার্কার চরণ বন্দনা করে আসরে নামি। তৎপরিবর্তে যদি গুইডো ক্যাভালকান্টির দোহাই দিয়ে যাত্রা আরম্ভ করত্বম তা হলে আমি হলপ করে বলতে পারি কোনও পাঠিকা আমার সঙ্গে সপ্রপদী পর্যন্ত করতেও অগ্রসর হতেন না, চতুর্দশ তো দ্রের কথা। আপনি ঠিকই ধরেছেন, আমি ফরাসি সনেটের ছাঁচই অবলম্বন করেছি।

শ্রীযুক্ত বাবু প্রিয়নাথ সেন নবম দশম চরণকে স্বাতস্ত্র্য দেওয়াতে আপত্তি করেছেন। তাঁর মতে ওরপ করাতে ধারা ত্রিধা বিভক্ত হয়ে যায়। আমি অস্বীকার করি নে যে কতকগুলি সনেটে আমি মনোভাবকে নবম দশম চরণে গুটিয়ে নিয়ে আবার নৃতন করে ছড়িয়ে দিয়েছি। এতে যে কোনোরপ রসভঙ্গ হয়েছে এমন আমার বিশ্বাস নয়। বংশীধারীর পক্ষে ত্রিভঙ্গরূপ ধারণ করাটা অস্ততঃ এ দেশে শাস্ত্রবিক্ষক নয়।

এ চিঠি আজ এইখানেই শেষ করি। পুনর্দর্শনায়।

ইতি

e শ্ৰীপ্ৰমথনা**থ** চৌধুৱী

🖏 অমিয় চক্রবর্তীকে লিখিত

6.10.[19]41.

কল্যাণীয়েষু,

ভোমাকে পরগু একথানি বড় চিঠি লিখেছি। ফরাসী সাহিত্যের কোনো প্রভাব যদি আমার মনের উপর থাকে, তা হলে সে প্রভাব আমি unconsciously আত্মসাৎ করেছি। সজ্ঞানে নয়।

এখন আমার সনেটের জন্মকথা বলছি। চিত্তরঞ্জন দাসের ভ্রাতা P. R. Das আমাকে সনেট লিখতে অহুরোধ করেন, তাঁর কথামতো আমি Ronsard প্রভৃতি ফরাসী কবিদের পদাহুসরণ করে সনেট লিখতে শুক্ষ করি। ফরাসী সনেটের সঙ্গে ইতালীয় সনেটের প্রভেদ এই যে, তুই সনেটেই প্রথম অইক সমান। শেষ ষষ্ঠকে একটু প্রভেদ আছে। ফরাসীরা ছয়কে তুই ভাগ করেছেন। প্রথম একটি বিপদী পরে একটি চতুষ্পদী। সনেটের technique বড় কঠিন অস্ততঃ আমার পক্ষে। ফরাসী সনেট গড়া অপেক্ষাকৃত সহজ। তাই আমি এ formটাই নিই। ওরই মধ্যে একটু সহজ বলে।

আমার লেখা সনেট লোকে ছেলেখেলা বলে প্রত্যাখ্যান করেন— এবং মাসিক পত্রে প্রকাশ করতে চান নি নিতান্ত খেলো বলে। তখন রবীন্দ্রনাথ বিলেতে— গীতাঞ্জলির ইংরাজী অন্তবাদ প্রকাশ করছেন। সকলে প্রত্যাখ্যান করলেও জ্যোতিকাকা মহাশয় আমাকে ওর প্রশংসা করেছিলেন এবং ভারতী পত্রিকায় আমার থাতিরে চারটি সনেট প্রকাশিত হয়। তার পর প্রিয়নাথ সেনের অন্তরোধে আমি সনেট-পঞ্চাশং প্রকাশ করি। তিনিই ছিলেন আমার রচিত সনেটের আদি গুণগ্রাহী।

ববীক্রনাথ তথন ছিলেন বিলেতে। আমার শ্রালক স্থরেক্রনাথ সেই সময়ে একবার কিছুদিনের জন্তে Insurance আপিসের কাজে বিলেত গিয়েছিলেন—আর তার কাছে একথণ্ড সনেট-পঞ্চাশৎ ছিল। সেটি পড়ে তিনি আমার স্থাকৈ আমার কবিতার অতি-প্রশংসা করে একথানি চিঠি লেথেন। আর তার পরেই আমাকে একথানি চিঠি লেথেন। ভাতেও আমার সনেটের অতিপ্রশংসা ছিল। এ ছই চিঠি পেয়ে আমি যারপরনাই খুলি হই। এবং চিঠি ছথানি ছ-চারজনকে দেখাই বিশেষতঃ তাঁদের যারা সনেট-পঞ্চাশৎ নিয়ে ঠাট্টা করতেন। সে চিঠি পড়ে তাঁরা নীরব হয়ে গেলেন। রবীক্রনাথের চিঠি পড়ে আমিও একটু অবাক হয়ে যাই। কেননা আমার সনেট যদি কবিতা হয় তা হলে সেকবিতা ববীক্রনাথের কবিতার সঙ্গে সম্পূর্ণ বিভিন্নথর্মী।

রবীন্দ্রনাথের Lyric মূলতঃ গীতধর্মী- তার flow অসাধারণ। সনেট হচ্ছে

আমার মতে sculpture-ধর্মী— এর ভিতর উদ্দাম flow নেই। ষেটুকু গতি আছে তা সংহত ও সংযত। সনেটের ভিতর এমন কোনো তোড় নেই যা পাঠকের মনকে ভাসিয়ে নিয়ে যেতে পারে। সনেট প্রতিমাধর্মী। অবশু আমি এ কথা বলতে চাই নে— আমার প্রতি সনেট একটি প্রতিমা। কিন্তু Dante [প্রভৃতি] বড কবিদের গড়া সনেট তাই। এবং এর সৌন্দর্য অনেকটা technique-এর উপর নির্ভর করে। অবশু এর ভিতর যদি প্রাণ থাকে। সে প্রাণ অবশু সনেটের ভিতর অন্তঃশীলা ভাবে বয়। Emotionকে লাগাম ছেডে দিলে সনেট গড়া যায় না। আমার এ মত গ্রান্থ কি না তা অবশু বলতে পারো। একটি কথা কিন্তু ঠিক, সনেট গান নয়।

সনেট লেখবার অন্ত কারণও ছিল— রবীন্দ্রনাথের কবিতার খেলো নকল পড়ে পড়ে আমি একটু বিরক্ত হয়ে গিয়েছিলুম। তার প্রমাণ আমার একটি অপ্রকাশিত কবিতায় আছে। শাসেট তুমি কলিকাতায় ফিরে এলে দেখাব। উপরস্ক আমার মনে হয় যে, লেখা অত্যক্ত চিলে হয়ে আসচে।

কবিতা বস্তকেই আমরা আর্টের কোঠার ফেলি। সনেটে এই আর্ট নামক গুপই প্রধান লক্ষ্য করবার জিনিস। রবীন্দ্রনাথ প্রভৃতি বড় কবিদের কবিতায় emotionই হয়ত আর্টকে সঙ্গে সঙ্গে টেনে নিয়ে আছে। কিন্তু art অনেকটা বন্ধনের সামগ্রী। আমি যে সনেট লিখেছি সে অনেকটা experiment হিসেবে। যদি তা সন্তেও আমার কতকগুলি সনেট যদি কবিতা হিসেবে উত্তরে থাকে তা এই সনেটের বাঁধাবাঁধি নিয়মের গুণে। আমার সনেটের অন্তরে হয়ত art-এর চাইতে artificiality বেশি। তার কারণ Dante প্রভৃতি মহাকবিদের আমি বংশধর নই। তালো কথা, আমি Dante-র বার বার নামোল্লেথ করছি কেননা তার Vita Nuova সনেটগুলি প্রতিটি একটি স্বাক্ষক্রনর ছবি।…

প্রমথ চৌধুরী

5.11. [19] 41 Ballygunge

কল্যাণীয়েষ্

সনেট-পঞ্চাশংতের জন্মকথা তোমাকে ইতিপূর্বে লিথে জানিয়েছি। এখন পদচারণের কথা বলছি। সনেট-পঞ্চাশং সবৃক্ষ পত্তের প্রকাশের পূর্বে বেরিয়েছিল পদচারণ তার পরে। রবীক্রনাথ তখন দেশে ফিরেছেন। আর পদচারণ তিনিই দেখে আমাকে ছাপতে অনুমতি দিয়েছিলেন। এর কতকগুলি কবিতা সবৃক্ষ পত্তেই প্রকাশিত হয়েছিল।

পদচারণের কতকগুলি সনেট পূর্বের লেখা যেগুলি আমি সনেট-পঞ্চাশতে ছাপি নি। ও পুস্তিকার প্রথম সনেটটি বোধহয় আমার প্রথম লেখা। form ঠিক হয় নি। প্রথম চৌপদীর মিল ছিতীয় চৌপদীতে রাখতে পারি নি। আর কটি পুরো ইতালীয় সনেটের অহরূপ। সনেট-পঞ্চাশতের প্রতি সনেটই ফরাসী সনেটের আদর্শে লেখা। প্রথমে ছটি চৌপদী তার পর একটি দ্বিপদী তার পর আর একটি চৌপদী। ইতালীয় সনেটে কিন্তু ত্রিভন্দ নয়। প্রথম আট ছত্র তার উত্তমান্দ আর শেষ ছ লাইন তার অধ্যান্দ। এ ধরণের সনেট লেখা আরও কঠিন। মধ্যে হাঁফ ফিরবার অবসর পাওয়া যায় না। পদচারণে চৌপদীও আছে ত্রিপদীও আছে। আর সে কালে ওই ত্রিপদীটি লোকের খুব ভালো লেগেছিল। তা ছাড়া Terza Rima ও Triolet লিখতেও চেষ্টা করেছি। Terza Rima যে কেন লিখতে গেলুম মনে পড়ে না। ইংরাজী ভাষায় ও-ছাদের কবিতা নেই। বোধহয় একমাত্র Browningএর The Statue and the Bust ছাড়া। আমি পরে আবিষ্কার করেছি যে Dante-র Divina Comedia আগাগোড়া Terza Rimaয় লেখা। যেন ও ছন্দ পয়ারের স্বগোত্ত। কিন্তু আমি কথাকে ও-ছন্দে লেখা অসম্ভব কঠিন মনে করেছি। একটি Terza Rima লিখতেই মাথা খারাপ হয়ে যায়। প্রতি তিন ছত্ত্রের মধ্যে এক ছত্ত unrhymed থাকে— আর পরের ত্রিপদাতে তার মিল টেনে

আনতে হয়। সনেট চৌদ্দ ছত্তে লিখেই খালাস— কিন্তু Terza Rimaয় শেষ পর্যন্ত ছুটি নেই।

Triolet লেখাও কঠিন— তার পুনকক্তির জন্য। এ ছই হচ্ছে experiment
— আর এ ছই বিষয়েই আমি পাদ হয়েছি। অর্থাৎ হাতের পাঁচ রেখেছি।
তা ছাড়া দেশী ছন্দ নিয়েই experiment করেছি— তবে কতটা কৃতকার্য
হয়েছি বলতে পারি নে।

রবীন্দ্রনাথ আমাকে সেকালে বলেছিলেন যে পদচারণের মতো উচ্জ্বল কবিতার বই বাংলায় আর দিতীয় নেই। উচ্জ্বল মানে যাই হোক।

আমি আসলে গভালেথক তা আমি জানি। কিন্তু এই R[h]ymeএর চর্চাকরলে শব্দের পুঁজি বেড়ে যায়। অনেক শব্দ দিতে হয় আর-একটি শব্দের সঙ্গে মেলে না বলে। আমার কবিতা লেখার ভিতর এ উদ্দেশ্যও বোধ হয় চিল।

এর চেয়ে বেশি কিছু বলতে পারছি নে। আমি যে কেন হঠাৎ কবি হয়ে উঠি তার কারণ এই।

শ্রীপ্রমথ চৌধুরী

৩ প্রিয়নাথ সেন লিখেছিলেন—

"প্রায়ই তাঁহার সনেটে নবম ও দুশম চরণ একটি সম্পূর্ণ মিত্রাক্ষর পয়ারের আকার-প্রাপ্ত, এবং অনেক স্থলে সেক্সপীরীয় সনেটের অস্তিম পয়ারেরই অন্তর্মণ। দৃষ্টাস্তস্বরূপ 'পত্রলেখা' নামক অপরপক্ষে স্থন্দর সনেটের উল্লেখ করা যাইতে পারে। যদিও কোনো কোনো ফরাসী কবির রচিত সনেটে নবম দশম চরণ মিত্রাক্ষর পয়ারের আকারপ্রাপ্ত, কিন্তু দশম চরণে ভাবের ছেদ কোথাও তোদেখি নাই।……ইহার ['পত্রলেখা'র] অষ্টকের শেষ চরণে ভাবের বৈধ বিরাম হইলেও, নবম চরণে নবপ্রবর্তিত ভাবতরক্ষ সনেটের অবশিষ্ট অংশে ব্যাপ্ত না হইয়া দশম চরণেই পূর্ণতাপ্রাপ্ত হইয়া শেষ হইরাছে। একাদশ চরণে

আবার ভাবের নৃতন আবর্তন। ইহাতে ভাবস্রোত ত্রিধা বিভক্ত হইয়া প্রথবতা ও গভীরতা হারাইয়াছে। সনেটটিও তিন ভাগে বিভক্ত হইয়া না মিলটনীয় সনেটের পূর্ণ নিটোল গোলকত্ব লাভ করিয়াছে— না পেত্রাকীয় সনেটের তাল-লয়ব্যবচ্ছিন্ন উত্থানের বিচিত্রতা প্রাপ্ত হইয়াছে।"

- ৪ ছন্দ-আলোচনার পুনর্দর্শন হয়েছিল রবীক্রনাথের 'বিচিত্রা' সভায়, ও সবুজ পত্রের (ভাজ ১৩২৫) পৃষ্ঠায়, প্রমথ চৌধুরীর 'পয়ার' প্রবন্ধে— 'কবিবর শ্রীযুক্ত সত্যেক্রনাথ দত্ত স্থ-করকমলেয়ু'।
 - 'সাহিত্যে'ও কয়েকটি প্রকাশিত হয়।
 - ৬ এই গ্রন্থের 'অক্যান্ত কবিতা' বিভাগে মৃদ্রিত 'নৃতন কবি' দ্রন্থিবা।

সাময়িক পত্রে প্রকাশের সূচী

সনেট-পঞ্চাশৎ

সনেট। ভারতী অগ্রহায়ণ ১৩১৯
ভর্ত্বরি। ভারতী অগ্রহায়ণ ১৩১৯
ব্যর্থ-বৈরাগ্য। ভারতী অগ্রহায়ণ ১৩১৯
পত্রলেখা। ভারতী অগ্রহায়ণ ১৩১৯
শিখা ও ফুল। সাহিত্য ফাল্কন ১৩১৯
কোলাপ'। সাহিত্য পৌষ ১৩১৯
অবেষণ। সাহিত্য পৌষ ১৩১৯

পদচারণ

পূর্ণিমার থেষাল। ভারতী মাঘ ১৩১৯
সনেট-স্বন্ধী। ভারতী ভাদ্র ১৩২০
অকালবর্ষা। প্রবাসী আষাচ ১৩২০, 'বর্ষা' ২
বর্ষা। প্রবাসী আষাচ ১৩২০, বর্ষা' ১
সনেট-সপ্তক। ভারতী আষাচ ১৩২০
বর্ষাই। সন্দেশ আষাচ ১৩২১
কৈফিয়ত। ভারতী আখিন ১৩২০
পত্র। সাহিত্য প্রাবণ ১৩২০
হয়ানি। ভারতী অগ্রহায়ণ ১৩২০
বনক্রলই। ভারতী জ্যেষ্ঠ ১৩২১
চেরি-পুল্প। ভারতী চৈত্র ১৩২০

গ্রন্থপরিচয়

ভালো ভোষা বাসি ষধন বলি। ভারতী জাৈষ্ঠ ১৬২১
প্রেমের ধেয়াল। ভারতী বৈশাধ ১৬২১
ছিজেল্ললাল। সাহিত্য ভাল ১৩২১
ক্ষেহলতা। সাহিত্য ফাল্কন ১৩২০
থেয়ালের জন্ম। সবৃত্ধ পত্র আবাঢ় ১৩২১
তেপাটি । সবৃত্ধ পত্র আবান-কার্তিক ১৩২৩
শরং। সবৃত্ধ পত্র আবিন-কার্তিক ১৩২৪
সংসার। সাহিত্য ভাল ১৩২১
ছোট কালীবাবু । সবৃত্ধ পত্র শ্রাবণ ১৩২৫

অক্যান্য কবিতা

পঞ্চাশোধ্বে°। বিশ্বভারতী পত্রিকা বৈশাধ-আষাচ় ১৩৫৪ সনেট। ঋতুপত্র বর্ষা ১৩৬২ উত্তর। ঋতুপত্র শীত ১৩৬২ কাঠের রাজা°। বিশ্বভারতী পত্রিকা মাঘ ১৩৪৯ গান। আনন্দসঙ্গীত পত্রিকা আষাচ় ১৩২১

এই তালিকায় অসম্পূর্ণতা থাকা সম্ভব।

১ 'অপরার' নামে।

২ 'আষাতে ছড়া' নামে

 ^{&#}x27;বয়ে হইতে পত্রাভ্যস্তরে আগত বনফুলের প্রতি' নামে।

৪ 'সবুজ পত্তে "অনার্য বাঙালী" নামক প্রবন্ধের লেখক শ্রীযুক্ত বীরেক্রচন্দ্র [কুমার] বয় আই. সি. এস. বাংলায় একটি Triolet রচনা করে নম্নাম্বরূপ

গ্রন্থপরিচয়

সেটি আমাকে পাঠিরে দেন। সেই নম্না-অহসারে আমি এই কবিতাগুলি লিখেছি। "তেপাটি" নামও তাঁরই দত্ত। স্থতরাং এই কবিতাগুলির নাম ও রূপের জন্ম আমি তাঁর নিকট সম্পূর্ণ ঋণী। প্র. চৌ.।'—সবুজ পত্রে কবিতার পাদটীকা।

- করাসী কবিতা Triolet-এর ছাঁচে ঢালাই করে আমি এক সময়ে গুটি-ছয়েক পছ রচনা করি এবং তার নাম দিই তেপাটি। সে-সকল তেপাটিতে Triolet-এর ঠিক গড়নটি বজায় রাখতে পারি নি। হাত-ছই জমির ভিতর কুঁচিমোড়া ভাঙা যে কি কঠিন ব্যাপার, তা যিনি কখনো কসরত করেছেন তিনিই জানেন। তেপাটি লৈখাও হচ্ছে লেখনীর একটা কসরত। Triolet অষ্টপদী কবিতা। এই আট পদের ভিতর, প্রথম পদটি ধুয়ো হিসেবে আর ছ'বার, আর দ্বিতীয় পদটি আর একবার দেখা দেয়। তা ছাড়া এ পছের ভিতর শুধু একজাড়া মিল আছে। প্রথম তৃতীয় চতুর্থ পঞ্চম আর সপ্তম পদ একসঙ্গে মেলে; বাকি তিন পদ একসঙ্গে মেলে। বলা বাছলা এ কবিতার ভাব ভাষা ছই-ই নেহাত হালকা হওয়া চাই। —সবুজ পত্রে কবিতার পাদটীকা।
- ভ বিশ্বভারতী পত্রিকা ও এই গ্রন্থে কবিতাটির যে নাম দেওয়া হয়েছে তা লেখক-প্রদন্ত নয়।
- প্রমণ চৌধুরীকে লিখিত রবীজনাথের এই পত্রাংশ থেকে রচনাটির তারিখ অন্নান করা থেতে পারে—'তোমার সেই কাঠের পুতৃলটাতে একবার হাত দিলে কেমন হয় ?' [২০ এপ্রিল ১৯১৫], "চিঠিপত্র" ৫।

প্রদঙ্গ-কথা

কানো-কোনো কবিতার প্রসঙ্গ বর্তমানে তেমন স্থপরিচিত না হতে পারে এই মন্তমানে এখানে তার উল্লেখ করা হল।

- বলাতে রবীন্দ্র। ১৯১২ সালে বিলাতপ্রবাসকালে সাহিত্যিকসমাজে রবীন্দ্র-নাথের সংবর্ধনার বিবরণ এ দেশে পৌছলে এই কবিতা লিখিত।
- The Book of Tea। জাপানী মনীধী ওকাকুরার প্রসিদ্ধ গ্রন্থ (প্রকাশ ১৯০৬)। ওকাকুরা বর্তমান শতাব্দীর স্থচনায় যথন ভারতবর্ধ ভ্রমণে আদেন তথন ঠাকুর ও চৌধুরী-পরিবারের সঙ্গে তাঁর বিশেষ জ্ঞতা জন্মছিল।
- ইজেন্দ্রলাল। স্বস্থাৎ বিজেন্দ্রলাল রায়ের মৃত্যুর (১৭ মে, ১৯১০) পরে
 লিখিত। প্রদক্ষকমে উল্লেখ করা যেতে পারে যে, প্রমথ চৌধুরীর এই
 সকল রচনায় হিজেন্দ্র-কথা আলোচিত হয়েছে— 'সাহিত্যে চাবুক',
 সাহিত্য, মাঘ ১৩১৯, বীরবলের হালধাতা গ্রন্থের অন্তর্গত; 'হিজেন্দ্রলালের
 স্মৃতিসভায় কথিত', সবুদ্রপত্র, জাষ্ঠ ১৩২২।
- প্রথ্লতা। 'একটি ১৪ বছরের মেয়ের 'একজন "শিক্ষিও" যুবকের সহিত বিবাহের সম্বন্ধ হয়। ছেলের বাবা যে পণ চায়, মেয়ের বাবা তাহার সমস্ভটা যোগাড় করিতে না পারিয়া শেষে নিজের বসতবাটীটি পর্যস্ত বন্ধক দিবার বন্দোবস্ত করেন। তাহার বিবাহের জন্ত পিতামাতা সর্বস্বাস্ত ও গৃহহারা ইইতেছেন, এই চিস্তা বালিকাকে ব্যাক্ল করে। সে বাপমাকে ঘোর দাবিল্যজঃধ হইতে মুক্তি দিবার জন্ত আগুনে পুড়িয়া মরিয়াছে'।

১ বিবিধ প্রদঙ্গ, প্রবাদী ফাল্পন ১৬২٠

গ্রন্থপরিচয়

স্বেহলতার আত্মহত্যার ফলে এই সময় বাঙালী-সমাজে পণপ্রথার বিরুদ্ধে বিশেষ আন্দোলনের স্বষ্টি হয়েছিল— দেশবাসীর মর্মবেদনা ব্যক্ত হয়েছিল বছ প্রবন্ধে ও একাধিক কবিতায়, যথা সত্যেন্দ্রনাথ দত্তের কবিতা 'মৃত্যু-স্বয়ন্বর', প্রবাসী চৈত্র ২৩২০।

ছোট কালীবাব্। প্রমথ চৌধুরীর ভ্রাতা কুম্দনাথ চৌধুরীর পুত্র কালীপ্রসাদ।
ইনি প্রমথ চৌধুরীর পুত্রপ্রতিম স্নেহভাজন ছিলেন। ১৯৪১ সালে ১৭ জুন
বিমানযুদ্ধে নিহত হন। প্রমথ চৌধুরী তাঁর 'গল্প-সংগ্রহ' গ্রন্থ (৬ সেপ্টেম্বর
১৯৪১) কালীপ্রসাদের স্মাততে উৎসর্গ করে লিথেছেন—
তোমার বয়স যখন আড়াই বৎসর তখন তোমার নামে এই Triolet-টি
লিখি…

আর আজ ?---

স্ত্রিয়া হি বিষয়ঃ শুচাম্। তথাপি কিং করোমি। স্বভাবত্ত মেয়ং কাপুক্ষতা বা স্ত্রৈণং বা যদেবমাস্পদং পুত্রশোকহুতভূজো জাতোহস্মি।

> তোমার ন-কাকা প্রমথ চৌধুরী

৬ই দেপ্টেম্বর ১৯৪১

বিজ্ঞপ্তি

এই গ্রন্থের 'অক্সান্ত কবিতা' অংশে ষেসব কবিতা মুদ্রিত হয়েছে তার অধিকাংশ লেখকের কবিতার থাতা থেকে সংগৃহীত। ইন্দিরা দেবীচোধুরানী এই থাতাটি ব্যবহার করতে দিয়েছিলেন। এর কোনো-কোনো কবিতা তিনি প্রমথ চৌধুরী মহাশ্যের পরলোকসমনের পর সাময়িক পত্রে প্রকাশও করেছিলেন; 'কাঠের রাজা' 'বীরবল' নিজেই জীবিতকালে প্রকাশ করেন, যথাস্থানে এ বিষয়ে তাঁর মন্তব্যও মৃদ্রিত হয়েছে।

এই বিভাগে যে গানটি সংকলিত হয়েছে সে-প্রসঙ্গে একটি কথা উল্লেখযোগ্য। প্রমথ চৌধুরী সাধারণ অর্থে গানে বিশেষজ্ঞ ছিলেন না, তবে, তাঁর নিজের ভাষায় বলতে গেলে, 'সংগীতের প্রতি আমার আবাল্য অন্তরাগ' ছিল: 'বাল্যকালে আমার কান তৈরি হয়েছিল… ওন্তাদী চঙ্কের গানে'; 'আমি অল্পবয়ন থেকেই গান গাইতুম — কানে যে হ্বর আসত গলায় তা বদলি হত।' সবুজ পত্রে যথন সংগীত সহকে আলোচনা ও বাদান্তবাদ চলেছিল তথন স্বনামে ও 'বীরবল' ছন্মনামে তাতে যোগ দিয়েছিলেন, সেই-সময়কার ছটি লেখা 'হিন্দুসংগীত' নামে পুজকাকারে ছাপা হয়েছে। ছুএকটি গানও তিনি রচনা করেছিলেন তারই একটি নিদর্শন এই সংকলনে রক্ষিত হল। স্বর্গলিপিসহ এটি আনন্দস্পীত পত্রিকায় প্রকাশিত হয়েছিল। রচনার থাঙা অন্থায়ী গানটির রাগিণীতে এটির হুর দেন।

পূর্বোলিখিত খাতাটি থেকে অনেকগুলি কবিতা রচনার তারিথ ও স্থান এই সংস্করণে যোগ কর: হয়েছে। এই গ্রন্থের পূর্বকথা অংশ দেশ পত্রিকায় প্রকাশিত হয়েছিল, এই সময় শ্রিরেণুকা দেবী একটি গুরুতর মৃদ্রপপ্রমাদের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছিলেন, তিনি সংকলয়িতার ক্লতর্জতাভাজন। লেখকের-জীবিতকালে-অপ্রকাশিত কবিতার নির্বাচনে শ্রীঅলোকরঞ্জন দাশগুপ্ত ও শ্রীকানাই সামস্কের পরামর্শ ও মৃদ্রণকর্মে শ্রীস্থবিমল লাহিড়ীর সমত্ম সহকারিতা বিশেষভাবে শ্রন্থোগ্য।

প্রথম ছত্ত্রের সূচী

অদর্শনে প্রেম যায়, অতি দরশনে	>>8
অষ্টাদশ বৰ্ষ দেশে আছ পত্ৰলেখা	٩
আকাশ ছেয়েছে মেঘে	<u> ১৩৬</u>
আকাশের মাটি-লেপা ঘরে	۵ ۰ ۶
আজি সবি জেলো নাকো বিজুলির বাতি	৬০
অ।জি সহসাবর্যাএল বিমানচারী	592
আজিও জানিনে আমি হেথায় কি চাই	₹@
আমার বুকের কুপে একি ভোলপাভ	9,9
আমার দনেট নাকি নিরেট স্থন্দরী	৬৮
আশা ছিল একদিন আমি হেসে হেসে	9 9
উদার সাধার-মাঝে বিহাতের মত	> >
উব। আসে অচল শিয়বে	> 0 9
এ ব্ঝি আষাঢ় মাস	۹۶
এ যুগে কঠিন কবিতা লেখা	৫ ዓ
এক হয় বদে থাকো, নয় যাও দূরে	33%
একদিন একা বসি, শিরে রাখি কর	৩৩
একনঙ্গে কিছুদিন গেছে বেশ কাটি	\ 0 @
এসেছে নৃতন দিন, ধরি যোগীবেশ	≥ 9
কখনো অন্তরে মোর গভীর বিরাগ	૭ ૨
কখনো যাব না আমি পঞ্চাশোধের বনে	252
কত দিন কত দেশে কত শত ভোৱে	§७
কত-না করেছি আমি তোমায় আদর	९२
কবিতা আমার জানি, যেমন শঙ্কুর	60
কবিতা লিখেছি শথে, হয়েছে কম্বর	, ৬৩

প্রথম ছত্তের স্ফী

কবিতার আছে কিছু রকমসকম	৬৭
কারো প্রিয়া স্থললিত দারিগান গেয়ে	80
কে জানে কাহার বিখ— দৃশ্য চমৎকার	२१
কে বলে পৃথিবী এবে হয়েছে প্রাচীন	> %
থুলে ষদি দেখ' মোর হৃদয়-ফলক	9৮
গড়নে গহন⊹ বটে, রঙেতে সবৃ ত	59
গোলাপ, গোলাপ, শুধু গোলাপের রাশি	২৩
ঘরকলা নিয়ে ব্যস্ত মানব-সমাজ	28
ছেলেবেলা একদিন প্রতিমা-ভাসান	৩৭
জান স্থি কেন ভালোবাসি	>>>
জাপানে চা-পান ব্ৰত শিক্ষা দিল চীন	৬২
জলস্ত অঙ্গার, চোর! তোর প্রতি শ্লোক	¢
নুলে আছ গিরিপল্লী আকাশের গায়	>>>
তব দেহ্শ্লিষ্ট গুরু বসন কাষায়	774
তব হক্তে যত্ত করে ভ্রমরগুঞ্জন	৭৩
তুমি নও রয়াবলী, কিম্বা মালবিকা	৬
তুমি নহ রক্তৰণ অথবা পলাশ	در د
তুমি নহ খামা তন্ত্ৰী বৃন্দাবন-পাশে	\$
তোমাদের চড়া কথা শুনে .	>>0
তোমার নামেতে সবে মিছে কথা বলে	c c
চ্নিয়া, বিজ্ঞানে বলে, শুধু কারখানা	505
দেখেছি তোমায় কোনো মাধবী পার্বণে	8 9
দেখো দ্ধি আঁধারের পানে	22.
দেখো সথি দিবা চলে যায়	22.
নটাবেশে তুমি এস, রাগিণী বাহার	ও৮
নয়ন-গোলাপ তব কবিতে উজ্জ্ল	82

প্রথম ছত্তের স্ফী

নীচেতে চলেছে জল আঁকিয়া বাঁকিয়া	92
পড়িতেছে আৰু শুধূ লুটিয়ে লুটিয়ে	9.8
পত্রপুটে এলে কোথা বনবাসী ফুল	<i>હ</i> લ
পদধ্লি দেহ মোরে, মহাকবি ভাস	२
পরের লেগার এরা করে আলোচনা	৬৯
পেত্রার্কা-চরণে ধরি করি ছন্দোবন্ধ	>
প্রকৃতিরই অংশে গড়া আমাদের মন	ર.હ
প্রতিমা গড়েছি আমি প্রাণপণ ক'বে	8 9
প্রবাদে চলিয়ে গিয়েছে রবি	১৩২
প্রাণহীন কবিদের বীণার ঝংকার	28
প্রিয় কবি হতে চাও, লেখো ভালোবাসা	8৮
প্রেমের ত্-চার কবিতা লিখেছি	> •
বড সাধ ছিল তব, করে ধরি বীণ	25
বরফ ঢাকিয়া ছিল ধরণীর বুক	8¢
বরষা এসেচ্ছে আজ সেজে বাজিকর	৬8
বরবা নিশাস ফেলে করেছে মেত্র	৬৫
বলি তবে কেন চলে যাই	>>>
বলি শুন বন্ধুবর, ঘুণ্-ধরা বাঁশে ভর	৮৭
বসস্থ এনেছে সঙ্গে পাঁচরঙা ফুল	63
বসন্তের আগমনে আন্ধো আছে দেরি	96
বাংলার যত নব যুবা কবিবঁধু	77
বাদশা ছিলেন এক পরম থেয়ালী	> 8
বিগাঢ়যৌবনা তন্ত্ৰী, আকারে বালিকা	৬৩
বিজ্ঞান রচেছে নব বিশ্ব-ব্যাকরণ	र ह
বিদঘুটে মিল দিলে মোর করপুটে	১৩৩
বিলাতের গেছে সে একদিন	. 69

প্রথম ছত্রের স্ফা

বিশের সবাই মোরা পাঠকপাঠিকা	৬০
ভালো আমি নাহি বাদি নামজাদা ফুল	२२
'ভালো তোমা বাসি' যখন বলি	46
ভালো তোমা বাসিবারে নাহিকো সাহ্স	°.¢
ভালো তোমা বেশেছিন্ন, মিচে কথা নয়	৩৪
মুখন্তে প্ৰথম কভূ হইনি কেলাদে	50
মেঘেরা গিয়েছে ভেদে দূর দ্বীপাস্তর	25.2
যথনি চেয়েছি আমি, পরি বীরসজ্জা	5.9
যতই দিই না আমি হাসিতে উড়িয়ে	ં ૯
ষবে থেকে তুমি ঢুকেছ নিজের বাটী	১৩৪
ষোগী তুমি, ভোগী তুমি, তুমি রাজকবি	8
রচেছি অপূর্ব বস্তু করে৷ অভিনয়	১৩৯
রজতগিরিতে হেরি তব গুল্রকায়া	३ ৮
রাত্রি-হাতে সঁপে দেয় দিবা যবে সন্ধ্যা	5 .
রূপে গন্ধে মানি তৃমি জগতে অতৃল	52
ললিত লবঙ্গলতা ত্লার পবনে	3
লোকে বলে আঁকা ছেলে ছোট কালীবাৰু	১১২
লোকে বলে আছে তব কিঞ্ছিং ক্ষ্যাপামি	(b
শক্তি নিয়ে মান্ত্ষের নিত্য পাড়াপাডি	52 2
শাজাহাঁর শুভকীর্ভি, অটল স্বন্দর	ь
শীতেতে বিবর্ণা দিবা বিশীর্ণা দরিস্রা	229
শুনাৰ নৃতন ছন্দে মম ইতিহাস	৮৩
সতৃষ্ণ রসনা মেলি মনের পাবক	8 •
সভ্য কথা বলি, আমি ভালো নাহি বাসি	> 4
সন্ধ্যার ছায়ায় লীন, মলিন পূরবী	ত হ
শভ্যতার প্রিয়শক্র, বার্নার্গ	\$0

প্রথম ছত্ত্রের স্ফ

সিন্ধু নহে শাস্ত দাস্ত তব্ধ অহংকারে	200
স্থু গন্ধ, গুপু বৰ্ণ ডোমার, করবি	:6
স্থার স্থ্য জানি আমি আর তুমি	د ه
ম্পলোকে আছে মোর স্বৰ্ণপুরী লক্ষা	۶۶
স্বয়ংবরে বরিয়াছ তুমি বৈশানরে	> 0.5
হাসি যদি কোনোদিন চিরত্বংখ ভূলে	200
হে সাগর! হে অর্ণব! জলধি মহান	250

সংশোধন

পৃষ্ঠা	অণ্ডন্ধ	19:45
¢	মশালেতে	মশানেতে
> 1	ফৃলের	ফুলের
549	সনেট-পঞ্চাশৎতের	পঞ্চাশতের
344	Rihlyme	Rhyme

